$\therefore (x-4)(x+3) = 0$
অর্থাৎ $(x-4) = 0$ এবং $(x+3) = 0$
$\therefore x = 4$ $\therefore x = -3$

64. Which of the following spelling correct?

a) Awetism b) Auotism
c) Autism d) Auestim **ans. C**

Solution: Autism – শিশুদের কঠিন মানসিক পীড়াবিশেষ। এই পীড়ায় আক্রান্ত শিশুরা অস্বাভাবিকভাবে নিজের মধ্যে গুটিয়ে থাকে।

65. Find the correct sentence:

a) We write by ink.
b) We write in ink.
c) We write with ink.
d) We write to ink. **ans. B**

66. 'সার্বভৌম' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) ষ্ণ + সর্বভূমি b) সর্বভূমি + ষ্ণ
c) সার্বভৌম + ম d) সার্ব + ভৌম **ans. B**

67. I spent ____ with the patient.

a) sometimes b) sometime
c) some times d) some time **ans. D**

Solution: আমি রোগীর সাথে কিছু সময় কাটিয়ে ছিলাম। এই কিছু সময় বুঝতে অপশন *d)* এর Some time হবে।

Sometimes	Sometime	Some time
কখনো কখনো; মাঝে মাঝে	কোন এক সময়ে, প্রাক্তন	কিছু সময়

বাক্যের অর্থঃ রোগীর সাথে আমি কিছু সময় কাটিয়ে ছিলাম।

68. কোনটি পুঁজি সংগ্রহের উৎস?

a) ব্যাংক ঋণ b) শেয়ার ইস্যু
c) ঋণপত্র ইস্যু d) বন্ধকী ঋণ **ans. B**

69. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড এ পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কী পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে?

a) ৩০ লিটার b) ৪০ লিটার
c) ৫০ লিটার d) ৬০ লিটার **ans. B**

Solution: ৩০ লিটার মিশ্রণে এসিড আছে $= \left(৩০ \text{ এর } \frac{৭}{১০}\right) = ২১$ লিটর

$\therefore$ ৩০ লিটার মিশ্রণে পানি আছে $= ৩০ - ২১ = ৯$ লিটর
ধরি, অনুপাত ৩ ঃ ৭ করতে x লিটার পানি মেশাতে হবে।

প্রশ্নমতে, $\frac{২১}{৯ + x} = \frac{৩}{৭}$

$\Rightarrow ২৭ + ৩x = ২১ \times ৭ = ১৪৭$
$\Rightarrow ৩x = ১৪৭ - ২৭ = ১২০$
$\therefore x = \frac{১২০}{৩} = ৪০$

70. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?

a) নাফ নদীতে b) যমুনা নদীতে
c) সন্দ্বীপ চ্যানেলে d) বঙ্গোপসাগর **ans. D**

Solution: সোয়াচ অব নো গ্রাউন্ড (Swatch of No Ground) খাদ আকৃতির সামুদ্রিক অববাহিকা বা গিরিখাত, যা বঙ্গোপসাগরের মহীসোপানকে কৌণিকভাবে অতিক্রম করেছে। বাংলাদেশের বঙ্গোপসাগরের একটি সংরক্ষিত স্থান হলো সোয়াচ অব নো গ্রাউন্ড। এর অর্থ হলো, যার কোনো তল নেই। এটি গঙ্গা-ব্রহ্মপুত্র বদ্বীপের পশ্চিমে অবস্থিত। গঙ্গা খাদ নামেও এটি পরিচিত।

Recent Publication

কৃষি বিপণন অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ২৭.০১.২০২৪; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০০

01. **'মেট্রোরেল' সম্পর্কে লিখুন।**

Solution: মেট্রোরেল মূলত একটি দ্রুত পরিবহণ ব্যবস্থা যা বিশ্বের অনেক বড় শহরে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। ঢাকা মেট্রোপলিটন এলাকায় গণপরিবহণের জন্য 'ঢাকা মেট্রোরেল' হলো 'জাইকা'-এর অর্থায়নে একটি সরকারি প্রকল্প। প্রকল্পটি রাষ্ট্রায়ত্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) পরিচালনা করেছে। ২৮ ডিসেম্বর, ২০২২ সালে এমআরটি লাইন-৬-এর দিয়াবাড়ি থেকে আগারগাঁও অংশ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্বোধনের মাধ্যমে ঢাকায় মেট্রোরেল আংশিক চালু হয়। ২৯ ডিসেম্বর, ২০২২ থেকে জনসাধারণের চলাচলের জন্য এটি খুলে দেওয়া হয়। মেট্রোরেলের কারণে, ট্রানজিট ব্যবস্থা বাড়বে এবং স্টেশনগুলোর আশপাশে অসংখ্য ব্যক্তিগতভাবে পরিচালিত ব্যবসা গড়ে উঠবে। তদ্ব্যতীত, উন্নত পরিবহণ পরিকাঠামোর কারণে, নতুন সংস্থাগুলো বিকাশের সুযোগ পাবে, অন্যদিকে বর্তমান ব্যবসাগুলো উপকৃত হবে। সামগ্রিকভাবে, স্টেশন এবং রুটের কাছাকাছি স্থাপন করা এ ব্যবসাগুলো দেশের জিডিপিতে যথেষ্ট অবদান রাখবে। পিক আওয়ারে বাস না পাওয়া, অতিরিক্ত ভিড়, অল্প ব্যবধান, বাস কর্মচারীদের দুর্ব্যবহার ইত্যাদি কারণে ঢাকা শহরের মানুষ চরম দুর্ভোগে পড়ে। ট্যাক্সি এবং সিএনজি ছিল বাসের বিকল্প। কিন্তু অতিরিক্ত ভাড়া, 'মিটার ভাড়া' ব্যবহার না করার প্রবণতা, যাতায়াতের অনুরোধ কমে যাওয়া, সিএনজিতে ছিনতাই ও মলম পার্টির উৎপাত এবং চালকদের দুর্ব্যবহার জনগণের জন্য সীমাহীন দুর্ভোগ সৃষ্টি করে। ঢাকাবাসীর যাতায়াতের একটি সুবিধাজনক মাধ্যম হবে মেট্রোরেল। কারণ এটি প্রচুর যাত্রী বহন ক্ষমতাসহ একটি শীতাতপ নিয়ন্ত্রিত পরিবহণ সুবিধা প্রদান করবে, এটি প্রতি ঘণ্টায় প্রায় ৬০,০০০ যাত্রী বহন করবে এবং প্রতি ৪ মিনিটে প্রতিটি স্টেশনে একটি ট্রেন যাতায়াত করবে। তা ছাড়া, বিদ্যমান গণপরিবহণ ব্যবহারে নারীরা প্রায়ই হয়রানির সম্মুখীন হন। এর মধ্যে রয়েছে পিক টাইমে দীর্ঘ অপেক্ষার সময়, শারীরিক বা মৌখিক হয়রানি, আসনের স্বল্পতা, নিরাপদে বাসে উঠা বা নামা এবং উপযুক্ত পরিবহন খোঁজা। এসব কারণে নারীরা বিদ্যমান পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেম ব্যবহারে অনীহা প্রকাশ করছে। সুতরাং, তারা মেট্রোরেলে ভ্রমণে আরও আগ্রহী হবে। ফলে কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বাড়বে। মেট্রোরেল আমাদের দেশের জনসংখ্যাকে প্রযুক্তিগত অগ্রগতির একটি নতুন যুগে আবদ্ধ করবে। উন্নত দেশগুলোয় মেট্রোরেল এবং অন্যান্য পাবলিক ট্রান্সপোর্টেশন মাধ্যমগুলোকে একত্রিত করে একটি উন্নত রুট সিস্টেম তৈরি করা হয়েছে যাতে মানুষ শুধু একটি পেমেন্ট কার্ডের মাধ্যমে তাদের গন্তব্যে ভ্রমণ করতে পারে। বাংলাদেশে এরই মধ্যে মেট্রোরেলে ব্যবস্থা তৈরি করা হয়েছে। সিস্টেমটি ধীরে ধীরে সব ধরনের পাবলিক ট্রান্সপোর্টে প্রসারিত করা যেতে পারে। এটি দেশের পরিবহন ব্যবস্থায় ডিজিটালাইজেশন আনার পাশাপাশি ধীরে ধীরে নগদবিহীন অর্থনীতির দিকে এগিয়ে যেতে সাহায্য করবে। কাজেই, এ কথা নির্দ্বিধায় বলা যেতে পারে, মেট্রোরেল সেই স্বপ্নের প্রকল্প যে প্রকল্প ঢাকা শহরকে বর্তমান অবস্থা থেকে আধুনিক কসমোপলিটনে রূপান্তর করবে। বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে, ভবিষ্যতে উন্নত বিশ্বে পদার্পণ সময়ের ব্যাপার মাত্র। ধারাবাহিক উন্নয়ন অব্যাহত থাকলে সে সময় বেশি দূরেও নয়। সেই সোনালি ভবিষ্যতের উন্নত মহানগর ঢাকার অপরিহার্য অনুষঙ্গ মেট্রোরেল আজ বাস্তব।

02. **সন্ধি বিচ্ছেদ করুন:**

a) নিশ্চয় = নিঃ + চয়। b) অন্যান্য = = অন্য + অন্য।

03. **অর্থসহ বাক্য রচনা করুন:**

a) বুদ্ধির ঢেঁকি (নির্বোধ)ঃ করিম যা বুদ্ধির ঢেঁকি, ওর ওপর নির্ভর করা যায় না।

b) বালির বাঁধ (ক্ষণস্থায়ী)ঃ বড়লোকের দয়ার উপর ভরসা করা যায় না- সে তো বালির বাঁধ।

04. **এক কথায় প্রকাশ করুন:**

a) জানবার ইচ্ছা = জিজ্ঞাসা।

b) সমুদ্রের ঢেউ = ঊর্মি।

05. **বিপরীতার্থক শব্দ লিখুন:**

a) বন্ধুর = মসৃণ। b) নশ্বর = অবিনশ্বর

06. **শুদ্ধ বানান লিখুন:**

a) ইতোপূর্বে = ইতঃপূর্বে।

b) নূন্যতম = ন্যূনতম।

07. **প্রশ্নের উত্তর লিখুন:**

a) 'Captive Ladie' গ্রন্থটির রচয়িতা কে? → মাইকেল মধুসূদন দত্ত।

b) 'গাজী মিয়ার বস্তানী' গ্রন্থের রচয়িতা কে? → মীর মশাররফ হোসেন।

c) 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের রচয়িতা কে? → বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।

d) কাজী নজরুল ইসলাম রচিত ১টি উপন্যাসের নাম লিখুন। → বাঁধনহারা।

e) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কি? → চর্যাপদ।

Recent Publication

08. **Write a paragraph on "Environment Pollution".**

Solution: Pollution is the presence of unwanted items in the environment. The state of the environment is altered when it has become contaminated with potentially dangerous compounds as a result of human activity. Water, air, and land are the natural areas most affected by pollution. Here are a few sample essays on environmental pollution. When it comes to protecting the environment, education is key. As more and more people become aware of the causes, types, and impacts of environmental pollution, they are more likely to take steps to prevent it. Air pollution is created as a result of burning fossil fuels, such as coal, oil, and natural gas. Water pollution results from industrial activities, such as the dumping of chemicals into rivers and lakes, as well as from agricultural runoff. Land pollution is caused by the misuse of land and improper disposal of waste. The causes of environmental pollution are numerous and varied. Some of the main culprits are industrial activities, burning of fossil fuels, use of pesticides, and deforestation.

Environmental pollution is the contamination of the environment through the emissions of pollutants including harmful gases, chemicals, and particulate matter. It is caused by human activities such as burning of fossil fuels, deforestation, and industrial pollution. These activities have caused global warming, acid rain, and water and air pollution, leading to global environmental degradation.

There are different types of environmental pollution. The most common type is air pollution, which is caused by burning of fuels and other industrial activities. Water pollution is another common type caused by sewage and industrial waste. Soil pollution is caused by overuse of pesticides and other chemicals. Noise pollution is caused by traffic, construction activities, and industrial noise. Light pollution is caused by the emission of artificial light.

The impact of environmental pollution is far-reaching and devastating. Air pollution can lead to respiratory diseases, while water pollution can contaminate drinking water and cause health issues. Land pollution can cause soil erosion and destruction of natural habitats. In addition, it can lead to the destruction of ecosystems, which in turn leads to a decrease in biodiversity.

To prevent environmental pollution, we must reduce our emissions of pollutants. We can do this by switching to renewable energy sources like solar, wind, and hydroelectric power. We should reduce our reliance on fossil fuels and use more efficient transportation methods. We should also reduce our emissions of harmful industrial chemicals and practise sustainable agriculture. Additionally, we should increase public awareness of environmental pollution and its impacts, and promote eco-friendly lifestyles.www.prebd.com

By understanding the causes and effects of environmental pollution, we can work towards preventing it and ensuring a cleaner, healthier environment for all. Education is essential in this regard, as it helps us to become more conscious and informed citizens. It helps us understand the importance of protecting and preserving the environment and make us more responsible citizens.

The world is facing an ever-growing threat from pollution, which if left unchecked will have catastrophic consequences. Education and taking conscious action can play a key role in helping to reduce environmental pollution.

09. **Fill in the blanks:**

a) My book is different ___ yours. → (from) **বাক্যের অর্থঃ** আমার বাইটি তোমার বই থেকে আলাদা।

b) The jar was full ____ oil. → (of) **বাক্যের অর্থঃ** পাত্রটি তেল দ্বারা পরিপূর্ণ ছিল।

c) They are leaving ___ Bangladesh. → (from) **বাক্যের অর্থঃ** তারা বাংলাদেশ ত্যাগ করছে।

d) The house is opposite ____ ours. → (to) **বাক্যের অর্থঃ** বাড়িটি আমাদের বাড়ির বিপরীতে।

e) Translate the passage ____ English. → (into) **বাক্যের অর্থঃ** অনুচ্ছেদটি ইংরেজিতে অনুবাদ করুন।

10. **Translate into English:**

a) ইচ্ছা থাকলে উপায় হয়। → Where0 there is a will there is a way.

b) আয় বুঝে ব্যয় কর। → Cut your coat according to your cloth.

c) এখন বৃষ্টি পড়ছে। → Now it is raining.

d) ছেলেটি এত দুর্বল যে হাটতে পারে না। → The boy is so weak that he cannot walk./ The boy is too weak to walk.

e) বদ অভ্যাস ত্যাগ কর। → Give up your bad habit.

11. **Change the voice:**

a) He bought a book. → A book was bought by him

b) Open the door. → Let the door be opened.

c) The rose smell sweet. → The rose is sweet when it is smelt. www.prebd.com

d) I know him. → He is known to me.

e) He was eating an apple. → An apple was being eaten by him.

12. **দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার অংকদ্বয়ের সমষ্টি ৯, সংখ্যাটির সহিত ৯ যোগ করলে অংকদ্বয় স্থান পরিবর্তন করে। সংখ্যাটি নির্ণয় করুন।**

Solution: ধরি, একক স্থানীয় অঙ্কটি x

দশক স্থানীয় অঙ্কটি y

$\therefore$ সংখ্যাটি $= ১০y + x$

প্রশ্নমতে, $x + y = ৯$ ..... (i)

এবং $১০y + x + ৯ = ১০x + y$..... (ii)

(ii) নং হতে পাই,

$১০y + x + ৯ = ১০x + y$

$\Rightarrow ১০y - y = ১০x - x - ৯$

$\Rightarrow ৯y = ৯(x - ১)$

$\therefore y = x - ১$ [৯ দ্বারা ভাগ করে]

$\therefore y = x - ১$ ..... (iii)

y এর মান (i) নং সমীকরণে বসাই

$x + y = ৯$

$\Rightarrow x + x - ১ = ৯$

$\Rightarrow ২x = ১০$

$\therefore x = \frac{১০}{২} = ৫$

x এর মান (iii) নং সমীকরণে বসাই

$\therefore y = ৫ - ১ = ৪$

অতএব, নির্ণেয় সংখ্যাটি $= ১০y + x$

$= (১০ \times ৪) + ৫ = ৪৫$

13. **একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২৪ মিটার এবং প্রস্থ ১০ মিটার। ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ ৬% বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল শতকরা কত বাড়বে?**

Solution: আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২৪ মিটার এবং প্রস্থ ১০ মিটার।

$\therefore$ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= ২৪ \times ১০ = ২৪০$ বর্গমিটার।

এখন, ৬% বৃদ্ধিতে নতুন দৈর্ঘ্য $= ২৪ + ২৪$ এর ৬% $= ২৪ + ১.৪৪ = ২৫.৪৪$ মিটার।

এখন, ৬% বৃদ্ধিতে নতুন প্রস্থ $= ১০ + ১০$ এর ৬% $= ১০ + ০.৬ = ১০.৬$ মিটার।

$\therefore$ ৬% বৃদ্ধিতে নতুন ক্ষেত্রফল $= ২৫.৪৪ \times ১০.৬ = ২৬৯.৬৬৪$ বর্গ মিটার

$\therefore$ ক্ষেত্রফল শতকরা বাড়ে $= \left(\frac{২৬৯.৬৬৪ - ২৪০}{২৪০} \times ১০০\right)\%$

$= ১২.৩৬\%$

14. **সাধারণ জ্ঞান:**

a) যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট এর নাম কি? → যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন।

b) বাংলাদেশের সবচেয়ে বড় গ্রামের নাম কি? → বানিয়াচং বাংলাদেশের সবচেয়ে বড় গ্রাম।

c) টেকনাফ কোন নদীর তীরে অবস্থিত? → নাফ নদীর তীরে অবস্থিত টেকনাফ। এটি কক্সবাজার জেলার একটি উপজেলা।

d) বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কি? → শেখ মুজিবুর রহমান।

e) কান্তজীর মন্দির কোন জেলায় অবস্থিত? → দিনাজপুর জেলায়।

f) বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি? → বাংলাদেশের একমাত্র পাহাড়-বিশিষ্ট বৃহত্তম দ্বীপ মহেশখালি।

g) মিয়ানমারের রাজধানীর নাম কি? → মিয়ানমারের রাজধানীর নাম নেপিডো।

h) জার্মানি মুদ্রার নাম কি? → জার্মানির মুদ্রার নাম ইউরো।

i) বাংলাদেশের সবচেয়ে বড় জেলার নাম কি? → আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা হলো রাঙামাটি (৬১১৬.১১ বর্গ কিলোমিটার বা ২৩৬১ বর্গ মাইল।

j) FBI এর পূর্ণরূপ কি? → Federal Bureau of Investigation

Recent Publication

বাংলাদেশ কৃষি বিপণন অধিদপ্তর

অগ্রদূত Confirm Job ডাইজেস্ট
থেকে ১০০% কমন।

পদের নাম: অফিস সহায়ক

সময়: ৭০ মিনিট | পরীক্ষার তারিখ: ২৭.০১.২০২৪ | পূর্ণমান: ৭০

১. 'মেট্রোরেল' সম্পর্কে লিখুন। ০৫

২. সন্ধি বিচ্ছেদ করুন: ০২

ক. নিশ্চয় = নিঃ+চয়

খ. অন্যান্য = অন্য+অন্য

৩. অর্থসহ বাক্য রচনা করুন: ০২

ক. **বুদ্ধির ঢেঁকি** (নিরেট মূর্খ): প্রকাশনায় কাজ করতে হলে চালাক-চতুর লোকের প্রয়োজন, বুদ্ধির ঢেঁকির দ্বারা এ কাজ সম্ভব নয়।

খ. **বালির বাঁধ** (ভঙ্গুর/ ক্ষণস্থায়ী): বড়র পিরীতি বালির বাঁধ ক্ষণেকে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ।

৪. এক কথায় প্রকাশ করুন: ০২

ক. জানবার ইচ্ছা- জিজ্ঞাসা

খ. সমুদ্রের ঢেউ- কল্লোল

৫. বিপরীত শব্দ লিখুন: ০২

ক. বন্ধুর- মসৃণ

খ. নশ্বর- অবিনশ্বর

৬. শুদ্ধ বানান লিখুন: ০২

ক. ইতোপূর্বে- ইতঃপূর্বে

খ. নূন্যতম- ন্যূনতম

৭. প্রশ্নের উত্তর লিখুন: ০৫

ক. 'Captive Ladie' গ্রন্থটির রচয়িতা কে?

উ. মাইকেল মধুসূদন দত্ত।

খ. 'গাজী মিয়াঁর বস্তানী' গ্রন্থের রচয়িতা কে?

উ. মীর মশাররফ হোসেন।

গ. 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

উ. রবীন্দ্রনাথ ঠাকুর।

ঘ. কাজী নজরুল ইসলাম রচিত ১টি উপন্যাসের নাম লিখুন।

উ. বাঁধনহারা।

ঙ. বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী?

উ. চর্যাপদ

৮. Write a paragraph on 'Environment Pollution' ০৫

৯. Fill in the blanks: ০৫

ক. My book is different ... yours.

উ. from

খ. The jar was full ... oil.

উ. of

গ. They are leaving ... Bangladesh.

উ. from

ঘ. The house is opposite ... ours.

উ. to

ঙ. Translate this passage ... English.

উ. into

১০. Translate into English: ০৫

ক. ইচ্ছা থাকলে উপায় হয়।

উ. Where there is a will there is a way.

খ. আয় বুঝে ব্যয় কর।

উ. Cut your coat according to your cloth.

গ. এখন বৃষ্টি পড়ছে।

উ. It is raining now.

ঘ. ছেলেটি এত দুর্বল যে হাটতে পারে না।

উ. The boy is too weak to walk.

ঙ. বদ অভ্যাস ত্যাগ কর।

উ. Give up your bad habits.

১১. Change the voice: ০৫

ক. He bought a book.

উ. A book was bought by him.

খ. Open the door.

উ. Let the door be opened.

গ. The rose smells sweet.

উ. The rose is sweet when it is smelt.

ঘ. I know him. www.prebd.com

উ. He is known to me.

ঙ. He was eating an apple.

উ. An apple was being eaten by him.

১২. দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার অংকদ্বয়ের সমষ্টি ৯, সংখ্যাটির সহিত ৯ যোগ করলে অংকদ্বয় স্থান পরিবর্তন করে। সংখ্যাটি নির্ণয় করুন। ০৫

সমাধান: মনেকরি,

সংখ্যাটির একক স্থানীয় মান $= x$

$\therefore$ " দশক " " $= (৯ - x)$

$\therefore$ সংখ্যাটি $= ১০(৯ - x) + x$

প্রশ্নমতে, $১০(৯ - x) + x + ৯ = ১০x + (৯ - x)$

$\Rightarrow ৯০ - ১০x + x + ৯ = ১০x + ৯ - x$

$\Rightarrow -১০x + x - ১০x + x = ৯ - ৯০ - ৯$

$\Rightarrow -১৮x = -৯০$

$\Rightarrow x = ৫$

$\therefore$ সংখ্যাটি $= ১০(৯ - ৫) + ৫$

$= ১০.৪ + ৫$

$= ৪০ + ৫$

$= ৪৫$

১৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২৪ মিটার এবং প্রস্থ ১০ মিটার। ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ ৬% করে বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল শতকরা কত বাড়বে? ০৫

সমাধান: দেওয়া আছে,

আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য $= ২৪$ মি.

এবং " প্রস্থ $= ১০$ মি.

$\therefore$ " ক্ষেত্রফল $= ২৪ \times ১০ = ২৪০$ বর্গ মি.

এখন,

৬% বৃদ্ধিতে দৈর্ঘ্য $= ২৪ + ২৪$ এর ৬%

$= ২৪ + (২৪ \times \frac{৬}{১০০})$

$= ২৪ + ১.৪৪$

$= ২৫.৪৪$ মি.

এবং ৬% বৃদ্ধিতে প্রস্থ $= ১০ + ১০$ এর ৬%

$= ১০ + (১০ \times \frac{৬}{১০০})$

$= ১০ + ০.৬$

$= ১০.৬$ মি.

$\therefore$ ক্ষেত্রফল $= ২৫.৪৪ \times ১০.৬$

$= ২৬৯.৬৬৪$ বর্গ মি.

বৃদ্ধি প্রাপ্ত ক্ষেত্রফল $= ২৬৯.৬৬৪ - ২৪০$

$= ২৯.৬৬৪$ বর্গ মি.

তাহলে, ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি $= \frac{২৯.৬৬৪}{২৪০} \times ১০০\%$

$= ১২.৩৬\%$

১৪.সাধারণ জ্ঞান: ২০

ক. যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট এর নাম কী?

উ. জো বাইডেন

খ. বাংলাদেশের সবচেয়ে বড় গ্রামের নাম কী?

উ. হবিগঞ্জ জেলার বানিয়াচং

গ. টেকনাফ কোন নদীর তীরে অবস্থিত?

উ. নাফ নদীর তীরে

ঘ. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী?

উ. শেখ মুজিবুর রহমান

ঙ. কান্তজীর মন্দির কোন জেলায় অবস্থিত?

উ. দিনাজপুর

চ. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?

উ. মহেশখালী

ছ. মিয়ানমারের রাজধানীর নাম কী?

উ. নাইপিদো

জ. জার্মানির মুদ্রার নাম কী?

উ. ইউরো

ঝ. বাংলাদেশের সবচেয়ে বড় জেলার নাম কী?

উ. রাঙামাটি

ঞ. FBI-এর পূর্ণরূপ কী?

উ. FBI- Federal Bureau of Investigation.

জুলাই, ২০২৩ থেকে জানুয়ারি, ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিত সকল চাকরির লিখিত পরীক্ষায় আসা প্রশ্নের নির্ভুল সমাধান সম্বলিত 'অগ্রদূত রিসেন্ট লিখিত জব সলুশন' বইটি লাইব্রেরিতে পাওয়া যাচ্ছে।

বস্ত্র অধিদপ্তর

পদের নামঃ অফিস সহায়ক

তারিখঃ ২৭.০১.২০২৪; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

01. **সন্ধি বিচ্ছেদ করুন:**

a) স্বল্প = সু + অল্প।

b) দিগন্ত = দিক্ + অন্ত।

c) সঞ্চয় = সম্ + চয়।

d) আশীর্বাদ = আশীঃ + বাদ।

e) শুভেচ্ছা = শুভ + ইচ্ছা।

02. **অর্থসহ বাক্য রচনা করুন:**

a) গড্ডলিকা প্রবাহ (অন্ধ অনুকরণ)ঃ গড্ডলিকা প্রবাহে যারা গা ভাসিয়ে দেয়, আমি তাদের দলে নেই।

b) নয়-ছয় (অপচয়)ঃ নয়ছয় কারীকে কেউ পছন্দ করে না।

c) গুড়ে বালি (আশায় নৈরাশ্য)ঃ সরকারি চাকরি পাওয়াটা আমার জন্য গুড়ে বালি নয়।

d) টইটম্বুর (ভরপুর)ঃ জোয়ারের পানিতে নদীটি প্রায় টইটম্বুর।

e) লেফাফা দুরস্ত (বাইরে পরিপাটি)ঃ ভেতরে যাই থাকুক না কেন, সে আচরণে বেশ লেফাফা দুরস্ত।

03. **এক কথায় প্রকাশ করুন:**

a) একই সময়ে = সমসাময়িক।

b) যার উপমা নেই = নিরুপম।

c) জয়ের জন্য যে উৎসব = জয়োৎসব।

d) দমন করা যায় না যাকে = অদম্য।

e) ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা।

04. **'স্মার্ট বাংলাদেশ' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন।**

Solution: স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি প্রতিশ্রুতি ও স্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ সালে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০০ উদযাপন উগলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠনে সর্বপ্রথম স্মার্ট বাংলাদেশ গড়ার কথা বলেন।

স্মার্ট বাংলাদেশের ভিত্তিঃ স্মার্ট বাংলাদেশ গড়ার ভিত্তি চারটি। এগুলো হচ্ছে

স্মার্ট সিটিজেনঃ সকল নাগরিককে তথ্যর যোগাযোগ প্রযুক্তিগত বিষয়ে পারদর্শী করে তোলাই স্মার্ট বাংলাদেশের প্রধান লক্ষ্য। ক্যাশলেস পদ্ধতির মাধ্যমে অর্থনৈতিক লেনদেন করা হবে। গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীকেও ক্যাশলেস অর্থনীতির অন্তর্ভুক্ত করা হবে। চতুর্থ শিল্প বিপ্লবের সুফল পেতে এবং স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য স্মার্ট সিটিজেন এর বিশেষ প্রয়োজন রয়েছে।

স্মার্ট ইকোনমিঃ রাষ্ট্রের সকল নাগরিকের আয় ও ব্যয়ের স্বচ্ছতা থাকবে। প্রত্যেক ব্যক্তির সম্পত্তির তথ্য সরকারের নিকট থাকবে। জনগনকে নির্ধারিত হারে সরকারকে রাজস্ব দিতে হবে। স্মার্ট ইকোনমি প্রতিষ্ঠিত হলে ট্যাক্স ফাঁকি সহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের অনিয়মগুলো চিরতরে বন্ধ হয়ে যাবে।

স্মার্ট গভর্নেন্সঃ স্মার্ট গভর্নেস বলতে স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক সরকার ব্যবস্থাকে বোঝায়। সরকার এবং নাগরিকের মাঝে সেতুবন্ধন তৈরির জন্য স্মার্ট গভর্নেস প্রয়োজন। স্মার্ট গভর্নেস প্রতিষ্ঠিত হলে বাজেট এবং বিভিন্ন সরকারি প্রকল্পের সঠিক বাস্তবায়ন হবে।

স্মার্ট সোসাইটিঃ যে সমাজে মানুষ তাদের দৈনন্দিন জীবনাচরন প্রযুক্তির ওপর নির্ভর করেই পার করতে সক্ষম হবে এবং তারা তাতেই অভ্যস্ত হবে সেটা হবে স্মার্ট সোসাইটি। স্মার্ট সোসাইটি প্রতিষ্ঠার জন্য গবেষণার প্রতি সরকারের বিশেষ নজর দেয়া প্রয়োজন।

টাস্ক ফোর্স গঠনঃ বাংলাদেশ সরকার স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ৩০ সদস্য বিশিষ্ট স্মার্ট বাংলাদেশ টাস্ক ফোর্স গঠন করেছে। এই টাস্কফোর্সের চেয়ারপারসন হলেন প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বাকি ২৯ জন সদস্য।

টাস্ক ফোর্সের কার্যাবলীঃ

১. অগ্রসরমান তথ্য - প্রযুক্তি বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান।

২. শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আর্থিক খাতের কার্যক্রমকে স্মার্ট পদ্ধতিতে রূপান্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান।

৩. স্মার্ট এবং সর্বত্র বিরাজমান সরকার গড়ে তোলার লক্ষ্যে অর্থনৈতিক, সামাজিক, বাণিজ্যিক ও বৈজ্ঞানিক পরিমণ্ডলে তথ্য - প্রযুক্তি বিষয়ক বিধি বিধান প্রণয়নে দিক নির্দেশনা প্রদান ইত্যাদি।

প্রথম স্মার্ট উপজেলাঃ দেশের প্রথম স্মার্ট উপজেলা হচ্ছে মাদারীপুর জেলার শিবচর। ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে মাদারীপুরের শিবচরকে দেশের প্রথম স্মার্ট উপজেলা হিসেবে উদ্বোধন করা হয়েছে।

প্রতিবন্ধকতাসমুহঃ

→ বাংলাদেশের শিক্ষিত তরুন প্রজন্মের অধিকাংশই বেকার।

* কারিগরী জ্ঞানে দক্ষ মানবসম্পদের অভাব।
* তথ্য - প্রযুক্তির অপব্যবহারের মাধ্যমে তরুনদের অনেকেই অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে।
* তথ্য - প্রযুক্তির বিভিন্ন ডিভাইসের উচ্চ মূল্যের কারনে নিম্নবিত্তরা তা ক্রয় করতে পারছেনা।
* ইন্টারনেটের ধীরগতি।

Recent Publication

→ সঠিক দিক নির্দেশনা ও প্রশিক্ষনের অভাব।

স্মার্ট বাংলাদেশ বিনির্মানে করণীয়ঃ

১. শিক্ষা, স্বাস্থ্য, বাক - স্বাধীনতা, গণতন্ত্র, আইনের শাসন, স্বাধীন বিচার ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

২. প্রযুক্তি ব্যবহার করে কৃষি ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন আনতে হবে।

৩. ফ্রিল্যান্সিং, নিজস্ব ব্যবসায় - বাণিজ্যে প্রযুক্তির যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতকরনে প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৪. তথ্য - প্রযুক্তির বিভিন্ন ডিভাইসের সহজলভ্যতা ও ইন্টারনেটের গতি বৃদ্ধি করতে হবে।

৫. মেধা পাচার রোধে ব্যবস্থা নিতে হবে।

৬. কারিগরী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষার ব্যাপক প্রসার ঘটাতে হবে।

৭. তথ্য ও প্রযুক্তি খাতে বিশেষজ্ঞদের কাজের সুযোগ তৈরি করতে হবে।

৮. আর্থিক খাতে ডিজিটালাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

05. **অর্থসহ বাক্য রচনা করুন:**

a) Call of (বাতিল করা): If this rain continues, we shall call off the game.

b) Once in a while (মাঝে মাঝে): We still see each other every once in a while.

c) Part and parcel (অবিচ্ছেদ্য অংশ)ঃ Keeping the accounts is part and parcel of my job

06. **শূন্যস্থান পূরণ করুন:www.prebd.com**

a) Noun form of the word 'Simple' is ___. → Simplification.

b) He is ___ FRCS. (an) বাক্যের অর্থঃ সে একজন এফআরসিএস ডিগ্রিধারী।

c) Curd is made ___ milk. (from) বাক্যের অর্থঃ দুধ থেকে দই হয়।

d) He was accused ___ theft. (of) বাক্যের অর্থঃ সে চুরির দায়ে অভিযুক্ত।

07. **Translate into English**

a) সে সাঁতার কাটতে পারে না = He can not know how to swim.

b) মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান। = The freedom fighters are the best children of the nation.

c) দুইয়ে দুইয়ে চার হয়। → Two and Two makes Four.

d) নাচতে না জানলে উঠান বাঁকা। → A bad workman quarrels with his tools.

e) আমার মনে পড়ছে না। → I can not remember it.

08. **Write an application to the Assistant Director for three days casual leave.**

Solution:

27 January, 2024
Assistant Director
Dhaka Bank Limited
Kalabagan Branch, Dhaka-1000

Subject: Application for three days casual leave.

Sir,
I have the honor to invite your kind attention to the fact that I am a probationary officer of IBBL in your branch. Suddenly my mother has been seriously ill and has been hospitalized in Sirajgonj Sadar Hospital. So I need two days casual leave to go to Sirajgonj and take care of my ailing mother.

May I therefore, pray and hope that you would be kind enough to grant my application and oblige thereby.

Yours Faithfully

Md. Mahtab Hossain
Trainee Officer
Dhaka Bank Ltd., Kalabagan Branch
Dhaka.

09. **যদি ডালের মূল্য ১২.৫% বৃদ্ধি পায়, তবে ডালের ব্যবহার শতকরা কত কমালে ডাল বাবদ কোন খরচ বৃদ্ধি পাবে না?**

Solution: ডালের মূল্য ১২.৫% বাড়লে বর্তমান খরচ
= ১০০ + ১২.৫ = ১১২.৫ টাকা
এখন, ১১২.৫ টাকায় ব্যবহার কমাতে হবে = ১২.৫ টাকা

∴ ১০০ টাকায় ব্যবহার কমাতে হবে $= \frac{১২.৫ \times ১০০}{১১২.৫}$

$= ১১.১১\%$

উত্তরঃ ডালের ব্যবহার কমাতে হবে ১১.১১%

Recent Publication

10. **একজন মাছ বিক্রেতা প্রতি হালি ইলিশ মাছ ১৬০০ টাকায় ক্রয় করে, প্রতিটি মাছ ৩৫০ টাকায় বিক্রয় করলে তার শতকরা কত লাভ বা ক্ষতি হবে?**

Solution: ৪টি মাছের বিক্রয়মূল্য $= ৪ \times ৩৫০ = ১,৪০০$

$\therefore$ ক্ষতি হয় $= ১,৬০০ - ১,৪০০ = ২০০$ টাকা

$\therefore$ শতকরা ক্ষতি হয় $= \left(\frac{২০০}{১৬০০} \times ১০০\right) = ১২\frac{১}{২}\ \%$

11. **একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ ঃ ৪ ঃ ৫, কোণ তিনটি ডিগ্রীতে প্রকাশ করুন?**

Solution: আমরা জানি, www.prebd.com

ত্রিভুজের তিনকোণের সমষ্টি $= ১৮০^\circ$

এখন, অনুপাতের রাশিগুলোর যোগফল

$= ৩ + ৪ + ৫ = ১২$

$\therefore$ কোণগুলো ১৮০ এর $\frac{৩}{১২} = ৪৫$; ১৮০ এর $\frac{৪}{১২} = ৬০$ এবং ১৮০ এর $\frac{৫}{১২} = ৭৫$।

সঠিক উত্তর: $৪৫^\circ, ৬০^\circ, ৭৫^\circ$।


12. **একটি গাছের পাদদেশ থেকে ৭৫ মিটার ভূতলস্থ কোনো বিন্দুতে গাছের শীর্ষের উন্নতি ৩০° হলে গাছের উচ্চতা কত?**

Solution: ধরি, গাছটির উচ্চতা $AB = h$.

এবং এর পাদদেশ হতে $BC = ৭৫$ মিটার দূরে

C বিন্দুতে A বিন্দুর উন্নতি কোণ $\angle ACB = ৩০^\circ$

এখন, ΔABC সমকোণী



$\therefore \tan \angle ACB = \frac{AB}{BC}$

$\Rightarrow \tan ৩০^\circ = \frac{h}{৭৫}$

$\Rightarrow \frac{১}{\sqrt{৩}} = \frac{h}{৭৫}$

$\therefore h = \frac{৭৫}{\sqrt{৩}} = \frac{\sqrt{৩} \times \sqrt{৩} \times ২৫}{\sqrt{৩}} = ২৫\sqrt{৩}$ মিটার

13. **সাধারণ জ্ঞান:**

a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালের কত তারিখে জন্ম গ্রহণ করেন? → ১৭ই মার্চ ১৯২০ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেন।

b) বাংলাদেশের সাথে সীমান্ত রয়েছে এমন দুইটি দেশের নাম লিখুন। → ভারত ও মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত রয়েছে।

c) MRT এর পূর্ণরূপ লিখুন। → Mass Rapid Transit

d) 'জাতীয় বস্ত্র দিবস' কোন তারিখে পালিত হয়? → ৪ ডিসেম্বর।

e) বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে? → বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার পটুয়া কামরুল হাসান।

f) বিশ্ব বাণিজ্য সংস্থার সদর দপ্তর কোন দেশের কোথায় অবস্থিত? → বিশ্ব বাণিজ্য সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত।

g) বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দানকারী দেশ কোনটি? → ভুটান বাংলাদেশকে সর্বপ্রথম স্বীকৃতি প্রদান করে।

h) পদ্মা সেতুর দৈর্ঘ্য কত? → পদ্মা সেতুর মোট দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার এবং প্রস্থ ১৮.১০ মিটার। মোট পিলার ৪২টি এবং স্প্যান ৪১টি।

i) ইউরোপীয় ইউনিয়নের একক মুদ্রার নাম কী? → ইউরোপীয় ইউনিয়নভূক্ত দেশসমূহের একক মুদ্রার নাম 'ইউরো'। রবার্ট মুন্ডেল এই মুদ্রার জনক। EU ভূক্ত ১৯টি দেশে ১ জানুয়ারি ১৯৯৯ থেকে এই মুদ্রা চালু হয়।

k) বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ কোন সেক্টরে যুদ্ধ করেছিলেন? → ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ ৮ নম্বর সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধ করেন।

Recent Publication

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি

পদের নামঃ সাব- স্টেশন অ্যাটেনডেন্ট

তারিখঃ ২৭.০১.২০২৪; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

01. **SCADA meaning**

a) Supervisory Compliance and Data Acquisition

b) Supreme Control and Data acquisition

c) Supervisory Compliance and Data Access

d) Supervisory Control and Data Acquisition **ans. D**

02. **ইলেকট্রিক্যাল লোড কি ধরণের হয়?**

a) Resistive b) Inductive

c) Capacitive d) All of above **ans. D**

03. **ট্রান্সফরমারের ক্ষমতা কোন এককে প্রকাশ করা হয়?**

a) KW b) MW

c) MVAR d) MVA

04. **ইলেকট্রিক্যাল বাল্ব এর ফিলামেন্ট কি দিয়ে তৈরি করা হয়?**

a) আয়রণ b) কার্বন

c) টাংস্টেন d) লেড **ans. C**

Solution: ইলেকট্রিক বাল্ব এর ফিলামেন্ট টাংস্টেন ধাতু ব্যবহার করা হয়। কারণ টাংস্টেন উচ্চ তাপমাত্রায়ও সহজে জারিত হয় না। টাংস্টেন ধাতুর রোধাঙ্ক খুব বেশি, তাই ধাতুটির গলনাঙ্কও খুব বেশি। টাংস্টেন উচ্চ তাপমাত্রায়ও না গলে কঠিন অবস্থায় থাকে। এছাড়া এই ধাতু দ্বারা খুব সরু এবং সমান প্রস্থচ্ছেদবিশিষ্ট তার তৈরি করা যায়। ফলে টাংস্টেনের তৈরি ফিলামেন্টের রোধ খুব বেশি হয়। তড়িৎপ্রবাহ বেশি হলে ফিলামেন্টটিতে প্রচুর তাপ উৎপন্ন হয়। ফিলামেন্টটি উজ্জ্বল আলো বিকীর্ণ করে। সাধারণ বৈদ্যুতিক বাল্ব ১.৫ ভোল্ট থেকে ১,০০০ ভোল্টের হয়ে থাকে। সাধারণ বৈদ্যুতিক বাল্ব ব্যবহৃত শক্তির মাত্র ৫% আলোতে রূপান্তরিত করতে পারে, এজন্য এই বাল্বের চাহিদা দিন দিন হ্রাস পাচ্ছে

05. **কোন পানিতে অক্সিজেন এর পরিমাণ বেশি?**

a) নদী b) সমুদ্র

c) লেক d) বিল **ans. A**

Solution: নদীর পানিতে অক্সিজেনের পরিমাণ বেশি। আর পানির লবণাক্ততা বৃদ্ধি পেলে অক্সিজেন দ্রবীভূত হওয়ার হার কমে যায়।

06. **রোদে কোন ভিটামিন আছে?**

a) ভিটামিন ডি b) ভিটামিন এ

c) ভিটামিন ডি এবং এ d) ভিটামিন সি **ans. A**

Solution: মানবদেহের জন্য প্রয়োজনীয় ভিটামিন ডি ৭০ থেকে ৮০ ভাগ পাওয়া যায় সূর্যকিরণ থেকে। তাছাড়া দুধ, ডিম, কলিজা, মাছ, মাশরুম প্রভৃতিতে ভিটামিন ডি পাওয়া যায়। ভিটামিন ডি এর অভাবে শিশুদের রিকেট্স এবং বয়স্কদের অস্টিওসেলাসিয়া রোগ হতে পারে।

07. **ওজন স্তর বায়ুমন্ডলের কোন স্তরে অবস্থিত?**

a) ট্রপোমন্ডল b) স্ট্রাটোমন্ডল

c) মেসোমন্ডল d) তাপমন্ডল **ans. B**

Solution: বায়ুমণ্ডলের স্ট্রাটোমণ্ডলে (Stratosphere) ওজন (O_3) স্তর অবস্থিত। স্ট্রাটোমণ্ডল বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তর যা ওপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। স্ট্রাটোমণ্ডল এবং মেসোমণ্ডলের মধ্যবর্তী অঞ্চলে তাপমাত্রার স্থিতাবস্থাকে স্ট্রাটোবিরতি (Stratopause) বলে।

08. **কোনটি ভারী পানি?**

a) H_2O b) H_2SO_4

c) NH_4 d) D_2O **ans. D**

09. **Firewall কি Protection দেওয়ার জন্য ব্যবহৃত হয়?**

a) Fire attack

b) virus attack

c) Unauthorized access

d) Data- driven attack **ans. C**

Solution: অনাদিষ্ট (Unauthorized) বা অবাঞ্ছিত ব্যবহারকারীর (Intruder) হাত হতে সিস্টেম রক্ষা করা বা সাইবার আক্রমণ এড়াতে Firewall ব্যবহার করা হয়। Firewall কে বিশেষ কিছু বৈশিষ্ট্য সম্পন্ন একটি সিস্টেম হিসেবে গণ্য করা হয় যার সাহায্যে ব্যবহারকারীকে সংরক্ষিত কোন নেটওয়ার্কে প্রবেশ করার অনুমতি প্রদান করা কিংবা বাধা প্রদান করা হয়। বর্তমানে বিভিন্ন ধরনের Firewall আছে যা বিভিন্ন লেভেলে নিরাপত্তা প্রদান করে থাকে। তাদের মধ্যে Simple Traffic Logging System, IP Packet Screening Routers, Hardened Firewall Host, Proxy Application Gateways উল্লেখযোগ্য।

10. **Power Factor কি দিয়ে প্রকাশ করা হয়?**

a) $\cos\theta$ b) $\sin\theta$

c) $\tan\theta$ d) $\text{Sec}\theta$ **ans. A**

Recent Publication

11. **NLDC meaning-**

a) National Load Dispatch
b) National Local Dispatch Centre
c) New Load Dispatch Centre
d) National Load Distribution Centre***ans.* B**

12. **বাসাবাড়িতে কোন লেভেলের ভোল্টেজ ব্যবহৃত হয়?**

a) ২২০ ভোল্ট b) ১১০০০ ভোল্ট
c) ৩৩০০০ ভোল্ট d) ১১০ ভোল্ট ***ans.* A**

13. **কোনটি তড়িৎ পরিমাপের জন্য ব্যবহৃত হয়?**

a) Power Transformer
b) Potential Transformer
c) Current Transformer
d) Distribution Transformer(***ans.* B**

14. **g এর মান-**

a) পৃথিবী পৃষ্ঠে বেশি b) পৃথিবীর কেন্দ্রে শূন্য
c) উভয়টি d) কোনটিই নয় ***ans.* C**

15. **কেপলারের তৃতীয় সূত্রের নাম কোনটি?**

a) কক্ষপথের সূত্র b) ক্ষেত্রফলের সূত্র
c) পর্যায় কালের সূত্র d) হারমোনির সূত্র ***ans.* C**

16. **কোন অবস্থায় অনুসমূহের মধ্যে আন্তঃআণবিক আকর্ষণ বল সর্বনিম্ন হয়**

a) তরল b) প্লাজমা
c) বায়বীয় d) কঠিন ***ans.* C**

17. **পৃথিবীর বিভব কত ধরা হয়?**

a) ১০০ ভোল্ট b) ১০ ভোল্ট
c) ১ মেগাভোল্ট d) ০ ভোল্ট ***ans.* D**

18. **কম জায়গায় বেশি তড়িৎ সঞ্চয়ের জন্য নিচের কোন ধারকটি ব্যবহৃত হয়?**

a) অম্ল ধারক b) সিরামিক ধারক
c) পরিবর্তনশীল ধারক d) ইলেকট্রোলাইট ধারক***ans.* D**

19. **বাহ্যিক তড়িৎ ক্ষেত্রের প্রভাবে যে সকল মাধ্যমের প্রতিটি পরমাণু এক একটি তড়িৎ**

a) ডাই ইলেকট্রিক b) সেমি কন্ডাক্টর
c) পরিবাহী d) অপরিবাহী ***ans.* A**

20. **একটি ক্যাপাসিটর কাজ করে-**

a) AC সার্কিটে b) DC সার্কিটে
c) উভয়টি d) কোনটিই নয় ***ans.* A**

21. **নিচের কোন টি চার্জ প্রবাহের ধার পরিমাপের একক?**

a) কুলম্ব b) অ্যাম্পিয়ার
c) ভোল্ট d) সিমেন্স ***ans.* B**

22. **নিচের কোন যন্ত্রের সাহায্যে একটি কোষের তড়িৎচালক শক্তি নির্ণয় করা হয়**

a) অ্যামিটার b) গ্যালভানোমিটার
c) ওহম মিটার d) পোটেনশিওমিটার***ans.* D**

23. **রোধ কোন বিষয়ের উপর নির্ভর করে না?**

a) উযপাদান b) প্রশ্বচ্ছেদের ক্ষেত্রফল
c) তড়িৎ প্রবাহ d) দৈর্ঘ্য ***ans.* C**

24. **দুইটি তারের দৈর্ঘ্যের অনুপাত ১ : ২, যদি একটির আপেক্ষিক রোধ ৯ ওহম মিটার হয় তবে অন্যটির কত?**

a) ০.৫ ওহম মিটার b) ১ ওহম মিটার
c) ২ ওহম মিটার d) ৪ ওহম মিটার

25. **কোনটি জলবায়ুর উপাদান নয়?**

a) উষ্ণতা b) আদ্রতা
c) সমুদ্র স্রোত d) বায়ু প্রবাহ ***ans.* C**

26. **বায়ুমন্ডলের যে স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়?**

a) স্ট্রাটোস্ফিয়ার b) আয়নোস্ফিয়ার
c) ওজনস্তর d) ট্রপোস্ফিয়ার ***ans.* B**

27. **স্টিফেন হকিং একজন** www.prebd.com

a) দার্শনিক b) পদার্থবিদ
c) রসায়নবিদ d) কবি ***ans.* B**

Solution: স্টিফেন হকিং একজন বৃটিশ তাত্ত্বিক পদার্থ বিজ্ঞানী ও লেখক। সাধারণ আপেক্ষিকতার অবকাঠামোর আওতার অভিকর্ষজ অনন্যতা (Gravitational Singularity) সূত্রসমূহ এবং বাকহোল থেকে আলো নিঃসরিত হয়- এই তাত্ত্বিক ভবিষ্যদ্বাণীর উপর তিনি কাজ করেন। এই আলোক-রশ্মি গুলোকে প্রায়ই হকিং এর আলোক-রশ্মি বলা হয়।

28. **প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো-**

a) নাইট্রোজেন গ্যাস b) হাইড্রোজেন গ্যাস
c) মিথেন গ্যাস d) কার্বন মনোক্সাইড***ans.* C**

Solution: প্রাকৃতিক গ্যাসের উপাদানগুলো হলোঃ মিথেন ৮০%–৯০%, ইথেন ১৩%, প্রোপেন ৩%। এছাড়া বিউটেন, ইথিলিন ও নাইট্রোজেনও কিছু পরিমাণ থাকে।

29. **কম্পিউটারের মেমোরি তৈরি করা হয় কি দিয়ে?**

a) সিলিকন b) অ্যালুমিনিয়াম
c) কম্বোডিয়াম d) ইন্টিগ্রেটেড চিপ ***ans.* A**

Solution: কম্পিউটারের মেমোরিগুলো সাধারণত অর্ধপরিবাহী পদার্থ দিয়ে তৈরি করা হয়। সিলিকন ও জার্মেনিয়াম হল অর্ধপরিবাহী পদার্থ। তাই মেমোরি তৈরিতে সিলিকন ব্যবহার করা হয়।

30. **PH হলো-**

a) এসিড নির্দেশক
b) এসিড ও ক্ষার নির্দেশক
c) ক্ষার নির্দেশক
d) এসিড ক্ষার ও নিরপেক্ষ নির্দেশক ***ans.* D**

Recent Publication

Solution: কোন দ্রবণের হাইড্রোজেন আয়নের ঘনত্বের ঋণাত্মক লগারিদমকে ঐ দ্রবণের p^H বলা হয়। p^H এর মান অনুযায়ী বস্তু অম্লীয় বা ক্ষারীয় হবে তা নির্ধারিত হয়। p^H এর মান ৭ হলে তাকে নিরপেক্ষ দ্রবণ বা প্রশমন দ্রবণ বলা হয়। বিশুদ্ধ পানির p^H হল ৭. p^H এর মান ৭ এর কম হলে অম্লীয় দ্রবণ এবং ৭ এর বেশি হলে দ্রবণ ক্ষারীয় হয়। মানুষ রক্তের p^H এর মান ৭.৪। মানুষের রক্ত ঈষৎ ক্ষারীয়।

31. **পরমাণুর নিউক্লিয়াসে কি কি থাকে?**

a) নিউট্রন ও প্রোটন b) ইলেকট্রন ও প্রোটন
c) নিউট্রন ও পজিট্রন d) ইলেকট্রন ও পজিট্রন

ans. A

Solution: পরমাণুর অভ্যন্তরে থাকে নিউক্লিয়াস। নিউক্লিয়াসের ভেতরে থাকে প্রোটন ও নিউট্রন। প্রোটন ধনাত্মক চার্জ বহন করে, নিউট্রন চার্জহীন। স্বাভাবিক অবস্থায় যে কোন পরমাণুর ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান। নিউক্লিয়াসের প্রোটনের সংখ্যা হলো মৌলিক পদার্থটির পরিচয়পত্র।

32. **$3^x + 3^x + 3^x = ?$**

a) $9x$ b) $27x^3$
c) 3^{x+1} d) $3x^3$ **ans. C**

Solution: $3^x + 3^x + 3^x = 3^x\,(1 + 1 + 1)$
$= 3^x \times 3^1 = 3^{1+x} = 3^{x+1}$

Shortcut: রাশিটিতে 3^x আছে মোট 3 টি।
তাই $3^x + 3^x + 3^x$
$= 3 \times 3^x = 3^1 \times 3^x = 3^{1+x} = 3^{x+1}$

33. **How many rotations with the hour hand of a clock complete in 72 hours.** www.prebd.com

a) 6 b) 9
c) 3 d) 12 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 72 ঘণ্টায় একটি ঘড়ির ঘণ্টার কাঁটা কতবার পূর্ণচক্র সম্পন্ন করে?
এটি সমাধান করার সময় এনালগ দেয়াল ঘড়ির কথা কল্পনা করুন। সেখানে মোট 12 ঘণ্টা থাকে। তাই
12 ঘণ্টায় ঘুরে = 1বার

$\therefore$ 72 ঘণ্টায় ঘুরে $= \dfrac{1 \times 72}{12} = 6$ বার

34. **$a - \{a - (a + 1)\}$ = কত?**

a) $a - 1$ b) 1
c) a d) $a + 1$ **ans. D**

Solution: দেয়া আছে, $a - \{a - (a + 1)\} = a - \{a - a - 1\}$
$a - \{-1\} = a + 1$

35. **ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত ডিগ্রী**

a) ২৭০ ডিগ্রী b) ৩৬০ ডিগ্রী
c) ১২০ ডিগ্রী d) ১৮০ ডিগ্রী **ans. D**

Solution: ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°। আর চতুর্ভুজের চার কোণের সমষ্টি ৩৬০°।

36. **দুটি সংখ্যার গুণফল ৩,৩৮০ এবং গ.সা.গু ১৩। সংখ্যা দুটির ল.সা.গু কত ?**

a) ২৬০ b) ৭৮০
c) ১৩০ d) ৪৯০ **ans. A**

Solution: আমরা জানি,
দুটির গুণফল = তাদের ল.সা.গু. × গ.সা.গু
$\Rightarrow$ ৩,৩৮০ = ল.সা.গু. × ১৩ [মান বসিয়ে]
$\Rightarrow$ ল.সা.গু. × ১৩ = ৩৩৮০ $= \dfrac{৩৩৮০}{১৩} = ২৬০$

Intelligent Solution:
ল.সা.গু. $= \dfrac{\text{গুণফল}}{\text{গ.সা.গু.}} = \dfrac{৩৩৮০}{১৩} = ২৬০$

37. **একটি পঞ্চভুজের সমষ্টি-**

a) ৫ সমকোণ b) ৮ সমকোণ
c) ৬ সমকোণ d) ১০ সমাকোণ **ans. C**

Solution: এক্ষেত্রে কোণের সমষ্টি = $১৮০°(n - ২)$
এখানে, $n = ৫$ কারণ পঞ্চভুজ।
$\therefore$ নির্ণেয় সমষ্টি = $১৮০°(n - ২) = ১৮০°(৫ - ২)$
$= ১৮০° \times ৩ = ৯০° \times ৬ = ৬$ সমকোণ।

38. **মানুষের ক্রোমোজোমের সংখ্যা কত?**

a) ১৫ জোড়া b) ২৬ জোড়া
c) ২৩ জোড়া d) ১৫ জোড়া **ans. C**

Solution: মানব দেহের কোষে ২৩ জোড়া বা ৪৬টি ক্রোমোজোম থাকে। এর মধ্যে ১ জোড়া থাকে সেক্স ক্রোমোজোম এবং বাকি ২২ জোড়া থাকে অটোজোম।

39. **১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ---- ধারার ১০ম পদটি কত?**

a) ২৪ b) ৩৪
c) ৪৮ d) ৫৫ **ans. D**

Solution: ধারাটি নিম্নোক্তভাবে এগিয়েছে
৩য় পদ = ১ + ১ = ২; ৪র্থ পদ = ১ + ২ = ৩
৫ম পদ = ২ + ৩ = ৫; ৬ষ্ঠ পদ = ৩ + ৫ = ৮
৭ম পদ = ৫ + ৮ = ১৩; ৮ম পদ = ৮ + ১৩ = ২১
৯ম পদ = ১৩ + ২১ = ৩৪
১০ম পদ = ২১ + ৩৪ = ৫৫

40. **নিচের কোনটি $\log_4 64$ এর সঠিক মান?**

a) ৮ b) ৬
c) ৩ d) ২ **ans. C**

Solution: দেয়া আছে, $\log_4 64 = \log_4 4^3 = 3 \log_4 4$
$= 3 \times 1 = 3$

Recent Publication

41. শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল এর নকশাকার কে?

a) নাথানিয়েল ডানহাম b) রোহানি বাহারিন
c) মোবশ্বের চৌধুরী d) লুই আই কান ***ans.* B**

Solution: শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল এর নকশাকার রোহানি বাহারিন। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নির্মাণ কাজ উদ্বোধন করা হয় ৩০ ডিসেম্বর, ২০১৯ সালে। আর এই টার্মিনাল উদ্বোধন করা হয় ৭ অক্টোবর ২০২৩ সালে। তবে যাত্রীরা টার্মিনাল ব্যবহার করতে পারবেন ২০২৪ সালের শেষের দিক থেকে। উল্লেখ্য,

নির্মাণকাজঃ	জাপানের মিৎসুবিশি ও ফুজিচা এবং কোরিয়ার স্যামসাংয়ের অ্যাভিয়েশন ঢাকা কনসোর্টিয়াম (এডিসি) এই টার্মিনালের নির্মাণকাজ করছে।
নকশাকারঃ	রোহানি বাহারিন (সিঙ্গাপুর)।
অর্থায়নঃ	বাংলাদেশ সরকার এবং জাপানের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা)।
ই-গেটঃ	১৫টি; চেক-ইন কাউন্টার ১৭৭টি।
আয়তনঃ	২ লাখ ৩০ হাজার বর্গমিটার।
বোর্ডিং ব্রিজঃ	২৬টি।
বিমান পার্কিংঃ	৩৭টি; গাড়ি পার্কিং ১,০৪৪টি।
বহির্গমন ডেস্কঃ	৬৪টি; আগমনী ডেস্ক ৬৪টি।

42. বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কোনটি?

a) পায়রা b) ঘোড়াশাল
c) রূপপুর d) বড়পুকুরিয়া ***ans.* A**

Solution: দেশের সবচেয়ে বড় বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত টুয়াখালীর পায়রা বিদ্যুৎকেন্দ্র। পায়রায় ৩,৬০০ মেগাওয়াট ক্ষমতার বিদ্যুৎকেন্দ্র।

43. মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে বিশ্বের কোন দেশটি সহায়তা করছে?

a) চীন b) ভারত
c) জাপান d) দক্ষিণ কোরিয়া ***ans.* C**

Solution:

মাতারবাড়ী বিদ্যুৎ প্রকল্প	
পরিচিতি	সরকারের অগ্রাধিকারভুক্ত (ফাস্ট ট্র্যাক) কয়লা ভিত্তিক বিদ্যুৎ প্রকল্প
প্রকল্পের নাম	মাতারবাড়ি আলটপ্রাসুপার ক্রিটিক্যাল কোল- ফায়ার্ড পাওয়ার প্রোজেক্ট
অবস্থান	রামপাল উপজেলা, বাগেরহাট
সহায়তায়	জাইকা, নিপ্পন এক্সপোর্ট, সুমিটোমা (জাপানি প্রতিষ্ঠান)
প্রকল্প ব্যয়	৩৬ হাজার কোটি টাকা
উৎপাদন ক্ষমতা	১২০০ মেগাওয়াট

44. রামপাল বিদ্যুৎ কেন্দ্রটি কোন জেলায় অবস্থিত?

a) বাগেরহাট b) সাতক্ষীরা
c) খুলনা d) যশোর ***ans.* A**

Solution: রামপাল বিদ্যুৎ প্রকল্প বাংলাদেশের বাগেরহাট জেলার রামপালে অবস্থিত একটি প্রস্তাবিত কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র। রামপালে ভারতের ন্যাশনাল থারমাল পাওয়ার কোম্পানির সঙ্গে যৌথভাবে বাংলাদেশের রাষ্ট্রীয় সংস্থা বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড (BPDB), ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রকল্প হাতে নিয়েছে।

45. HFO অর্থ কী?www.prebd.com

a) Hard Fuel Oil b) Heavy Fuel Oil
c) High Fuel Oil d) Higher Fuel Oil***ans.* B**

46. বাংলাদেশ কোন দেশ থেকে সবচেয়ে বেশি কয়লা আমদানি করে?

a) চীন b) ইন্দোনেশিয়া
c) অস্ট্রেলিয়া d) ভারত ***ans.* B**

Solution: পায়রা বিদ্যুৎ কেন্দ্রে কয়লা আমদানি করা হয় ইন্দোনেশিয়া থেকে। প্রতিদিন ১,৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে ১১ থেকে ১২ হাজার টনের বেশি কয়লা প্রয়োজন হয় এই কেন্দ্রে।

47. কোনটি নবায়নযোগ্য জ্বালানীর উৎস?

a) কয়লা b) LNG
c) সমুদ্রের ঢেউ d) HSD ***ans.* C**

Solution: যেসব শক্তির উৎস অফুরন্ত এবং বারবার ব্যবহার করা যায় তাদেরকে নবায়নযোগ্য শক্তির উৎস বলা হয়। সূর্য, পানি, বায়ু, পারমাণবিক শক্তি, সমুদ্রের ঢেউ ইত্যাদি হলো নবায়নযোগ্য শক্তির উৎসের উদাহরণ।

48. সম্প্রতি বিদ্যুৎ বিভাগকে কোন পুরস্কারে ভূষিত করা হয়?

a) স্বাধীনতা পুরস্কার
b) একুশে পদক
c) জুলিও কুরি শান্তি পুরস্কার
d) চ্যাম্পিয়ন অব দ্য আর্থ ***ans.* A**

49. 'মুজিব একটি জাতির রূপকার' চলচ্চিত্রটির পরিচালক কে?

a) অতুল ফিওয়ারি b) মোস্তফা সরোয়ার ফারুকী
c) শ্যাম বেনেগাল d) দয়াল নিহালানি ***ans.* C**

Solution: ভারতের খ্যাতিমান পরিচালক শ্যাম বেনেগাল নির্মাণ করেন 'মুজিব: একটি জাতির রূপকার'। সিনেমাটিতে সহযোগী পরিচালক হিসেবে কাজ করছেন দয়াল নিহালানি। চিত্রনাট্য লিখেছেন অতুল তিওয়ারি ও শামা জায়েদি। শিল্প নির্দেশনার দায়িত্বে রয়েছেন নীতিশ রায়। কস্টিউম ডিরেক্টর হিসেবে আছেন শ্যাম বেনেগালের মেয়ে পিয়া বেনেগাল।

Recent Publication

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে বেশ কিছু চলচ্চিত্র নির্মাণ করা হয়েছে। এসব চলচ্চিত্রে বঙ্গবন্ধুর জীবন ও কর্মময় দিক তুলে ধরা হয়েছে। এরই মধ্যে কিছু চলচ্চিত্র মুক্তিও পেয়েছে। এগুলো হলোঃ

টুঙ্গিপাড়ার মিয়া ভাই	শাপলা মিডিয়ার প্রযোজনায় বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত এই ছবি।
৫৭০	১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকদের হাতে সপরিবারে খুন হন বঙ্গবন্ধু। রূপালি পর্দায় সেই দিনটার ঘটনা তুলে ধরা হয়েছে এই সিনেমায়।
টুঙ্গিপাড়ার দুঃসাহসী খোকা	বঙ্গবন্ধুর ছেলেবেলা নিয়ে নির্মিত এই ছবি। সরকারি অনুদানে চলচ্চিত্রটি নির্মাণ করেছেন মুশফিকুর রহমান গুলজার।
চিরঞ্জীব মুজিব	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত চলচ্চিত্র এটি। সিনামাটি পরিচালনা করেন নজরুল ইসলাম। ভাষা আন্দোলনের পটভূমিতে নির্মিত ছবিটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের ১৯৪৯-৫২ সালের মধ্যকার ঘটনাপ্রবাহ উঠে এসেছে।
মুজিব আমার পিতা	প্রধানমন্ত্রী শেখ হাসিনার লেখা বই 'শেখ মুজিব আমার পিতা' অবলম্বনে তৈরি হয়েছে পূর্ণদৈর্ঘ্য দ্বিমাত্রিক (টু-ডি) অ্যানিমেশন 'মুজিব আমার পিতা' চলচ্চিত্রটি।
আগস্ট ১৯৭৫	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের হত্যাকাণ্ডের পরের দিন বাংলাদেশের রাজনৈতিক পালাবদলে ঘটে যাওয়া বিভিন্ন ঘটনার ভিত্তিতে নির্মিত হয়েছে চলচ্চিত্রটি।
রেডিও	৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ বাঙালি জাতি শুনতে পেয়েছিল রেডিওর মাধ্যমে। সেই ভাষণকে কেন্দ্র করে প্রত্যন্ত গ্রামে জেগে উঠেছিল একদল মুক্তিপাগল জনতা, যা পরবর্তী সময়ে সূচিত করে স্বাধীনতা ভিত্তি। এ রকম একটি গল্প নিয়েই সাজানো হয় চলচ্চিত্রটি।
মাইক	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসকি ৭ মার্চের ভাষণকে কেন্দ্র করে বাংলাদেশ সরকারের অনুদানে নির্মিত শিশুতোষ চলচ্চিত্রটি।

50. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল- কোন নদীর নিচে নির্মাণ করা হয়েছে?

a) মাতামুহুরী b) নাফ
c) সাঙ্গু d) কর্ণফুলী ***ans.* D**

Solution: চীনের বাণিজ্য নগরী সাংহাইয়ের 'ওয়ান সিটি টু টাউন'র আদলে গড়ে তোলা হচ্ছে কর্ণফুলী টানেল বা বঙ্গবন্ধু টানেল। উল্লেখ্য, কর্ণফুলী টানেলের দৈর্ঘ্য ৩.৪০ কিলোমিটার। চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত হচ্ছে দেশের প্রথম বঙ্গবন্ধু টানেল। এই টানেলটি উদ্বোধন করা হয় ২৪ ফেব্রুয়ারি ২০১৯ সালে।

51. Which one is correct word?

a) commission b) comission
c) commision d) comision ***ans.* A**

Solution: Commission অর্থ অন্যকে ক্ষমতা অর্পণ।

52. He is very good ___ making stories.

a) in b) by
c) on d) at ***ans.* D**

Solution: Good at একটি Group verb যার অর্থ হচ্ছে কোন বিষয়ে পারদর্শী বা দক্ষ।
বাক্যের অর্থঃ সে গল্প রচনায় ওস্তাদ/ পারদর্শী।

53. In black and white means-

a) Truly b) In writing
c) Falsely d) In color ***ans.* B**

Solution: In black and white অর্থ লিখিতভাবে, In writing অর্থ লিখিতভাবে।

54. He has fallen victim _____ plane crash.

a) from b) to
c) by d) of ***ans.* B**

Solution: Fall victim to something = কেউ কোন কিছুর (নেতিবাচক) শিকার হওয়া।
বাক্যের অর্থ: সে বিমান দুর্ঘটনার শিকার হয়েছে।

55. It came ____ his head to appear for the examination. www.prebd.com

a) for b) on
c) into d) with ***ans.* C**

Solution: এখানে, Come into someone's head অর্থ কারো মাথায় কোনো কিছুর উদয় হওয়া।
বাক্যের অর্থঃ পরীক্ষায় অবতীর্ণ হওয়ার চিন্তা তার মাথায় এসেছিল।

56. The antonym of "Climax" is -

a) Nadir b) Peak
c) Apex d) Zenith ***ans.* A**

Solution: Climax – কাহিনী, নাটক ইত্যাদি গুরুত্ব-ক্রমের শেষ ধাপ। Nadir – নিম্ন বা দুর্বলতম বিন্দু; অধোবিন্দু। Peak – সরু চূড়া; শিখর; সর্বোচ্চ বিন্দু। Zenith – খ্যাতি/ সৌভাগ্যের সর্বোচ্চ বিন্দু।

57. The plural of "Spectrum" is -

a) Spectra b) Spikes
c) Spectrums d) Species ***ans.* A**

Solution: Spectrum – বর্ণচ্ছটা; বর্ণালি সমূহ। Spike – তীক্ষ্ণ; সুঁচালো আগা বা মুখ। Spectra – বর্ণালি। Species – প্রজাতি।

58. Feminine gender of fox is-

a) foxes b) Foxen
c) Vixen d) vixer ***ans.* C**

Solution: Fox এর Feminine gender হচ্ছে Vixen (খেঁক শিয়াল)।

Recent Publication

59. 'The Merchant of Venice' is written by-

a) George Bernard Shaw
b) William Shakespeare
c) Shelley
d) John Milton **ans. B**

Solution: The Merchant of venice হলো Shakespeare এর একটি বিখ্যাত কমেডি নাটক। এই নাটকে এন্টোনিও ভেনিসের একজন ধনাঢ্য ব্যবসায়ী যাকে সবাই তার Generocity'র জন্য ভালোবাসে। বিনা সুদে তিনি সবাইকে অর্থ ধার দিতেন। অন্যদিকে ধনী ইহুদী শাইলক সুদ ব্যতীত টাকা ধার দেন না। শাইলক মূলত নির্দয় সুদখোর হিসেবে পরিচিত। এই নাটকের অন্যান্য চরিত্রগুলো হলো - Portia, Bassanio, Gratiano, Gobbo, Salarino, Solanio ইত্যাদি।

60. Translation of "সততাই সর্বোৎকৃষ্ট পন্থা"।

a) Honesty is the best virtue.
b) Honesty is the better way.
c) Honesty is the good way.
d) Honesty is the best policy. **ans. D**

Solution: উল্লেখ্য, Honesty is the best virtue অর্থ সততা একটি উৎকৃষ্ট গুণ। Honesty is the better way অর্থ সততা একটি উত্তম উপায়। Honesty is the good way অর্থ সততা একটি ভালো উপায়।

61. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের লেখক কে?

a) অদ্বৈত মল্লবর্মণ b) কাজী নজরুল ইসলাম
c) মাপন ঠাকুর d) শাহ মুহম্মদ সগীর **ans. A**

Solution: 'তিতাস একটি নদীর নাম' অদ্বৈত মল্লবর্মণ রচিত বিখ্যাত উপন্যাস। এই একটি উপন্যাস লিখে লেখক খ্যাতি অর্জন করেন। এই উপন্যাসে গ্রামের দরিদ্র মালো শ্রেণীর লোকজনের দুঃখ-দুর্দশার কাহিনী ফুটিয়ে তুলেছেন। পরবর্তীকালে এই উপন্যাস অবলম্বনে চলচ্চিত্র নির্মিত হয়।

62. 'ক্ষ' -এর বিশ্লিষ্ট রূপ-

a) ক + ষ b) ক + ষ + ণ
c) ক + ণ + ম d) হ্ + ম **ans. D**

Solution: 'ক্ + ষ্ + ম' এর যুক্ত বর্ণ হলো 'ক্ষ্ম'।
'ক্ + ষ' এর যুক্ত বর্ণ হলো 'ক্ষ'।

63. 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে আগত?

a) ওলন্দাজ b) পর্তুগিজ
c) তুর্কি d) ফারসি **ans. B**

Solution: 'আনারস' পর্তুগিজ ভাষা থেকে আগত। পর্তুগিজ ভাষার আরো কয়েকটি শব্দ হলোঃ পেয়ারা, আলপিন, আলমারি, গুদাম, চাবি, কেরানি, আলকাতরা, পাউরুটি, পাদ্রি, বালতি, নিলাম, পেরেক, তামাক, সাবান ইত্যাদি।

64. আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা-'আমারে' কোন কারক?

a) অধিকরণে ৭মী বিভক্তি
b) করণ কারকে ৩য়া বিভক্তি
c) অপাদানে ৫মী বিভক্তি
d) কর্ম কারকে দ্বিতীয়া বিভক্তি **ans. D**

65. 'অন্ধের যষ্টি' বাগধারার অর্থ নিচের কোনটি

a) নিষ্ফল আবেদন b) অপদার্থ
c) একমাত্র অবলম্বন d) দিশেহারা হয়ে পরা **ans. C**

66. কোনটি 'স্মৃতি' শব্দের বিপরীত শব্দ?

a) বিস্মৃতি b) বিস্মরণ
c) ভুলে যাওয়া d) বিস্ময় **ans. A**

67. কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ?

a) মা b) সতীন
c) ঠাকরুন d) বোন **ans. B**

Solution: কিছু নিত্য স্ত্রীবাচক শব্দ হলোঃ ডাইনি, বাইজি, সৎমা, এয়ো, দাই, কুলটা, কলঙ্কিনী, সধবা, রূপসী ইত্যাদি।

68. 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) গো + এষণা b) গ + এষণা
c) গো + এষনা d) গো + এসনা **ans. A**

Solution: এ, ঐ, ও, ঔ কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে আয়, এবং, ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ গো + এষণা = গবেষণা; নৌ + ইক = নাবিক।
বাক্যের অর্থঃ সে কিভাবে সাঁতার কাঁটতে হয় তা জানে না।

69. বিখ্যাত কবিতা 'শিক্ষাগুরুর মর্যাদা' কার লেখা?

a) বাদশাহ আলমগীর
b) কবি কাজী কাদের নওয়াজ
c) রবীন্দ্রনাথ ঠাকুর
d) কাজী নজরুল ইসলাম **ans. B**

70. 'গা লাগা' -এর অর্থ কোনটি?

a) মনোযোগ দেওয়া b) অভ্যস্ত হওয়া
c) অনুভুত হওয়া d) দেহে সহ্য হওয়া **ans. A**

Recent Publication

কৃষ্ণচূড়া

বাংলা

বিষয় কোড : ০০১

নির্ধারিত সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—১০০

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

www.prebd.com

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন : ৬×৫=৩০

(ক) কীভাবে সমাসের সাহায্যে শব্দ গঠিত হয় উদাহরণসহ আলোচনা করুন।

(খ) নিচের শব্দগুলোর বানান 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুযায়ী কেন ভুল, তা লিখুন :
সূচীপত্র, কার্য্যালয়, কৃতীত্ব, ক্ষিদে, ফরিয়াদী, শুভঙ্কর।

(গ) নিচের বাক্যগুলো সংশোধন করুন :

(i) কেবলমাত্র প্রতিযোগিরাই মঞ্চে আসবে।

(ii) তুমি স্বাক্ষী দেওয়ায় অপরাধীর আমরণ পর্যন্ত কারাদন্ড হলো।

(iii) তার কনিষ্ঠতম কন্যা দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত।

(iv) আর আমার বাঁচিবার স্বাদ নাই।

(v) নিরোগী লোক প্রকৃতপক্ষে সুখী।

(vi) ক্লাস চলাকালীন সময়ে 'ইউনিফর্ম' ছাড়া অন্য পোশাক পড়া নিষেধ।

(ঘ) নিচের প্রবাদগুলোর নিহিতার্থ লিখুন :
লেজে খেলানো ; রথ দেখা কলা বেচা
মাছের মায়ের পুত্রশোক; ভস্মে ঘি ঢালা
কৈয়ের তেলে কৈ ভাজা; নরকগুলজার করা

(ঙ) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ সংজ্ঞার্থ ও উদাহরণসহ লিখুন।

২। ভাব-সম্প্রসারণ করুন : ২০
মানবকল্যাণ সর্বত্রই মানব মর্যাদার সহায়ক।

৩। সারাংশ লিখুন : ২০

যে সমাজে বহু ব্যক্তির মানসিক যৌবন আছে, সেই সমাজেরই যৌবন আছে। মানসিক যৌবনকে স্থায়ী করতে হলে শৈশব নয়, বার্ধক্যের দেশ আক্রমণ এবং অধিকার করতে হয়। দেহের যৌবনের অন্তে বার্ধক্যের রাজ্যে যৌবনের অধিকার বিস্তার করবার শক্তি আমরা সমাজ হতেই সংগ্রহ করতে পারি। ব্যক্তিগত জীবনে ফাল্গুন একবার চলে গেলে আবার ফিরে আসে না; কিন্তু সমগ্র সমাজে ফাল্গুন চিরদিন বিরাজ করছে। সমাজে নূতন প্রাণ, নূতন মন নিত্য জন্মলাভ করছে। অর্থাৎ নূতন সুখ দুঃখ, নূতন আশা, নূতন ভালোবাসা, নূতন কর্তব্য ও নূতন চিন্তা নিত্য উদয় হচ্ছে। সমগ্র সমাজের এই জীবন-প্রবাহ যিনি নিজের অন্তরে টেনে নিতে পারবেন, তার মনের যৌবনের আর ক্ষয়ের আশঙ্কা নেই। এবং তিনিই আবার কথায় ও কাজে সেই যৌবন সমাজকে ফিরিয়ে দিতে পারবেন।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন: ৬×৫=৩০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদ কেন গুরুত্বপূর্ণ? আলোচনা করুন।

(খ) বাংলা সাহিত্যে 'অন্ধকার যুগ'-এর অস্তিত্ব সম্পর্কে মতামত দিন।

(গ) জসীম উদ্‌দীনের কাহিনিকাব্যসমূহের বৈশিষ্ট্য লিখুন।

(ঘ) রোকেয়া সাখাওয়াত হোসেনের সাহিত্যকৃতির স্বাতন্ত্র্য লিখুন।

(ঙ) মুক্তিযুদ্ধের স্মৃতিচারণমূলক যে-কোনো একটি গ্রন্থের পরিচয় দিন।

বাংলা

বিষয় কোড : ০০২

নির্ধারিত সময়—৪ ঘণ্টা

পূর্ণমান—২০০

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন : ৬×৫=৩০

(ক) বিদেশি উপসর্গযোগে ৬টি শব্দ গঠন করুন এবং উপসর্গসমূহ কী অর্থে প্রযুক্ত হয়েছে তা লিখুন।

(খ) 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুযায়ী নিচের শব্দগুলোর বানান সংশোধন করুন এবং কেন অশুদ্ধ তা লিখুন :

ঠান্ডা, মূর্চ্ছা, জিনিষ, অলঙ্কার, সোনালী, স্বরণী।

(গ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন :

(i) সেইসব প্রতিষ্ঠানগুলো বন্ধ করে দেওয়া উচিৎ।

(ii) আজ বৈকালে ঘুড়ে বেরিয়ে এসো।

(iii) আজকাল ভূরিওয়ালা লোক ভূড়ি ভূড়ি দেখা যায়।

(iv) নদীটির প্রবাহমানতা তাকে উচ্ছাসিত করে তুলেছে।

(v) আমি রবাহুত হয়েই সেখানে আহূতি দিতে গিয়েছি।

(vi) বিধি লঙ্ঘন হয়েছে।

(ঘ) নিহিতার্থ লিখে বাক্যে প্রয়োগ করুন :

বিষ নেই কুলোপনা চক্কর ;

গোদের উপর বিষফোঁড়া ;

চণ্ডীপাঠ থেকে জুতোসেলাই ;

বানরের গলায় মুক্তোর হার ;

সব শেয়ালের এক রা ;

ত্রিশঙ্কু অবস্থা।

(ঙ) একটি সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করুন। ২০

২। ভাব-সম্প্রসারণ করুন :

জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট
মুক্তি সেখানে অসম্ভব।

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

৩। সারাংশ লিখুন : ২০

অনেকে বলেন, আঁঠিই ফলের প্রধান অংশ এবং বৈজ্ঞানিক যুক্তির দ্বারা তাহার প্রমাণ করাও যায়। কিন্তু তথাপি অনেক রসজ্ঞ ব্যক্তি ফলের শস্যটি খাইয়া তাহার আঁঠি ফেলিয়া দেন। তেমনি কোনো কাব্যের মধ্যে যদি-বা কোনো বিশেষ শিক্ষা থাকে, তথাপি কাব্যরসজ্ঞ ব্যক্তি তাহার রসপূর্ণ কাব্যাংশটুকু লইয়া শিক্ষাংশটুকু ফেলিয়া দিলে কেহ তাঁহাকে দোষ দিতে পারে না। কিন্তু যাহারা আগ্রহ সহকারে কেবল ঐ শিক্ষাংশটুকুই বাহির করিতে চাহেন, আশীর্বাদ করি তাঁহারাও সফল হউন এবং সুখে থাকুন। আনন্দ কাহাকেও বলপূর্বক দেওয়া যায় না। কুসুম্ভফুল হইতে কেহ-বা তাহার রঙ বাহির করে, কেহ-বা তৈলের জন্য তাহার বীজ বাহির করে, কেহ-বা মুগ্ধনেত্রে তাহার শোভা দেখে। কাব্য হইতে কেহ-বা ইতিহাস আকর্ষণ করেন, কেহ-বা দর্শন উৎপাটন করেন, কেহ-বা নীতি, কেহ-বা বিষয়জ্ঞান উদ্‌ঘাটন করিয়া থাকেন, আবার কেহ-বা কাব্য হইতে কাব্য ছাড়া আর কিছুই বাহির করিতে পারেন না।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখুন : ৬×৫=৩০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব আলোচনা করুন।

(খ) 'বিদ্রোহী' কবিতায় পৌরাণিক অনুষঙ্গ ব্যবহারের বিশেষত্ব লিখুন।

(গ) 'কবর' নাটকের মূলবক্তব্য লিখুন।

(ঘ) 'চতুর্দশপদী' কবিতা-র বৈশিষ্ট্য বর্ণনা করুন।

(ঙ) শামসুর রাহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতার মর্মার্থ লিখুন।

৫। বাংলায় অনুবাদ করুন : ১৫

Ⓑ	জীববিজ্ঞান ২য় পত্র থেকে	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং-৫৭৯, Step-6, প্রশ্ন নং-০৭	হুবহু

54. সেন্ট্রোমিয়ার বিষয়ে কোনটি সঠিক?

Ⓐ শুধুমাত্র প্রাণীকোষে থাকে ● মাকুতন্তুর সাথে ক্রোমোসোমকে সংযুক্ত করে

Ⓒ আরএনএ (RNA) এবং প্রোটিন দিয়ে গঠিত Ⓓ সেন্ট্রিওল থাকে

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓑ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	কোষ বিভাজন	পৃষ্ঠা নং-৯৭, Step-5, প্রশ্ন নং-৩১	অনুরূপ

55. ট্রান্সজেনিক সয়াবিনের বৈশিষ্ট্য কোনটি?

Ⓐ কীটপতঙ্গ ও ভাইরাস প্রতিরোধী Ⓑ ভিটামিন সমৃদ্ধ

Ⓒ আগাছানাশক সহনশীল ● উচ্চ অলিয়েক অ্যাসিড (Oleic acid) সমৃদ্ধ

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓓ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	জীবপ্রযুক্তি	পৃষ্ঠা নং-২৯৩, Step-1, আলোচনা	অনুরূপ

60. প্লাজমার কোন উপাদান রক্তক্ষরণ বন্ধে সহায়তা করে?

Ⓐ অ্যালবুমিন Ⓑ গ্লোবিউলিন Ⓒ সেরোটোনিন ● ফাইব্রিনোজেন

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓓ	জীববিজ্ঞান ২য় পত্র থেকে	মানব শারীরতত্ত্ব : রক্ত ও সঞ্চালন	পৃষ্ঠা নং-৪২৪, Step-4, প্রশ্ন নং-০৬	হুবহু

62. নিকট সম্পর্কিত জীবগোষ্ঠী ভিন্ন পরিবেশে বসবাসের ফলে যে বিবর্তন ঘটে তাকে বলা হয়–

● অপসারী Ⓑ অভিসারী Ⓒ ম্যাক্রো Ⓓ সমান্তরাল

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓐ	জীববিজ্ঞান ২য় পত্র থেকে	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং-৫৮১, Step-1, আলোচনা	হুবহু

66. বর্ণান্ধ বাবা ও স্বাভাবিক দৃষ্টির মায়ের (বাহক নয়) কন্যা সন্তানের স্বাভাবিক দৃষ্টির সম্ভাব্য হার কত?

Ⓐ 75% ● 100% Ⓒ 50% Ⓓ 25%

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓑ	জীববিজ্ঞান ২য় পত্র থেকে	জিনতত্ত্ব ও বিবর্তন	পৃষ্ঠা নং-৫৭৯, Step-5, প্রশ্ন নং-০১	হুবহু

67. জেনেটিক ম্যাপ তৈরি করা হয়–

Ⓐ মায়োসিসের বিয়োজন বিভাজনের শতকরা হার থেকে ● ক্রসিং ওভারের শতকরা হার থেকে

Ⓒ মাইটোটিক ইনডেক্স থেকে Ⓓ কোষে ক্রোমোসোমের অবস্থান থেকে

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓑ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	কোষ বিভাজন	পৃষ্ঠা নং-১০২, Step-1, আলোচনা	হুবহু

71. শৈবাল বিষয়ে কোনটি সঠিক?

● লোহিত শৈবাল কোরাল প্রাচীর গঠন করে Ⓑ সবুজ এবং লাল শৈবাল মিলিত হয়ে লাইকেন গঠন করে

Ⓒ ডায়টমে ফিউকোজেনথিন নামক রঞ্জক থাকে Ⓓ সোনালী-হলুদ শৈবাল জলজ বাস্তুতন্ত্র নষ্ট করে

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓐ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	শৈবাল ও ছত্রাক	পৃষ্ঠা নং-১৭০, Step-5, প্রশ্ন নং-২৪	অনুরূপ

77. গ্লাইকোজেন বিষয়ে নিচের কোনটি সঠিক?

● পেশির কাজে শক্তি যোগান দেয় | Ⓑ উদ্ভিদ দেহে সঞ্চিত খাদ্য হিসেবে থাকে

Ⓒ আয়োডিন দ্রবণে নীল বর্ণ ধারণ করে | Ⓓ পানিতে সম্পূর্ণভাবে দ্রবণীয়

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓐ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	কোষ রসায়ন	পৃষ্ঠা নং-১১৪, Step-6, প্রশ্ন নং-০৮	হুবহু

78. ব্যাকটেরিয়ার কোষঝিল্লির বৈশিষ্ট্য কোনটি?

Ⓐ এটি লিপোপ্রোটিন ও কোলেস্টেরল দ্বারা গঠিত | Ⓑ এতে কোন এনজাইম থাকে না

Ⓒ এটি কোষ প্রাচীরের বাইরের স্তর | ● এটি দ্রবিভূত পদার্থের যাতায়াত নিয়ন্ত্রণ করে

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓓ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	কোষ ও এর গঠন	পৃষ্ঠা নং-৫৮, Step-1, আলোচনা	অনুরূপ

79. নিচের কোনটিতে অরীয় প্রতিসাম্য দেখা যায়?

● জেলিফিশ | Ⓑ প্রজাপতি | Ⓒ মানুষ | Ⓓ শামুক

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓐ	জীববিজ্ঞান ২য় পত্র থেকে	প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস	পৃষ্ঠা নং-৩৬৫, Step-6, প্রশ্ন নং-০৩	হুবহু

84. নিচের কোনটি লাইসোসোম (Lysosome) এর বৈশিষ্ট্য?

Ⓐ বিক্ষিপ্তভাবে সাইটোপ্লাজমে থাকে | Ⓑ বাহ্যিক আবরণী দ্বারা আবৃত থাকে না

Ⓒ প্রোটিন সংশ্লেষণ প্রধান কাজ | ● বিভিন্ন ধরনের এনজাইম থাকে

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓓ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	কোষ ও এর গঠন	পৃষ্ঠা নং-৭৩, Step-3, প্রশ্ন নং-২১	অনুরূপ

88. একশত গ্রাম মাশরুমে কত গ্রাম শর্করা থাকে?

Ⓐ 8-9 grams | Ⓑ 2-4 grams | Ⓒ 5-6 grams | ● 4-5 grams

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓓ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	শৈবাল ও ছত্রাক	পৃষ্ঠা নং-১৭৮, Step-3, প্রশ্ন নং-১০	অনুরূপ

90. Arthropoda পর্বের প্রাণীদের প্রধান রেচন অঙ্গ কোনটি?

● মালপিজিয়াম নালিকা | Ⓑ নেফ্রন | Ⓒ শিখা কোষ | Ⓓ নেফ্রিডিয়া

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓐ	জীববিজ্ঞান ২য় পত্র থেকে	প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস	পৃষ্ঠা নং-৩৪৩, Step-5, প্রশ্ন নং-২৭	অনুরূপ

98. জীবদেহে বিভিন্ন প্রকার লিপিডের ভূমিকা বিষয়ে কোনটি সঠিক?

Ⓐ কোলেস্টেরল কোষ আবরণীর তারল্যতা বৃদ্ধি করে | Ⓑ ফসফোলিপিড কোষের আয়নকে স্থির রাখে

Ⓒ মহিলাদের রক্তের LDL হৃদরোগের ঝুঁকি কমায় | ● লিপিড উদ্ভিদে বর্ণ সৃষ্টি করে

উত্তর	প্রশ্নটি এসেছে	অধ্যায়	মেডি বায়োলজির যে পৃষ্ঠা থেকে প্রশ্নটি কমন পড়েছে	কমনের ধরন
Ⓓ	জীববিজ্ঞান ১ম পত্র থেকে	কোষ রসায়ন	পৃষ্ঠা নং-১২২, Step-1, আলোচনা	অনুরূপ

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (গ্রুপ- ২)

পদের নামঃ সহকারী শিক্ষক

তারিখঃ ০২.০২.২০২৪; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭৫

01. **দেশি শব্দ নয় কোনটি**

a) ঝিঙ্গা b) ঢিল
c) মুড়কি d) মাছি ***ans.* A&D**

Solution: অনার্য জাতির ব্যবহৃত শব্দকে দেশি শব্দ বলে। যেমনঃ ঢিল, মুড়কি, কুড়ি, কুলা, খড়, গঞ্জ, চাঁপা, চাল, চুলা, টোপর, খেয়া, খোঁপা, ডাব, ডাগর, ঢেঁকি, টং, ঢোল, পেট, নাগর, মই ইত্যাদি। উল্লেখ্য, ঝিঙ্গা ও মাছি সংস্কৃত শব্দ।

02. **"আমার জ্বর জ্বর লাগছে" এটি কোন ধরনের বাক্য?**

a) মিশ্র b) যৌগিক
c) দ্বিরুক্ত d) সরল ***ans.* D**

Solution: যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে তাকে, সরল বাক্য বলে। যেমনঃ

আমার জ্বর জ্বর লাগছে।	সে আজ সকালে স্কুল গিয়েছে।
তিনি ভাত খেয়ে ঘুমিয়ে পড়লেন।	

03. **"উদাত্ত পৃথিবী" কাব্য গ্রন্থের রচয়িতা কে?**

a) সুভাষ মুখোপাধ্যায়
b) সুফিয়া কামাল
c) কবি আল মাহমুদ
d) সিকান্দার আবু জাফর ***ans.* B**

Solution: "উদাত্ত পৃথিবী" (১৯৬৪) প্রথম আধুনকি মহিলা কবি সুফিয়া কামাল কর্তৃক রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ। উল্লেখ্য, তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ "সাঁঝের মায়া" এবং মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ "মোর জাদুদের সমাধি পরে" (১৯৭২)।

04. **'মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি' গানের গীতিকার কে?**

a) নজরুল ইসলাম বাবু
b) গোবিন্দ হালদার
c) আপেল মাহমুদ
d) আহমেদ ইমতিয়াজ বুলবুল ***ans.* B**

Solution: 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' গানটির সুরকার হলেন আপেল মাহমুদ গীতিকার হলেন গোবিন্দ হালদার এবং মুক্তিযুদ্ধভিত্তিক গানঃ

গান	গীতিকার
মা গো ভাবনা কেন	গৌরিপ্রসন্ন মজুমদার
শুনো একটি মুজিবুরের	
মোরা একটি ফুলকে বাঁচাবো	গোবিন্দ হালদার
জন্ম আমার ধন্য হল	নাঈম গহর
নোঙ্গর তোলো তোলো	
জনতার সংগ্রাম চলবেই	সিকান্দার আবু জাফর

05. **'হর্ষণ' শব্দের অর্থ কি?**

a) দেখা b) হাসা
c) চাষ করা d) আনন্দ ***ans.* D**

06. **'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোট গল্পের নায়িকা?**

a) দেনা-পাওনা b) পোস্টমাস্টার
c) হৈমন্তী d) সমাপ্তি ***ans.* D**

Solution: রবীন্দ্রনাথের বিখ্যাত চরিত্রঃ

চরিত্র	গ্রন্থ	
ফটিক	ছুটি	ছোটগল্প
রহমত, খুকী	কাবুলীওয়ালা	ছোটগল্প
রতন	পোস্টমাস্টার	ছোটগল্প
মৃন্ময়ী	সমাপ্তি	ছোটগল্প
হৈমন্তী, গৌরীশঙ্কর, অপু	হৈমন্তী	ছোটগল্প
চারু	নষ্টনীড়	ছোটগল্প
রাইচরণ	খোকাবাবুর প্রত্যাবর্তন	ছোটগল্প
সুরবালা	একরাত্রি	ছোটগল্প
কাদম্বিনী	জীবিত ও মৃত	ছোটগল্প
জয়সিংহ, রঘুপতি	বিসর্জন	নাটক
অমল	ডাকঘর	নাটক
গোরা, ললিতা, বিনয়	গোরা	উপন্যাস
অমিত, লাবন্য, শোভনলাল	শেষের কবিতা	উপন্যাস
মহেন্দ্র, বিনোদিনী	চোখের বালি	উপন্যাস
মুধুসূদন, কুমুদিনী	যোগাযোগ	উপন্যাস
শর্মিলা, উর্মিলা	দুইবোন	উপন্যাস

07. **কোন কবির মাতাও একজন কবি?**

a) শামসুর রাহমান b) জীবনানন্দ দাশ
c) আহসান হাবীব d) বিষ্ণু দে ***ans.* B**

Solution: জীবনানন্দ দাশ এর মা কুসুমকুমারী দাশও একজন কবি ছিলেন।

08. **'নিমরাজি' শব্দের 'নিম' কোন উপসর্গ?**

a) তৎসম উপসর্গ b) বিদেশি উপসর্গ
c) তদ্ভব উপসর্গ d) বাংলা উপসর্গ ***ans.* B**

Solution: 'নিমরাজী' হলো ফারসি উপসর্গ। আর ফারসি উপসর্গগুলো হলোঃ বর, বদ, কম, না, বে, ব, নিম, ফি, দর, কার। উল্লেখ্য,

উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
নিম্	আধা	নিমরাজি, নিমখুন, নিমমোল্লা

09. **উপসর্গের কাজ কি?**

a) শব্দের লক্ষণ দেখানো।
b) কোনটিই নয়।
c) নতুন শব্দ গঠন করা।
d) শব্দের বিরতি প্রদর্শন। ***ans.* C**

Solution: বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয়সূচক শব্দাংশ রয়েছে, যা স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে। এর প্রভাবে শব্দটির কয়েক ধরনের পরিবর্তন সাধিত হয়। যেমনঃ নতুন অর্থবোধক শব্দ তৈরি হয়;

Recent Publication

শব্দের অর্থের পূর্ণতা সাধিত হয়; শব্দের অর্থের সম্প্রসারণ ঘটে; শব্দের অর্থের সংকোচন ঘটে এবং শব্দের অর্থের পরিবর্তন ঘটে। ভাষায় ব্যবহৃত এসব অব্যয়সূচক শব্দাংশেরই নাম উপসর্গ।

10. বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?

a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর b) ফোর্ট উউলিয়াম
c) চার্লস উইলকিন্স d) রাজনীকান্ত **ans. C**

Solution: বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় চার্লস উইলকিন্সকে। আর আধুনিক রূপ দেন পঞ্চানন কর্মকার। চার্লস উইলকিন্স (১৭৪৯-১৮৩৬) প্রাচ্য ভাষাবিদ, কলকাতাস্থ এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা-সদস্য এবং বাংলা ও ফারসি মুদ্রাক্ষরের আধুনিক আকৃতির উদ্ভাবক।

11. দুটি বাক্যের মধ্যে অর্থের সমন্ধ থাকলে কোন বিরাম চিহ্ন বসে?

a) কোলন b) হাইফেন
c) কমা d) সেমিকোলন **ans. D**

Solution: একাধিক বাক্যের মধ্যে নিকট সম্পর্ক থাকলে তাদের মধ্যে যোগসূত্র রক্ষার জন্য সেমিকোলন ব্যবহার করা হয়।

ক. সেমিকোলন চিহ্ন কমার চেয়ে দ্বিগুণ সময় বিরতি নেয়। দুটো বাক্যের মধ্যে ভাব বা অর্থের সম্বন্ধ থাকলে সেমিকোলন বসে (যেমনঃ কথাটা বলা সহজ; করা কঠিন)।

খ. একাধিক বাক্য সংযোজক অব্যয়ের দ্বারা যুক্ত না হলে সেমিকোলন বসে (যেমনঃ আগে স্কুলে পড়া; পরে গল্পের বই)।

গ. যেসব অব্যয় বৈপরীত্য বা অনুমান প্রকাশ করে, তাদের আগে সেমিকোলন বসে (যেমনঃ ছেলেটি মেধাবী; কিন্তু ভারি অলস)।

12. 'মুক্তি পেতে ইচ্ছুক' এক কথায় কি বলে?

a) মুমুক্ষু b) মূমুক্ষু
c) মুমূক্ষু d) মূমুক্ষা **ans. A**

Solution: 'মুক্তি পেতে ইচ্ছুক' এক কথায় মুমুক্ষু বলে। উল্লেখ্য কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশঃ

যা লাভ করা দুঃসাধ্য = সাধ্যাতীত।	যা দীপ্তি পাচ্ছে = দেদীপ্যমান।
যা নিজের দ্বারা অর্জিত = স্বোপার্জিত।	পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক।
যার দুই হাত সমান চলে = সব্যসাচী।	মর্মকে স্পর্শ করে এমন = মর্মস্পর্শী।
যে গমন করে না = নগ (পাহাড়)।	রাত্রির তিন ভাগ একত্রে = ত্রিযামা।

13. নিচের কোনটি শরৎ সাহিত্যের চরিত্র নয়?

a) সাবিত্রী b) সুরবালা
c) গফুর d) ষোড়শী **ans. B**

14. "একেই বলে সভ্যতা" - এটি মধুসূদন দত্তের কি জাতীয় রচনা?

a) প্রহসন b) মহাকাব্য
c) উপন্যাস d) কাব্য **ans. A**

Solution: 'একেই কি বলে সভ্যতা' এটি মাইকেল মধুসূদন দত্তের একটি বিখ্যাত প্রহসন। 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে তৎকালীন নব্যবঙ্গীয় সম্প্রদায়ের সুরাপান এবং ইংরেজ অনুকরণের প্রতি ব্যঙ্গ করা হয়েছে। তাঁর আর একটি বিখ্যাত প্রহসন হলো 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ'।

15. "কি হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া" - হেতু অনুসর্গটি কি অর্থ প্রকাশ করেছে?

a) প্রসঙ্গ b) ব্যাপার
c) নিমিত্ত d) প্রার্থনা **ans. C**

Solution: বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদ রূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে। বাংলা ভাষায় বহু অনুসর্গ আছে। যেমনঃ প্রতি, বিনা, বিহনে, সহ, ওপরে, অবধি, হেতু, মধ্যে, মাঝে, পরে, ভিন্ন ইত্যাদি।

16. সারাংশ কোন পুরুষে লিখতে হয়?

a) মধ্যম b) প্রথম
c) সবগুলো d) উত্তম **ans. B**

Solution: সারাংশ প্রথম পুরুষে লিখতে হয়। মুল রচনায় উক্তি - প্রত্যুক্তি থাকলে তা প্রথম পুরুষে রূপান্তরিত করে লিখতে হবে।

প্রথম পুরুষ বা নাম পুরুষ: যে সর্বনামের দ্বারা বক্তা বা শ্রোতা ছাড়া অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বোঝায়, তাকে প্রথম পুরুষ বা নাম পুরুষ বলে। আমি ও তুমি এবং এদের দলভুক্ত অন্যান্য সর্বনাম ছাড়া যাবতীয় সর্বনাম পদ প্রথম পুরুষ বা নাম পুরুষ। যেমন: সে, তাকে, তাঁর, তিনি ইত্যাদি।www.prebd.com

17. "আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে" - এ গানে কোন ভাব প্রকাশ পেয়েছে?

a) দায়িত্ববোধ b) রাজা হওয়ার ইচ্ছা
c) স্বৈরতন্ত্র d) রসবোধ **ans. A**

18. 'বন্ধন' শব্দের সঠিক অক্ষর বিন্যাস নিচের কোনটি?

a) ব + ন + ধ + ন b) বন্ + ধন
c) ব + ন্ধ + ন d) বান + ধন **ans. B**

Solution: 'বন্ধন' শব্দের সঠিক অক্ষর বিন্যাস হলো 'বন্ + ধন্'। এখানে, বন্ এবং ধন্ এই দুটি হলো অক্ষর। উল্লেখ্য, এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে অক্ষর বলে।

19. কোনটি সঠিক?

a) মহাশ্মশান (নাটক)
b) সোজন বাদিয়ার ঘাট (উপন্যাস)
c) কাঁদো নদী কাঁদো (কাব্য)
d) বহিপীর (নাটক) **ans. D**

Solution: কায়কোবাদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ 'মহাশ্মশান' (১৯০৪); 'সোজন বাদিয়ার ঘাট' কাব্যগ্রন্থের রচয়িতা হলেন পল্লীকবি জসীম উদ্‌দীন; 'কাঁদো নদী কাঁদো' উপন্যাস এবং 'বহিপীর' নাটকের রচয়িতা সৈয়দ ওয়ালিউল্লাহ।

20. 'খাতক' শব্দের বিপরীত শব্দ কোনটি?

a) মহাজন b) চাতক
c) খনা d) ঘাতক **ans. A**

Solution: 'খাতক' এর বিপরীত শব্দ 'মহাজন'।

21. মূষলধারে বৃষ্টি পড়ছে- এখানে 'বৃষ্টি' শব্দটি কোন কর্তা?

a) ব্যতিহার কর্তা b) মূখ্য কর্তা
c) প্রযোজক কর্তা d) প্রযোজ্য কর্তা **ans. B**

22. **Many** শব্দের **Synonym** কোনটি?

a) All of the answers b) Several
c) Numerous d) Enormous **ans. A**

Solution: Several অর্থ তিন বা ততোধিক; বিভিন্ন।
Numerous অর্থ বহুসংখ্যক; অনেক।
Enormous অর্থ প্রচুর।
তাই Many শব্দের Synonym হলো অপশন *b*), *c*) এবং *d*). তাই সঠিক উত্তর অপশন *a*).

23. **Pen through the line** এর সঠিক অনুবাদ-

a) লাইনটি কেটে দাও
b) লাইনটি মুছে দাও
c) লাইনটি উপর কলম ছোড়া
d) লাইন বরাবর কলম চালানো **ans. A**

Solution: কোন শব্দ বা বাক্য কেটে দেয়া বোঝাতে Pen through ব্যবহার করা হয়।

Pen through the line	লাইনটি কেটে দাও
Pen through the word	শব্দটি কেটে দাও
Pen through the sentence	বাক্যটি কেটে দাও

24. **'Thank you very much'** এ বাক্যে **very** শব্দটি একটি-

a) Noun b) Pronoun
c) Adjective d) Adverb **ans. D**

Solution: বাক্যে 'অত্যন্ত', 'অনেক', 'অতি', কিংবা 'খুব' অর্থে Very বসলে তখন এটি Adverb হয়। উল্লিখিত বাক্যে Very শব্দটি 'অনেক' অর্থে বসেছে। তাই এটি Adverb. আবার, 'ঠিক এইটিই, অন্যটি নয়' এইভাব প্রকাশ করলে তখন Very শব্দটি Adjective হিসেবে বসে। যেমনঃ At the very instant, Hanjala should up (ঠিক সেই মুর্হূতে)।
বাক্যের অর্থঃ তোমাকে অনেক ধন্যবাদ।

25. কোন গ্রন্থটি **William Blake** এর লেখা?

a) All of the answers
b) The Traveller
c) The School Boy
d) The Daffodils **ans. C**

Solution: "The School Boy" কবিতাটি ১৭৮৯ সালে William Blake কর্তৃক রচিত। কবিতাটি তার কবিতা সমগ্র "Songs of Experience" এর একটি অংশ। William Blake একই সাথে ছিলেন Poet এবং Artist. তাঁর রচিত বিখ্যাত দুটি গ্রন্থ হলো 'Songs of Innocence' ও 'Songs of Experience'. উল্লেখ্য,

The Traveller (1764)	Oliver Goldsmith
The Daffodils	William Wordsworth

26. **Praise** শব্দের **Antonym** কোনটি?

a) All of the answers b) Rebuke
c) Reprimand d) Scold **ans. A**

Solution:

Praise - প্রশংসা করা	Reprimand - কঠোর তিরস্কার করা
Rebuke - তাড়ন; তীব্র; তিরস্কার	Scold - তীব্র ভাষার তিরস্কার করা

27. **Which one is the incorrect sentence?**

a) Fetch some water for me.
b) We are united.
c) We reached at home yesterday.
d) He answered my questions. **ans. C**

28. **What is an epic?** www.prebd.com

a) a short poem b) a long poem
c) All of the above d) a sative **ans. B**

Solution: 'Epic' হলো A long narrative poem বা মহাকাব্য।

29. **FARE** শব্দটি দ্বারা কি বুঝায়?

a) মেলা b) ভাড়া
c) সুষ্ঠু d) ভয় দেখানো **ans. B**

Solution: FARE শব্দটি দ্বারা বুঝানো হয় 'ভাড়া'। উল্লেখ্য,

Fair	মেলা, পক্ষপাতহীন, সুষ্ঠু, ন্যায্য, পরিষ্কার, স্পষ্ট, উজ্জ্বল
Fear	ভয়

30. **Ernest Hemingway** কোন দেশের সাহিত্যিক?

a) যুক্তরাজ্য b) আমেরিকা
c) জার্মানি d) চিলি **ans. B**

Recent Publication

Solution: Ernest Hemingway রচিত বিখ্যাত গ্রন্থগুলো হলোঃ A Farewell to Arms, For Whom the Bell Tolls, The Old Man and the Sea, The Sun Also Rises ইত্যাদি। তিনি ১৯৫৪ সালে নোবেল পুরস্কারে ভূষিত হন।

31. **We are having a friendly ____ about football**

a) report b) gossip
c) chat d) whisper ***ans.* C**

Solution: শূন্যস্থানে chat বসলে বাক্যটির অর্থ পরিপূর্ণ হয়।

Chat	বন্ধুত্বপূর্ণ আলাপ-আলোচনা, খোশগল্প।
Gossip	অন্যের ব্যক্তিগত জীবন নিয়ে খোশগল্প, পরচর্চা।
Report	প্রতিবেদন পেশ করা।
Whisper	ফিসফিস করে বলা।

বাক্যের অর্থ: আমরা ফুটবল নিয়ে খোলামেলা আলোচনা করছি।

32. **Meticulous শব্দের অর্থ-**

a) অস্পষ্ট b) মাধ্যমিক পাশ
c) যত্নবান d) সামর্থ্যবান ***ans.* C**

Solution: Meticulous – খুঁটিনাটি ব্যাপারে অতি যত্নশীল।

33. **'Worse' শব্দটি Adjective এর কোন degree?**

a) Positive b) Comparative
c) Superlative d) Assertive ***ans.* B**

Solution: 'Worse' একটি Comparative degree. কতগুলো Adjective আছে যাদের নিয়মানুসারে Comparative এবং Superlative হয় না। যেমনঃ

Positive	Comparative	Superlative
Bad, ill, evil	Worse	Worst
Much, Many	More	Most
Far	Farther	Farthest
Good, well	Better	Best
Hind	Hinder	Hindermost

34. **Adjacent to- phrase এর অর্থ-**

a) বিরক্ত হওয়া b) আর্শিবাদ করা
c) নিকটবর্তী d) বিপরীত দিক ***ans.* C**

Solution: Adjacent to অর্থ সন্নিহিত; নিকটবর্তী।

35. **He would _____ arrested if he had tried unfair means এখানে শূন্যস্থানে কি বসবে?**

a) be surely b) have been
c) be sure d) has been ***ans.* B**

Solution: If + had + verb এর p.p থাকলে subject + would/could/might + have + verb এর p.p + extension হয়।

বাক্যের অর্থঃ যদি সে অনৈতিক কাজ করার চেষ্টা করতো তাহলে সে গ্রেপ্তার হতো।

36. **'She copied the word' copied এ বাক্যে শব্দটি-**

a) Noun b) Adverb
c) Adjective d) Verb ***ans.* D**

Solution: এখানে 'copied' একটি Verb. .

বাক্যের অর্থঃ সে শব্দটি অনুকরণ করেছিল।

37. **নিচের কোন গ্রন্থটির রচয়িতা H. G. Wells?**

a) The Invisible Man
b) The Time Machine
c) The First Man on the Moon
d) All of the above ***ans.* D**

Solution: Herbert George Wells হলেন একজন বিখ্যাত বৈজ্ঞানিক কল্পকাহিনি রচয়িতা। তার উল্লেখযোগ্য কিছু গ্রন্থ হলো: The Invisible Man (1897), The Time Machine (1895), The First Man on the Moon (1901), The Island of Doctor Moreau (1896).

38. **কোনটি সঠিক বানান?** www.prebd.com

a) Pandulam b) Pandolam
c) Pendulam d) Pendulum ***ans.* D**

Solution: Pendulum শব্দের অর্থ হলো- দোলক (সাধারণত ঘড়ির); উপরদিক এমনভাবে গ্রথিত দণ্ড যেটি সহজভাবে দুলতে পারে।

39. **'Walking is good for health' এ বাক্যে walking শব্দটি-**

a) Adverb b) Verb
c) Noun d) Gerund ***ans.* D**

Solution: Verb + ing যদি Noun ও Verb এর কাজ করে তাহলে তাকে Gerund বলে। যেমনঃ Reading is an excellent habit. এখানে is verb এর বাম পাশের সবটুকু হলো Subjcet. আর যখন এটি Subject তখন এটি আর Noun ছাড়া কিছুই নয়। অর্থাৎ Reading শব্দটি Noun এর মতো কাজ করছে। আর এই Noun-ই হলো Gerund.

বাক্যের অর্থঃ হাঁটা একটি উত্তম ব্যায়াম।

40. **Personnel এর বাংলা অর্থ কি?**

a) ব্যক্তিগত b) কর্মীগণ
c) ব্যক্তি সর্ম্পকীয় d) ব্যক্তিগত বিষয় ***ans.* B**

Solution: Personnel বাংলা অর্থ কর্মীগণ/কোনো অফিসের কর্মচারীবৃন্দ।

41. **He will stick ___ nothing**

a) for b) to
c) with d) of ***ans.* B**

Solution: Stick to অর্থ লেগে থাকা বা অটল থাকা।

বাক্যের অর্থঃ সে কোনো কিছুতেই অটল থাকবে না।

Recent Publication

42. One who deals in cattle is-

a) drover b) auctioneer
c) jockey d) seller **ans. A**

Solution:

Drover	পশু ব্যবসায়ী	One who deals in cattle
Jockey	জকি	One who rides the horses in races
Auctioneer	নিলামকারী	One who sells things at public auction

43. একটি পেনসিলের ওজন ৫ গ্রাম। এটির ওজন মিলিগ্রামে কত হবে?

a) ৫০০ b) ৫০,০০০
c) কোনটিই নয় d) ৫০ **ans. C**

Solution: দেয়া আছে, একটি পেনসিলের ওজন ৫ গ্রাম
জানা আছে, ১ গ্রাম = ১০০০ মিলিগ্রাম
সুতরাং ৫ গ্রাম = ১০০০ × ৫ মিলিগ্রাম
= ৫০০০ মিলিগ্রাম
অর্থাৎ পেনসিলে ওজন ৫০০০ মিলিগ্রাম।

44. বর্গক্ষেত্রের এক বাহু 4 মিটার হলে কর্ণ কত মিটার?

a) 20 b) $4\sqrt{2}$
c) $2\sqrt{4}$ d) 32 **ans. B**

Solution: a বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2}\,a$
∴ বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2}\,a = \sqrt{2} \times 4$ মি.
$= 4\sqrt{2}$ মি.

45. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬ ও ৪৮ দ্বারা বিভাজ্য হবে?www.prebd.com

a) ৪২ b) ১৪১
c) ৮৭ d) ১০৪ **ans. B**

Solution: প্রথমে ২৪, ৩৬ ও ৪৮ এর ল.সা.গু বের করি

২ | ২৪, ৩৬, ৪৮
২ | ১২, ১৮, ২৪
২ | ৬, ৯, ১২
৩ | ৩, ৯, ৬
১, ৩, ২

∴ ল.সা.গু = ২ × ২ × ২ × ৩ × ৩ × ২ = ১৪৪
∴ লঘিষ্ঠ সংখ্যাটি হবে = (১৪৪ - ৩) = ১৪১

46. পর পর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল হবে-

a) ১২ b) ১১
c) ৯ d) ১৫ **ans. D**

Solution: সংখ্যা তিনটি ৪, ৫, এবং ৬ হলে এদের গুণফল হয় ৪ × ৫ × ৬ = ১২০
∴ সংখ্যা তিনটির যোগফল = ৪ + ৫ + ৬ = ১৫

47. ১২০ টাকা দিয়ে একটি পণ্য কিনে ১০০ টাকায় বিক্রয় করলে ক্ষতির পরিমাণ-

a) ১৮.৭৫% b) ২০%
c) ১৫% d) ১৬.৬৭% **ans. D**

Solution: ১২০ টাকা দিয়ে একটি পণ্য কিনে ১০০ টাকায় বিক্রয় করলে ক্ষতি হয় (১২০ - ১০০) বা ২০ টাকা
∴ শতকরা ক্ষতির পরিমাণ $\frac{২০}{১২০} \times ১০০ = ১৬.৬৭\%$

48. একটি ঘরের দৈর্ঘ্য ২ মিটার, প্রস্থ ১ মিটার ও উচ্চতা শূন্য হলে ক্ষেত্রটি কি হবে?

a) ত্রি-মাত্রিক b) কোনটিই নয়
c) এক মাত্রিক d) দ্বি-মাত্রিক **ans. D**

Solution: যে ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ আছে কিন্তু উচ্চতা নেই সে ক্ষেত্রকে দ্বি-মাত্রিক ক্ষেত্র বলা হয়। প্রশ্নে উল্লেখিত ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ আছে কিন্তু উচ্চতা নেই তাই এই ঘরটি একটি দ্বি-মাত্রিক ক্ষেত্র। উল্লেখ্য,

ত্রিমাত্রিক বস্তু (ঘনবস্তু)	যে বস্তুর অবস্থান নির্ণয় করার জন্য তিনটি মাত্রা অর্থাৎ দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার প্রয়োজন হয়।
এক মাত্রিক	যে বস্তুর একটি মাত্র মাত্রা থাকে। যেমন: রেখা যা দৈর্ঘ্য আছে কিন্তু প্রস্থ বা উচ্চতা নেই।

49. কাগজ ও কলমের মূল্য একত্রে ২৪০ টাকা। কাগজের মূল্য কলমের মূল্য অপেক্ষা ৪০ টাকা কম হলে কলমের মূল্য কত?

a) ২০০ টাকা b) ১৬০ টাকা
c) ১৪০ টাকা d) ১০০ টাকা **ans. C**

Solution: দেয়া আছে, কাগজ ও কলমের মূল্য ২৪০ টাকা।
ধরি, কলমের মূল্য x টাকা
তাহলে কাগজের মূল্য $x - ৪০$ টাকা
প্রশ্নমতে, $x + (x - ৪০) = ২৪০$
⇒ $২x = ২৪০ + ৪০$
⇒ $২x = ২৮০$
∴ $x = ১৪০$
সুতরাং কলমের মূল্য ১৪০ টাকা।

50. বাজারে কফির দাম ১০% কমে যাওয়ায় কফির ব্যবহার কত ভাগ বৃদ্ধি করলে কফি বাবদ খরচ একই থাকবে?

a) $১১\frac{১}{৯}\%$ b) ১২%
c) ১০% d) $১৮\frac{১}{৩}\%$ **ans. A**

Recent Publication

Solution: কফির মূল্য ১০% কমে যাওয়ায় কফির বর্তমান মূল্য = ১০০ - ১০ = ৯০ টাকা

এখন, ৯০ টাকায় কফির ব্যবহার বৃদ্ধি করতে হবে = ১০ টাকা

∴ ১০০ টাকায় কফির ব্যবহার বৃদ্ধি করতে হবে

$= \frac{১০ \times ১০০}{৯০} = ১১\frac{১}{৯}$ টাকা

51. $x < 4$ হলে নিচের কোন মানটি x এর জন্য সত্য হতে পারে?

a) 0 b) 3

c) সবগুলোই d) – 4 **ans. C**

Solution: এখানে, $x < 4$ অর্থাৎ x এর মান 4 অপেক্ষা ছোট। অর্থাৎ অপশন অনুসারে 0, 3 এবং – 4 সবগুলোই সত্য হতে পারে।

52. একটি রাশি অপর রাশির ৬৪% হলে রাশি দুটির অনুপাত কত?

a) ২৫ ঃ ১৬ b) ৯ ঃ ১৬

c) ১৬ ঃ ৯ d) ১৬ ঃ ২৫ **ans. D**

Solution: যেহেতু একটি সংখ্যা অপর সংখ্যাটির ৬৪%

তাই ১ম সংখ্যাটি ৬৪ হলে

২য় সংখ্যাটি হবে ১০০

অর্থাৎ, ১ম ঃ ২য় = ৬৪ ঃ ১০০ = ১৬ ঃ ২৫

53. একটি ট্রেনের দৈর্ঘ্য ২০০ মিটার। ট্রেনটির গতি ঘণ্টায় ১০০ কিলোমিটার হলে ৩০ মিনিটে কত দূরত্ব অতিক্রম করবে?

a) ১০০ কিলোমিটার b) সমাধান সম্ভব নয়

c) ২০০ কিলোমিটার d) ৫০ কিলোমিটার **ans. D**

Solution: জানা আছে, ১ ঘন্টা = ৬০ মিনিট

ট্রেনটি ৬০ মিনিটে যায় = ১০০ কি. মি.

∴ ট্রেনটি ৩০ মিনিটে যায় $= \frac{৩০ \times ১০০}{৬০} = ৫০$ কি. মি.

54. $1^2 + 2^2 + 3^2 + \ldots\ldots x^2$ এর মান কত?

a) x b) $\frac{x(x+1)(2x+1)}{6}$

c) x^{1+4} d) x^{10} **ans. B**

Solution: n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি

$= 1^2 + 2^2 + \ldots\ldots\ldots + n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}$

এখানে, $n = x$

অতএব, সমষ্টি $= \frac{x(x+1)(2x+1)}{6}$

55. ১ মিলিয়ন = কত বিলিয়ন?

a) ০.০০১ বিলিয়ন b) ০.০১ বিলিয়ন

c) ০.০০০১ বিলিয়ন d) ০.১ বিলিয়ন **ans. A**

Solution জানা আছে, ১ বিলিয়ন = ১,০০০ মিলিয়ন।

∴ ১ মিলিয়ন $= \frac{১}{১০০০} = ০.০০১$ বিলিয়ন।

56. ১ হতে ২০ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?

a) ২২০ b) ২৩০

c) ২১০ d) ২৪০ **ans. C**

Solution: ধারাটির সমষ্টি $= \frac{n(n+1)}{2}$ [n তম পদ = ৫০]

$= \frac{২০(২০+১)}{২} = \frac{২০ \times ২১}{২} = ২১০$

57. 0.5 + 0.05 + 0.005 × 0.5 × 0.05 × 0.005 = কত?

a) 0.550000325 b) 0.550000625

c) 0.550000525 d) 0.550000425 **ans. B**

Solution: দেয়া আছে, 0.5 + 0.05 + (0.005 × 0.5 × 0.05 × 0.005) www.prebd.com

= 0.5 + 0.05 + 0.000000625

= 0.550000625

58. ১২টি বই থেকে ৫টি বই কত প্রকারে বাছাই করা যায় যেখানে ২টি বই সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে?

a) ১৪২ b) ১৮৮

c) ১২০ d) ১৪০ **ans. C**

Solution:

2 টি পুস্তক সর্বদাই অন্তর্ভূক্ত থাকলে

মোট পুস্তকের সংখ্যা বাকি থাকবে = 12 – 2 = 10 টি

আর পুস্তক বাছাই করতে হবে = 5 – 2 = 3 টি

এখন 10টি পুস্তক থেকে 3টি পুস্তক বাছাই করার উপায় সংখ্যা

$= {}^{10}c_3$

$= \frac{10!}{3!(10-3)!}$ [সূত্রঃ ${}^{n}c_r = \frac{n!}{r!(n-r)!}$ প্রয়োগ করে]

$= \frac{10!}{3! \times 7!}$

$= \frac{10 \times 9 \times 8 \times 7!}{3 \times 2 \times 1 \times 7!}$

= 120

59. যদি $x + 5y = 24$ এবং $x = 3y$ হয় তাহলে y এর মান কত?

a) 8 b) 9.5

c) 3 d) 7 **ans. C**

Solution: দেয়া আছে, $x + 5y = 24$ ..... (i)

$\Rightarrow 3y + 5y = 24$ [As, $x = 3y$]

$\Rightarrow 8y = 24$

$\therefore y = \frac{24}{8} = 3$

Recent Publication

60. যে চতুর্ভুজের কেবল দুইটি বিপরীত বাহু পরস্পর সমান্তরাল তাকে কি বলে?

a) সামন্তরিক b) চতুর্ভুজ
c) ট্রাপিজিয়াম d) রম্বস **ans. C**

Solution:

ট্রাপিজিয়াম	যে চতুর্ভুজের বিপরীত দুটি বাহু সমান্তরাল কিন্তু অসমান তাকে ট্রাপিজিয়াম বলে।
রম্বস	চারটি সমান বাহু দ্বারা সীমাবদ্ধ একটি ক্ষেত্র যার একটি কোণও সমকোণ নয়, এরূপ চিত্রকে বলা হয় রম্বস।
সামন্তরিক	যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় সমান ও সমান্তরাল কিন্তু কোন কোণই সমকোণ নয় তাকে সামন্তরিক বলে।
চতুর্ভুজ	চারটি বাহু দ্বারা আবদ্ধ ক্ষেত্রকে চতুর্ভুজ বলে।

61. ১ নটিক্যাল মাইল সমান কত কিলোমিটার?

a) ২.২৫৮ b) ১.৮৫৫
c) ১.৮৫২ d) ২.৮৭১ **ans. C**

Solution: ১ নটিক্যাল মাইল = ১.১৫ মাইল বা ১.৮৫২ কিলোমিটার।www.prebd.com

62. একটি দেশের জিডিপির পরিমাণ ৭.৫ বিলিয়ন মার্কিন ডলার। ঐ দেশের মোট জনসংখ্যা ১.৮৫ মিলিয়ন হলে মাথাপিছু জিডিপির পরিমাণ নিকটতম কত মার্কিন ডলার?

a) ৪০৫ b) ৪০৫৪
c) ৪০ d) ৪০৫৪০ **ans. B**

Solution: জানা আছে, ১ বিলিয়ন = ১,০০০ মিলিয়ন।
দেয়া আছে একটি দেশের জিডিপির পরিমাণ ৭.৫ বিলিয়ন বা (৭.৫ × ১০০০) ৭৫০০ মিলিয়ন মার্কিন ডলার।
ঐ দেশের মোট জনসংখ্যা ১.৮৫ মিলিয়ন।

মাথাপিছু জিডিপির পরিমাণ $\frac{৭৫০০}{১.৮৫}$ = ৪০৫৪ মিলিয়ন মার্কিন ডলার প্রায়।

63. চীন থেকে ভারতবর্ষে আসা প্রথম পর্যটকের নাম কি?

a) ফা-হিয়েন b) হিউয়েন সাং
c) মা হুয়ান d) মেগাস্থিনিস **ans. A**

Solution: ফা-হিয়েন প্রাচীন চৈনিক বৌদ্ধ তীর্থযাত্রী। পঞ্চম শতকে দ্বিতীয় চন্দ্রগুপ্ত (৩৮০ - ৪১৩ খ্রি.) এর সময় ভারতবর্ষে আসেন চৈনিক তীর্থযাত্রী ফা-হিয়েন। মধ্য এশিয়া ভারত ও শ্রীলঙ্কা ভ্রমণ করে এ সংক্রান্ত বিবরণ লিপিবদ্ধ করে যান তিনি। ভারত ভ্রমণের শেষ পর্যায়ে তিনি সীমান্ত রাজ্য চম্পার মধ্য দিয়ে বাংলায় প্রবেশ করেন বলে জানা যায়। এজন্য সঙ্গী সাথীসহ দীর্ঘ পথ পায়ে হাঁটেন। উল্লেখ্য,

হিউয়েন সাং	বিখ্যাত চৈনিক পর্যটক। তিনি হর্ষবর্ধনের শাসনামলে ভারতবর্ষে আসেন।
মা হুয়ান	চীনা পরিব্রাজক। গিয়াস উদ্দীন আজম শাহের সময় বাংলায় আসেন।
মেগাস্থিনিস	গ্রিস। রাজকীয় দূত হিসেবে ভারতীয় রাজা চন্দ্রগুপ্ত মৌর্যের (স্যান্ড্রাকোটাস) রাজদরবারে দায়িত্ব পালন করেন।

64. বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের কোন বিভাগ দায়িত্ব পালন করে?

a) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ b) পরিকল্পনা বিভাগ
c) অর্থ বিভাগ d) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ **ans. D**

Solution: বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থয়ান সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের 'অর্থনৈতিক সম্পর্ক বিভাগ' কাজ করে। উল্লেখ্য, গণপ্রচাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের চারটি বিভাগের সমন্বয়ে গঠিত হয়। এগুলো হলোঃ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)	অর্থ বিভাগ (এফডি)
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (আইআরডি)

65. রাডারে যে তড়িৎ চৌম্বক ব্যবহার করা হয় তার নাম-

a) গামা রশ্মি b) মাইক্রোওয়েভ
c) অবলোহিত বিকিরণ d) আলোক তরঙ্গ **ans. B**

Solution: রাডার এমন একটি যন্ত্র যার সাহায্যে রেডিও প্রতিধ্বনির মাধ্যমে দূরবর্তী কোন বস্তুর উপস্থিতি, দূরত্ব ও দিক নির্ণয় করা যায়। RADAR এর পূর্ণরূপ হলোঃ Radio Detection And Ranging. রাডার হল একটি ইলেক্ট্রোম্যাগনেটিক সেন্সর যা বৃহৎ দূরত্বের বিভিন্ন ধরনের বস্তু সনাক্তকরণ, অনুসরণ বা ট্র্যাকিং এবং আকার জানার জন্য ব্যবহৃত হয়। এটি কোন বস্তুর দিকে ইলেক্ট্রোম্যাগনেটিক বা চৌম্বকীয় তরঙ্গ শক্তি প্রেরণ করে, এবং বস্তু থেকে ফিরে আসা প্রতিধ্বনি পর্যবেক্ষণ করে।

66. কোন দেশে প্রথম "আরব বসন্ত" এর সূচনা হয়?

a) মিশর b) লেবানন
c) তিউনিসিয়া d) লিবিয়া **ans. C**

Solution: ২০১০ সালের ১৭ ডিসেম্বর থেকে আরব বিশ্বের বিভিন্ন দেশে যে গণজাগরণ সৃষ্টি হয়েছে তাকে উল্লেখ করা হয়েছে আরব বসন্ত (Arab Spring) হিসেবে। ২০১০ সালের ১৭ ডিসেম্বর জন্ম নেয়া এই আন্দোলন ২০১১ সালের শুরুতে ব্যাপক আকার ধারণ করে তিউনিসিয়ায়। আরব যুবকদের মনে এ আন্দোলন নিয়ে আসে অর্থনৈতিক স্বাধীনতা, রাজনৈতিক সচেতনতা ও গণতন্ত্রের স্পৃহা। আরব বসন্ত-এর সূতিকাগার হিসেবে খ্যাত দেশ হচ্ছে তিউনিসিয়া। দেশটিতে Jasmine Revolution বা জুঁই বিপ্লব ঘটে ১৪ জানুয়ারি, ২০১১ সালে।

Recent Publication

67. AI এর সঙ্গে কোনটি সম্পর্কযুক্ত?

a) 4 IR b) Digital device
c) Cloud server d) সবগুলোই **ans. D**

Solution: মানুষের চিন্তাভাবনাকে কৃত্রিম উপায়ে কম্পিউটারে প্রবেশ করিয়ে রূপদান করাকে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স বলা হয়। একে সংক্ষেপে AI বলা হয়। AI এর সাথে সম্পর্কযুক্ত বিষয়গুলো হলোঃ

4 IR	Digital device
Cloud server	Machine learning
NLP	Robotics, etc

68. SIM এর পূর্ণরূপ কি? www.prebd.com

a) Spot Identity Module.
b) Small Initiative Module.
c) Single Intenssive Module.
d) Subscriber Identity Module. **ans. D**

Solution: SIM এর পূর্ণরূপ Subscriber Identification Module বা Subscriber Identify Module. এটি মোবাইল ফোনে ব্যবহৃত হয়। এটি মূলত একটি Memory Device.

69. মানুষের দেহের রক্তরসে শতকরা কত ভাগ পানি থাকে?

a) ৯০ b) ৮০
c) ৭৫ d) ৭০ **ans. A**

Solution: রক্তরস ৯০-৯২% পানি এবং ৮-৯% কঠিন পদার্থ দ্বারা গঠিত। রক্তরসের রঙ ঈষৎ হলুদ।

70. নিচের কোনটির সাহায্যে সমুদেরে গভীরতা নির্ণয় করা হয়?

a) প্রতিসরণ b) প্রতিসরাঙ্ক
c) প্রতিফলন d) প্রতিধ্বনি **ans. D**

Solution: ফ্যাদোমিটার যন্ত্র ব্যবহার করে সমুদ্রের গভীরতা মাপ হয়। এটি আলট্রাসনিক তরঙ্গ উভৎপন্ন করে যা সমুদ্রের তলদেশ হতে প্রতিফলিত হয়ে ফিরে আসে এবং জাহাজে রক্ষিত হাইড্রোফোন যন্ত্রে ধরা পড়ে। কোনো শব্দ মূল শব্দ থেকে আলাদা হয়ে মূল শব্দের পুনরাবৃত্তি করে, তখন ঐ প্রতিফলিত শব্দকে প্রতিধ্বনি বলে।

71. ECNEC এর বর্তমান সভাপতি কে?

a) জনপ্রশাসন মন্ত্রী b) অর্থ মন্ত্রী
c) প্রধানমন্ত্রী d) পরিকল্পনা মন্ত্রী **ans. C**

Solution: জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি বা একনেক (ECNEC - Executive Committee of National Economic Council) হল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের অধীনস্থ একটি নির্বাহী কমিটি যা জাতীয় গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের যাচাই, বিনিয়োগ, অনুমোদন ও অগ্রগতি তথাপি দেশের অর্থনৈতিক অবস্থা ও অর্থনৈতিক কর্মকাণ্ড তত্ত্বাবধান ও নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা ও অনুমোদন প্রদান করে। ECNEC এর সভাগুলো সাধারণত পরিকল্পনা মন্ত্রণালয়ের, পরিকল্পনা বিভাগের অধীনে শেরে বাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠীত হয়ে থাকে। ২০১৪ সালে সর্বশেষ প্রকাশিত বাংলাদেশ সরকারের গেজেট অনুসারে একনেকের কমিটির চেয়ারপারসন থাকবেন বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী। তার অনুপস্থিতিতে একনেকের সভায় বিকল্প চেয়ারম্যান থাকবেন অর্থমন্ত্রী।

72. OIC'র প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

a) কায়রো b) জেদ্দা
c) রিয়াদ d) তেহরান **ans. B**

Solution: আল আকসা মসজিদে ইসরাইলের আগুন দেওয়ার প্রতিবাদে মুসলিম দেশগুলো ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ সালে Organization of Islamic Conference (OIC) বা ইসলামী সাহায্য সংস্থা গঠন করে। এর পূর্ব নাম 'ইসলামী সম্মেলন সংস্থা' পরিবর্তন করে ২৮ জুন ২০১১ সালে নাম করন করা হয় 'ইসলামী সহযোগীতা সংস্থা'। OIC এর মহাসচিবের মেয়াদ কাল পাঁচ বছর (পূর্বে ছিলো চার বছর)। OIC এর অফিসিয়াল ভাষা হলোঃ আরবি, ইংরেজি এবং ফ্রেঞ্চ। এর বর্তমান সদস্য ৫৭ এবং সদরদপ্তর জেদ্দা, সৌদি আরব। এর মূল লক্ষ্য হলো মুসলিম দেশসমূহের মধ্যকার সমস্যা মোকাবিলা করাসহ মুসলিম ধর্মীয় স্থানসমূহ শত্রুমুক্ত ও নিরাপদ করা এবং মুসলিম ভ্রাতৃত্বকে জোরদার করা।

73. বর্তমান দেশের কোন বিভাগে স্বাক্ষরতার হার সবচেয়ে বেশি?

a) ময়মনসিংহ b) বরিশাল
c) ঢাকা d) সিলেট **ans. C**

74. বাংলাদেশে মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান কোন মন্ত্রণালয়ের অধীন?

a) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়
b) প্রতিরক্ষা মন্ত্রণালয়
c) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
d) ডাক, তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় **ans. B**

Solution: বাংলাদেশে মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান সংক্ষেপে হলো (SPARRSO)। এটি প্রতিরক্ষ মন্ত্রণালয়ের অধীনে।এর পূর্ণরূপ হলো Space Research and Remote Sensing Organization. এটি প্রতিরক্ষ মন্ত্রণালয়ের অধীনে।

75. নিম্নের কোন রোগ দুটি অসংক্রামক ব্যাধি?

a) টাইফয়েড ও ডায়াবেটিকস
b) কলেরা ও স্ট্রোক
c) আমাশয় ও ডায়াবেটিকস
d) ক্যান্সার ও স্ট্রোক **ans. D**

Recent Publication

Islami Bank Bangladesh PLC

Recruitment Test for Field Officer

Total Marks: 100; Time: 60 Minutes;

Examination Held On: 01.03.2024

01. প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?

a) কুষ্টিয়া b) বগুড়া

c) কুমিল্লা d) চাঁপাইনবাবগঞ্জ ***ans.* D**

Solution: বাংলার প্রাচীন জনপদ সমূহের মধ্যে রয়েছে গৌড়, বঙ্গ, পুন্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র, তাম্রলিপ্ত, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাংলা, দণ্ডভক্তি ইত্যাদি। গৌড় হলো বর্তমান বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ এবং পশ্চিম বাংলার মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ। আর তাম্রলিপ্ত হলো পশ্চিম বাংলার মেদিনীপুর জেলা।

02. বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা কোনটি?

a) নারায়নগঞ্জ b) নরসিংদী

c) মেহেরপুর d) সাতক্ষীরা ***ans.* A**

Solution: আয়তনে ক্ষুদ্রতম জেলা নারায়ণগঞ্জ। যার আয়তন ৬৮৪.৩৭ বর্গ কি:মি:। আর আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙামাটি। এ জেলাটি ২০ জুন ১৮৬০ প্রতিষ্ঠিত হয় যার আয়তন ৬,১১৬.১১ বর্গ কি:মি:।

আয়তনে বড়	রাঙামাটি জেলা	চট্টগ্রাম বিভাগ	শ্যামনগর থানা
জনসংখ্যায় বড়	ঢাকা জেলা	ঢাকা বিভাগ	গাজীপুর সদর

03. বাংলাদেশকে প্রাচুর্যপূর্ণ নরক বলে অভিহিত করেন-

a) ৫ b) ইবনে বতুতা

c) ইবনে খালদুন d) কোনটিই নয় ***ans.* B**

Solution: মুহাম্মদ বিন তুঘলক এর রাজত্বকালে ১৩৩৪ সালে তিনি মরক্কো হতে এখানে আসেন। তিনি মরক্কোর নাগরিক ছিলেন। তাঁর ভ্রমণকাহিনি নিয়ে রচিত গ্রন্থ হল- কিতাবুল রেহালা বা সফরনামা। আর বাংলায় আসেন ১৩৪৫-৪৬ খ্রিঃ ফখরুদ্দিন মুবারক শাহের সময়। তিনি বাংলাকে দোয়খ-ই-পুর 'নিয়ামত' বা বলে অভিহিত করেন।

04. তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন?

a) মুহাম্মদ ঘুরী b) লক্ষ্মণ সেন

c) পৃথ্বিরাজ d) রামচন্দ্র ***ans.* C**

05. সুলতান মাহমুদ গজনবী কতবার ভারতবর্ষ আক্রমণ করেন?

a) ১৫ বার b) ১৬ বার

c) ১৭ বার d) ১৮ বার ***ans.* C**

Solution: সুলতান মাহমুদ গজনবী ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করেন। তুর্কি বংশোদ্ভূত সুলতান মাহমুদ গজনবী ১০০০ খ্রিস্টাব্দ থেকে ১০২৭ খ্রিস্টাব্দের মধ্যে মাত্র ২৭ বছরে ১৭ বার ভারতীয় উপমহাদেশে অভিযান পরিচালনা করেন। উল্লেখ্য, সুলতান মাহমুদের সভাকবি ছিলেন মহাকবি ফেরদৌসী।

06. বঙ্গবন্ধু লাহোরে ঐতিহাসিক ছয়- দফা পেশ করেন?

a) ১৮ ফেব্রুয়ারী ১৯৬৫ b) ৫ ফেব্রুয়ারী ১৯৬৬

c) ১১ মার্চ ১৯৬৮ d) ১০ এপ্রিল ১৯৬৯ ***ans.* B**

Solution: ঐতিহাসিক ৬ দফার প্রবক্তা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পাকিস্তান রাষ্ট্র পূর্ব বাংলার জনগণের প্রতি চরম বৈষম্যমূলক আচরণ ও অবহেলার বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গভীর ও সুস্পষ্ট রূপ লাভ করে ৬ দফার স্বায়ত্তশাসনের দাবিনামায়। ১৯৬৬ সালের ৫ থেকে ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের এক সম্মেলনে যোগদান করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক শেখ মুজিবুর রহমান। সেখানে তিনি সংবাদ সম্মেলন করে পূর্ব পাকিস্তানের জনগণের অধিকার রক্ষার জন্য ৬ দফা দাবি তুলে ধরেন।

07. অর্ধপরিবাহী পদার্থ কোনটি?

a) তামা b) রূপা

c) সিলিকন d) রাবার ***ans.* C**

Solution: সিলিকন হল অর্ধপরিবাহী পদার্থ। কম্পিউটারের মেমোরিগুলো সাধারণত অর্ধপরিবাহী পদার্থ দিয়ে তৈরি করা হয়। মেমোরি তৈরিতে সিলিকন ব্যবহার করা হয়।

08. পানি বরফে পরিণত করা হলে এর আয়তন-

a) বেড়ে যাবে b) কমে যাবে

c) অপরিবর্তিত থাকবে

d) বাড়তে পারে, কমতে পারে ***ans.* C**

Solution: পানির সর্বোচ্চ ঘনত্ব ৪°C তাপমাত্রায় হয়। কিন্তু পানি বরফে পরিণত হয় O°C তাপমাত্রায়। পানি বরফে পরিণত হলে আয়তন বেড়ে যায়। পরীক্ষা করে দেখা গিয়েছে ১১ একক আয়তনের পানি বরফে পরিণত হলে বরফের আয়ত ১২ একক হয়। অর্থাৎ পানি বরফে পরিণত হলে এর আয়তন $\frac{১}{১১}$ অংশ বেড়ে যায়। ফলে পানির তুলনায় বরফের ঘনত্ব কম হয়। পানির তুলনায় বরফের ঘনত্ব কম বলে বরফ পানির চেয় হালকা, তাই বরফ পানিতে ভাসে। বরফকে পানিতে ছেড়ে দিলে এর আয়তন $\frac{১১}{১২}$ অংশ পানিতে ডুবে থাকে এবং $\frac{১}{১২}$ অংশ পানিতে ভেসে থাকে।

Recent Publication

09. **'ছত্রপতি' নামে কে বিখ্যাত?**

a) অশোক b) হর্ষবর্ধন

c) শিবাজী d) কোনটিই নয় ***ans.* C**

Solution: 'ছত্রপতি' শিবাজীর উপাধি। শিবাজী ভোঁসলে অথবা ছত্রপতি শিবাজী রাজে ভোঁসলে হলেন মারাঠা সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনি ১৬৭৪ সালের ৬ জুন মারাঠা সাম্রাজ্যের রাজা 'ছত্রপতি' হিসেবে মুকুট ধারণ করেন।

10. **বঙ্গবন্ধুকে জেল মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পান-**

a) ৯ জানুয়ারী ১৯৭২ b) ১৬ ডিসেম্বর ১৯৭২

c) ৮ জানুয়ারি ১৯৭২ d) ১০ জানুয়ারি ১৯৭২ ***ans.* C**

Solution: পাকিস্তানের কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৮ জানুয়ারি ১৯৭২ সালে মুক্তি লাভ করেন। তিনি ১০ জানুয়ারি বাংলাদেশে আসেন। এজন্য ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়।

11. **আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন-**

a) মানসিংহ b) জয়পাল

c) দাহির d) দাউদ ***ans.* C**

Solution: আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন দাহির সেন। তিনি উমাইয়া খিলাফতের মুহাম্মদ বিন কাসিমের নেতৃত্বে ৭১১ খ্রিস্টাব্দে পরাজিত হন। উল্লেখ্য, রাজা দাহির সেন পাকিস্তান এর সিন্ধু প্রদেশের ব্রাহ্মণ রাজবংশের শেষ হিন্দু রাজা।

12. **'হুমায়ূন নামা' কে লিখেছিলেন?**

a) হুমায়ূন b) ফিরদৌসী

c) আবুল ফজল d) গুলবদন বেগম ***ans.* D**

Solution: 'হুমায়ূন নামা' এর রচয়িতা হলেন গুলবদন বেগম। উল্লেখ্য, বিখ্যাত কিছু প্রবন্ধঃ

জগদীশ চন্দ্র বসু	➢	অব্যক্ত
ড. মুহম্মদ ইউনুস	➢	দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে (আত্মজীবনীমূলক)
গুলবদন বেগম	➢	হুমায়ূন নামা
গোপাল হালদার	➢	সংস্কৃতির রূপান্তর
আকবর আলি খান	➢	পরার্থপরতার অর্থনীতি
ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন (কলিঙ্গ পুরস্কার প্রাপ্ত)	➢ ➢ ➢ ➢ ➢	বিজ্ঞান বিষয়ক রচনার জন্য বিখ্যাত। সাগরের রহস্যপরী এসো বিজ্ঞানের রাজ্যে রহস্যের শেষ নেই আবিষ্কারের নেশায়
ড. আনিসুজ্জামান	➢	স্বরূপের সন্ধানে

13. **হিজরতের পূর্বে যে সকল সূরা নাযিল হয়েছে সেগুলোকে কী বলে?**

a) মক্কি সূরা b) লাইলী সূরা

c) মাদানি সূরা d) কোনটিই নয় ***ans.* A**

Solution: হিজরতের পূর্বে যে সকল সুরা নাযিল হয়েছে সেগুলোকে মক্কি সুরা বলে। মক্কি সুরার সংখ্যা মোট ৮৬টি। হিজরতের পরে যে সকল সুরা নাযিল হয়েছে সেগুলোকে মাদানি সুরা বলে। মাদানি সুরার সংখ্যা মোট ২৮টি।

14. **বিজ্ঞানের কোন শাখায় শক্তি নিয়ে আলোচনা করা হয়?**

a) উদ্ভিদ বিজ্ঞান b) রসায়ন

c) প্রাণিবিজ্ঞান d) পদার্থ বিজ্ঞান ***ans.* D**

Solution: বিজ্ঞানের পদার্থ বিজ্ঞান শাখায় শক্তি নিয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য, রসায়ন পদার্থের উপাদান, কাঠামো, ধর্ম ও পারস্পারিক ক্রিয়া বিক্রিয়া সংক্রান্ত বিজ্ঞান।

15. **মহানবী (সাঃ) ব্যবসার উদ্দেশ্যে কোন দেশে এসেছিলেন?**

a) মিসর b) ইরাক

c) আবিসিনিয়া d) সিরিয়া ***ans.* D**

16. **রক্তে হিমোগ্লোবিনের কাজ কি?**

a) অক্সিজেন পরিবহণ করা

b) রোগ প্রতিরোধ করা

c) রক্ত জমাট বাধতে সাহায্য করা

d) উপরের উল্লিখিত সব কয়টিই ***ans.* A**

Solution: রক্তের মধ্যে বিদ্যমান লৌহঘটিত জটিল গঠনের জৈব পদার্থ হল হিমোগ্লোবিন। এটি অক্সিজেনের সাথে মিশে অক্সিহিমোগ্লোবিন তৈরির মাধ্যমে সমগ্র দেহে অক্সিজেন সরবরাহ করে। হিমোগ্লোবিনের কারণে মানুষের রক্তের বর্ণ লাল হয়। হিমোগ্লোবিন রক্তের লোহিত কণিকায় থাকে। হিমোগ্লোবিন ৪ শতাংশ হিম এবং ৯৬ শতাংশ গ্লোবিন নাম সরল প্রোটিনের সমন্বয়ে গঠিত।

17. **শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?**

a) মিশর b) ইরাক

c) ইরান d) থাইল্যান্ড ***ans.* D**

Solution: শ্যামদেশ থাইল্যান্ডের পুরাতন নাম। 'থাইল্যান্ড' শব্দের অর্থ স্বাধীন ভূমি বা মুক্তভূমি। ১৯৩৯ সালের ২৩ জুন শ্যামদেশের নাম পরিবর্তন করে থাইল্যান্ড নামকরণ করা হয়।

18. **জাপানের আইন সভার নাম কি?**

a) সিনেট b) কংগ্রেস

c) ডায়েট d) নেসেট ***ans.* C**

Solution: জাপানের আইন সভার নাম ডায়েট। ইসরাইলের আইনসভার নাম নেসেট। আর যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কংগ্রেস।

Recent Publication

দেশ	আইন সভা
বাংলাদেশ	জাতীয় সংসদ
পাকিস্তান	জাতীয় পরিষদ বা সিনেট
নেদারল্যান্ড	স্টাটেন্ড জেনারেল
আফগানিস্তান	লয়াজিরগা
মালদ্বীপ	মজলিস
যুক্তরাজ্য	পার্লামেন্ট
জার্মানি	রাইখস্টাগ

দেশ	আইন সভা
জাপান	ডয়েট
ভারত	লোকসভা বা রাজ্যসভা
তুরস্ক	গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি
ভুটান	সোংঙ্গ
যুক্তরাষ্ট্র	কংগ্রেস
ডেমার্ক	ফোকেট
সুইডেন	রিক্সড্যাগ

19. আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে কোন প্রণালী?

a) ফ্লোরিডা b) পক

c) জিব্রাল্টার d) বেরিং **ans. D**

Solution: আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে বেরিং প্রণালী।

নাম	ইংরেজি নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
জিব্রাল্টার প্রণালী	Strait of Gibraltar	আফ্রিকা -ইউরোপ	উত্তর আটলান্টিক -ভূমধ্যসাগর
ডোভার প্রণালী	Strait of Dover	ফ্রান্স-ব্রিটেন	ইংলিশ চ্যানেল-উত্তর সাগর
বেরিং প্রণালী	Bering Strait	এশিয়া-উত্তর আমেরিকা	উত্তর সাগর-বেরিং সাগর
পক প্রণালী	Palk Strait	ভারত ও শ্রীলংকা	ভারত মহাসাগর-আরব সাগর

20. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কী দিয়ে?

a) অ্যালুমিনিয়াম b) সিলিকন

c) প্লাষ্টিক d) কোনটিই নয় **ans. B**

Solution: কম্পিউটারের মেমোরীগুলো সাধারণত অর্ধপরিবাহী পদার্থ দিয়ে তৈরি করা হয়। সিলিকন ও জার্মেনিয়াম হল অর্ধপরিবাহী পদার্থ। তাই মেমোরী তৈরিতে সিলিকন ব্যবহার করা হয়।

21. নোবেল পুরস্কার বিজয়ী 'তাওয়াক্কুল কারমান' কোন দেশের নাগরিক?

a) ইরান b) ইন্দোনেশিয়া

c) তুরস্ক d) ইয়েমেন **ans. D**

Solution: তাওয়াক্কুল কারমান ইয়েমেনের একজন নাগরিক। তিনি ২০১১ সালে শান্তিতে নোবেল পুরস্কার অর্জন করেন।

22. মৌমাছির চাষ হলো-

a) এপিকালচার b) সেরিকালচার

c) পিসিকালচার d) হর্টিকালচার **ans. A**

Solution: বিজ্ঞানসম্মত উপায়ে মৌমাছি প্রতিপালন এবং মৌমাছির মধু সংগ্রহ করাকে এপিকালচার বলে। উল্লেখ্য,

পিসিকালচার	বিজ্ঞানভিত্তিক উপায়ে মৎস্যচাষ তথা মৎস্য পালন, আহরণ ও সংরক্ষণ পদ্ধতিকে পিসিকালচার বলে।
সেরিকালচার	বৈজ্ঞানিক পদ্ধতিতে রেশম পোকার চাষপদ্ধতিকে বলে সেরিকালচার।
হর্টিকালচার	উদ্যান পালন বিজ্ঞান

23. পেট্রোল ছাড়া গাড়ি চলা কোন ধরণের পরিবর্তন?

a) রাসায়নিক পরিবর্তন b) ভৌত পরিবর্তন

c) ক ও খ d) কোনোটিই নয় **ans. A**

24. বাংলাদেশের একটি প্রাচীন জনপদ হলো?

a) সোনারগাঁও b) হরিকেল

c) ভুলুয়া d) পঞ্চগড় **ans. B**

Solution: বাংলার প্রাচীন জনপদ সমূহের মধ্যে রয়েছে হরিকেল, গৌড়, বঙ্গ, পুন্ড্র, সমতট, বরেন্দ্র, তাম্রলিপ্ত, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাংলা, দণ্ডভক্তি ইত্যাদি। গৌড় হলো বর্তমান বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ এবং পশ্চিম বাংলার মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ।

25. বাংলা একাডেমির মূল ভবনের নাম কী ছিল?

a) বর্ধমান হাউস b) বাংলা ভবন

c) আহসান মঞ্জিল d) কোনটিই নয় **ans. A**

Solution: বাংলা একাডেমী বাংলা ভাষা সংক্রান্ত সর্ববৃহৎ গবেষণা প্রতিষ্ঠান। ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ঢাকার বর্ধমান হাউজে এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৫২ ভাষা আন্দোলন এবং এদেশের মুসলিম মধ্যবিত্তের জাগরণ ও আত্মপরিচয় বিকাশের প্রেরণায় বাংলা একাডেমীর জন্ম হয়।

26. 'রবীন্দ্র' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) রবী + ইন্দ্র b) রবী + ঈন্দ্র

c) রবি + ইন্দ্র d) রবি + ঈন্দ্র **ans. C**

Solution: 'ই'-কার কিংবা 'ঈ'-কারের পর 'ই'-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ 'ঈ'-কার হয়। দীর্ঘ 'ঈ'-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ ই + ই = ঈ অতি + ইত = অতীত। ই + ঈ = ঈ। পরি + ঈক্ষা = পরীক্ষা। এরূপঃ গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিলণ্টীশ্বর, সতীন্দ্র ইত্যাদি।

27. 'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?

a) দেশি উপসর্গযোগে b) বিদেশি উপসর্গযোগে

c) সংস্কৃত উপসর্গযোগে d) কোনটিই নয় **ans. A**

Recent Publication

Solution: বাংলা ভাষায় ব্যবহৃত নিজস্ব উপসর্গকে বলা হয় খাঁটি বাংলা বা দেশি উপসর্গ। বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা ২১টি। 'কদাকার' শব্দটি দেশি 'কদ' উপসর্গযোগে গঠিত।

28. **কোন দুটি অঘোষ ধ্বনি?**

a) চ, ছ b) ড, ঢ
c) ব, ভ d) দ, ধ ***ans.* A**

Solution: যেসব ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী কম্পিত হয় না, সেগুলোকে অঘোষ ধ্বনি বলে।
যেমনঃ ক্, খ্; চ্, ছ্; ট্, ঠ্; ত্, থ্; প্, ফ্, শ্।

29. **বাবা বাড়ি নেই- বাক্যটিতে 'বাড়ি' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্মে শূণ্য b) কর্তৃকারকে শূণ্য
c) অধিকরণে শূণ্য d) অপাদানে শূণ্য ***ans.* C**

Solution: 'বাবা বাড়ি নেই' - এখানে 'বাড়ি' অধিকরণে শূন্য বিভক্তি। যে কারকে স্থান, কাল, বিষয় ও ভাব নির্দেশিত হয় তাকে অধিকরণ কারক বলে। এই কারকে সাধারণত 'এ', '-য়', '-তে' ইত্যাদি বিভক্তি শব্দের সঙ্গে যুক্ত হয়।

30. **'সাহেব' শব্দটির বহুবচন কী?**

a) সাহেবগণ b) সাহেবান
c) সাহেব d) সাহেব সকল ***ans.* B**

Solution: কিছু বিদেশি শব্দে, সে ভাষার অনুসরণে বহুবচন হয়। যেমনঃ আন যোগে: বুজুর্গ-বুজুর্গান, সাহেব-সাহেবান।

31. **'বালকেরা স্কুলে যাচ্ছে' - বাক্যটি কোন ধরণের কাল নির্দেশ করে?**

a) সাধারণ বর্তমান b) নিত্য বর্তমান
c) ঘটমান বর্তমান d) বর্তমান ***ans.***

Solution: যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝানোর জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন: তামিম বই পড়ছে। তাহসান গান গাইছে।

32. **'লেফাফা' শব্দের অর্থ কী?**

a) বালতি b) মোড়ক
c) শাবল d) চিঠি ***ans.* B**

Solution: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী 'লেফাফা' শব্দের অর্থ চিঠি ইত্যাদি প্রেরণের জন্য ব্যবহৃত কাগজের তৈরী মোড়ক, খাম বা Envelop.

33. **'মৃন্ময়' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) মৃন + ময় b) মৃং + ময়
c) মৃৎ + ময় d) মৃঃ + ময় ***ans.* C**

Solution: 'ঙ, ঞ, ণ, ন, ম' পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শধ্বনি কিংবা নাসিক্যধ্বনি হয়।

যেমন: ক্ + ন = গ্ঙ + ন দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয় বা দিঙ্‌নির্ণয়।
ত্ + ম = দ্/ন + ম তৎ + মধ্যে = তদ্‌মধ্যে বা তন্মধ্যে।
এখানে লক্ষণীয় যে, এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত।
যেমন: বাক্ + ময় + বাঙ্ময়; তৎ + ময় = তন্ময়; জগৎ + নাথ = জগন্নাথ ইত্যাদি।

34. **কোন শব্দটি ফারসি?**

a) মুসাফির b) তকদির
c) পেরেশান d) মজলুম ***ans.* C**

Solution: উল্লেখ্য, মুসাফির, তকদির এবং মজলুম এগুলো আরবী শব্দ।

35. **'চৌ হদ্দি' শব্দটি কোন ভাষার শব্দ ছিলে রচনা?**

a) বাংলা + ফারসি b) সংস্কৃত + ফারসি
c) ফারসি + আরবি d) সংস্কৃতি + আরবি***ans.* C**

Solution: কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। যেমনঃ চৌ-হদ্দি (ফারসি + আরবি), রাজা-বাদশা (তৎসম + ফারসি), হাট-বাজার (বাংলা + ফারসি), হেড-মৌলভি (ইংরেজি + ফারসি), হেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম), খ্রিস্টাব্দ (ইংরেজি + তৎসম), ডাক্তার-খানা (ইংরেজি + ফারসি), পকেট-মার (ইংরেজি + বাংলা) ইত্যাদি।

36. **কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে?**

a) ওরা কি করে? b) আপনি আসবেন
c) আমরা যাচ্ছি d) তোরা যাসনে ***ans.* A**

Solution: কারো সম্বন্ধে কিছু বলতে হলে তাকে বোঝাতে যে সর্বনাম পদ ব্যবহৃত হয় তাকে প্রথম পুরুষ বা নাম পুরুষ বলে। যেমনঃ সে, তিনি, তারা ইত্যাদি। এখানে, 'ওরা কি করে?' হলো নাম পুরুষ (তুচ্ছার্থে)। উল্লেখ্য, 'আপনি আসবেন' হলো মধ্যম পুরুষ (সম্মানার্থে); 'আমরা যাচ্ছি' হলো উত্তম পুরুষ; 'তোরা যাসনে' হলো মধ্যম পুরুষ (তুচ্ছার্থে)।

37. **'চাচা কাহিনী'র লেখক কে?**

a) সৈয়দ শামসুল হক b) আবুল মনসুর আহমেদ
c) সৈয়দ মুজতবা আলী d) শওকত ওসমান ***ans.* C**

Solution: সৈয়দ মুজতবা আলীর 'চাচা কাহিনী' (১৯৫২) একটি ছোট গল্পগ্রন্থ। তাঁর রচিত বিখ্যাত আরেকটি ছোট গল্পগ্রন্থ হলো 'টুনি মেম'। তাঁর রচিত বিখ্যাত ভ্রমণকাহিনীর নাম 'দেশে বিদেশে'। 'অবিশ্বাস্য' এবং 'শবনম' তাঁর রচিত উপন্যাস।

Recent Publication

38. উপসর্গ কোনটি?
a) অতি b) থেকে
c) চেয়ে d) দ্বারা **ans. A**

Solution: শব্দ বা ধাতুর পূর্বে যে সব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে ঐসব শব্দাংশকে উপসর্গ বলে। বাংলা ভাষায় মোট তিন প্রকার উপসর্গ রয়েছে। যথাঃ খাঁটি বাংলা উপসর্গ, তৎসম (সংস্কৃত) উপসর্গ এবং বিদেশি উপসর্গ। 'অতি' একটি তৎসম উপসর্গ। তৎসম উপসর্গ বিশটিঃ প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

39. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ-
a) তীরে পৌছার বাকি b) সঞ্চয়ের প্রকৃতি
c) মুমূর্ষু অবস্থা d) আসন্ন বিপদ **ans. B**

Solution: 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ সঞ্চয়ের প্রবৃত্তি। আর 'শিরে সংক্রান্তি' বাগধারাটির অর্থ আসন্ন বিপদ।

40. 'কুন্তল' শব্দটির অর্থ-
a) কপাল b) হাত
c) মুখ d) চুল **ans. D**

41. 'শেষের কবিতা' কি ধরণের গ্রন্থ?
a) কাব্য b) উপন্যাস
c) নাটক d) প্রহসন **ans. B**

Solution: 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ড় অনর্জিত এক বাকরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ।

42. 'চন্দ্র' কোন শব্দের উদাহরণ?
a) তৎসম b) তদ্ভব
c) দেশি d) বিদেশি **ans. A**

Solution: সংস্কৃত ভাষার যে-সব শব্দ পরিবর্তিত না হয়ে সরাসরি বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সে সব শব্দকেই তৎসম শব্দ বলা হয়। উদাহরণঃ চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, মস্তক, অন্ন, গৃহ, চরণ, তৃণ, অগ্রহায়ণ, ভাষা ইত্যাদি।

43. 'গাছ থেকে ফল পড়ে' কোন কারক?
a) অপাদান b) করণ
c) অধিকরণ d) সম্প্রদান **ans. A**

Solution: উল্লেখ্য, যা থেকে কিছু বিচ্যুৎ, গৃহীত, জাত, বিরত, দূরীভূত এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে।

44. সাধু ও চলিত ভাষার পার্থক্য হয়-
a) বিশেষ্য ও বিশেষণে b) ক্রিয়াপদ ও সর্বনামে
c) সন্ধি ও উপসর্গে d) প্রকৃতি ও প্রত্যয়ে**ans. B**

Solution: সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদগুলো সাধারণত দীর্ঘ হয়ে থাকে। যেমনঃ খাইতেছি, তাহারা ইত্যাদি। চলিত ভাষায় ক্রিয়া এবং সর্বনাম পদগুলো সংক্ষিপ্ত। যেমনঃ খাচ্ছি, তারা ইত্যাদি।

45. শকুন্তলার অনুবাদক-
a) মোহিতলাল মজুমদার b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) কোনটিই নয় **ans. B**

Solution: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শকুন্তলা' (১৮৫৪) হলো কালীদাসের সংস্কৃত ভাষায় রচিত 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকের বাংলা অনুবাদ। এই উপখ্যানে মালিনী নদীর কথা উল্লেখ আছে। বাংলা সাহিত্যে 'শকুন্তলা' গুরুত্বপূর্ণ এ কারণে যে, এ গ্রন্থের আগে গদ্যে রচিত এতো চমৎকার কাহিনি বা আখ্যান বর্ণনা পাওয়া যায় না। গদ্যসাহিত্য প্রতিষ্ঠার যুগে 'শকুন্তলা' একটি অসাধারণ সৃষ্টি।

46. সমাস ভাষাকে কী করে?
a) সংক্ষেপ করে b) বিস্তৃত করে
c) অর্থের রূপান্তর ঘটায় d) অর্থপূর্ণ করে **ans. A**

Solution: সমাস মানে সংক্ষেপণ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। তাই সমাস ভাষাকে সংক্ষেপ করে।

47. মুনীর চৌধুরীর 'মুখরা রমণী বশীকরণ' একটি-
a) উপন্যাস b) ছোটগল্প
c) প্রবন্ধ d) অনুবাদ **ans. D**

Solution: মুনীর চৌধুরী উইলিয়াম শেক্সপিয়রের 'The Taming of The Shrew' নাটকের অনুবাদ করেন 'মুখরা রমণী বশীকরণ' নামে।

48. 'যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না' তাকে এক কথায় বলে-
a) দুর্গম b) দুস্তর
c) দুর্জয় d) দুর্লভ **ans. B**

Solution: যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না = দুস্তর।
যেখানে যাওয়া কষ্টকর = দুর্গম।
যা কষ্টে জয় করা যায় = দুর্জয়।
যা কষ্টে লাভ করা যায় = দুর্লভ।

Recent Publication

49. সাধু ও চলিত রীতির মিশ্রণে বাক্য কোন দোষে দুষ্ট হয়?
a) দ্বিত্বজনিত দোষে b) বাহুল্য দোষে
c) গুরুচণ্ডালী দোষে d) আঞ্চলিক দোষে ***ans.*** **C**

Solution: সাধু ও চলিত ভাষার ত্রুটিপূর্ণ মিশ্রণকে 'গুরুচণ্ডালী দোষ' বলে। 'সাধু ভাষা' ও 'চলিত ভাষা' বাংলা ভাষারই দুটো রীতি। এক রীতির সাথে অন্য রীতি মিলিয়ে ফেললে ভাষা অসুন্দর হয়, ভাষারীতিতে ত্রুটি ঘটে, উভয়রীতির মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য বিদ্যমান। তাই একই রচনায় সাধু ও চলিত ভাষার সংমিশ্রণ অসংগত ও অশুদ্ধ। ভাষারীতির এ অশিষ্ট প্রয়োগকে গুরুচণ্ডালী দোষ বলে।

50. সমষ্টিবাচক বিশেষ্যপদ কোনটি?
a) খাতা b) সভা
c) পাখি d) ঢাকা ***ans.*** **B**

Solution: যে পদে বেশকিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টিবাচক বিশেষ্য। যেমনঃ সমিতি, পঞ্চায়েত, সভা, জনতা, মাহফিল, ঝাঁক, বহর, দল।

51. 'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ কি?
a) কলাপী b) নীরধি
c) বিটপী d) অবনি ***ans.*** **C**

Solution:

মূল শব্দ	বৃক্ষ	ময়ূর	নীরধি
সমার্থক শব্দ	বিটপী, পল্লবী, শাখী, শিখরী, উদ্ভিদ, দ্রুম, মহীরুহ, অটবী, শাখী, তরু, পাদপ, গাছ	কলাপী, বর্হী, কেকা, শিখণ্ডক, শিখণ্ডী, শিখী	বারিদ, সাগর

52. Every driver must be held ____ his own actions.
a) responsible for b) responsible to
c) liable to d) blamed for ***ans.*** **A**

Solution: Responsible for অর্থ ব্যক্তির ক্ষেত্রে আইন অথবা নীতিগতভাবে দায়ী বা দায়িত্বপূর্ণ। Blamed for অর্থ কাউকে কোন কিছুর জন্য নিন্দা বা দোষী সাব্যস্ত করা। Liable to অর্থ অধীন হওয়া।
বাক্যের অর্থঃ প্রত্যেক গাড়ি চালককে তাঁর কর্মের জন্য দায়ী থাকা উচিত।

53. He had a ___ headache.
a) strong b) acute
c) serious d) bad ***ans.*** **D**

Solution: খুব বা প্রচণ্ড মাথাব্যথা বা মাথাধরা অর্থে A bad headache ব্যবহৃত হয়। তবে 'had' এর পরিবর্তে Severe/ splitting ইত্যাদিও ব্যবহার করা যায়। যেমনঃ I have **a** bad/ severe/ splitting headache.
বাক্যের অর্থঃ তার তীব্র মাথা ধরেছে।

54. Noun of the word 'beautiful' is-
a) Beauty b) Beautify
c) Beautification d) Nothing else.***ans.*** **A**

Solution: Beauty এর Noun হলো Beautiful. উল্লেখ্য,

Noun	Verb	Adjective	Adverb
Beauty	Beautify	Beautiful	Beautifully
Brevity	Abbreviate	Brief	Briefly
Number	Enumerate	Numeral	
Ability	Enable	Able	Ably
Circle	Encircle	Circular	
Danger	Endanger	Dangerous	Dangerously
Economy	Economize	Economic	Economically

55. What does the phrase 'In black and white' means?
a) Verbally b) In writing
c) Temporary d) False ***ans.*** **B**

Solution: In black and white অর্থ লিখিতভাবে। In writing অর্থ লিখিতভাবে। কিন্তু, Verbally অর্থ মৌখিকভাবে। Falsely অর্থ মিথ্যারূপে। In color অর্থ রঙে।

56. My uncle arrived while I ____ the dinner.
a) would cook b) had cook
c) was cooking d) cooking ***ans.*** **C**

Solution: While চলমান প্রক্রিয়া বোঝাতে ব্যবহৃত হয়। তাই While I was cooking হয়েছে।
বাক্যের অর্থঃ আমার চাচা তখনই পৌঁছেছিল যখন আমি রাতের রান্না করছিলাম

57. He takes a lot of interest ____ game.
a) for b) in
c) at d) with ***ans.*** **B**

Solution: কোনো বিষয়ে আগ্রহ থাকা অর্থে Interest এরপর 'in' বসে। আবার, কোনো বিষয়ে আগ্রহী হওয়া অর্থে Interested in বসে। উল্লিখিত প্রশ্নে খেলায় আগ্রহ থাকার কথা বুঝাচ্ছে বলে সঠিক উত্তর হবে Interest in.
বাক্যের অর্থঃ খেলাধুলায় তার ব্যাপক আগ্রহ রয়েছে।

58. The passive voice of 'Post the letter' is
a) Let the letter be post
b) Let the letter be posted.
c) Let the letter posted.
d) Let the letter post ***ans.*** **B**

২০। একটি চাকা 1.75 কি:মি: পথ যেতে 40 বার ঘুরে। চাকাটির ব্যাসার্ধ কত মিটার?

সমাধান

আমরা জানি, 1 কি.মি = 1000 মিটার

$\therefore$ 1.75 কি.মি = 1750 মিটার

40 বার ঘুরে 1750 মিটার পথে

1 ,, ,, $\frac{1750}{40}$,, ,,

= 43.75 মিটার

যেহেতু চাকা ১ বার ঘুরলে তার পরিধির সমান ঘুরে,

সুতরাং চাকার পরিধি, $2\pi r = 43.75$

$r = \frac{43.75}{2\pi} = \frac{43.75}{2 \times 3.1416} = 6.96$ মিটার

উত্তর: 6.96 মিটার

সিভিল সার্জন কার্যালয়, সিলেট

পদের নামঃ স্বাস্থ্য সহকারী

তারিখঃ ১০.০৫.২০২৪; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৮০

01. নিচের বাগধারাসমূহের অর্থ লিখুন :

a) গুড়ে বালি (আশায় নৈরাশ্য)ঃ সরকারি চাকরি পাওয়াটা আমার জন্য গুড়ে বালি নয়।

b) হাতের পাঁচ (শেষ সম্বল)ঃ হাতের পাঁচ ঐ একশত টাকাই ছিল তাও খাবার আনতেই শেষ।

c) উড়নচণ্ডী (অমিতব্যয়ী)ঃ এমন উড়নচণ্ডী হলে দুদিনে টাকাকড়ি সব শেষ হয়ে যাবে।

d) আঙুল ফুলে কলাগাছ (হঠাৎ বড়লোক হওয়া)ঃ সালাম মিয়া হঠাৎ আঙ্গুল ফুলে কলাগাছ হয়েছে তাই তার মেয়ের এত দেমাগ।

e) ইঁদুর কপালে (মন্দভাগ্য)ঃ তোমার মত ইঁদুর কপালে লোক আমি দেখিনি।

02. এক কথায় প্রকাশ করুন :

a) অল্প কথা বলে যে = মিতভাষী।

b) আমিষের অভাব = নিরামিষ।

c) আকাশে চড়ে যে = খেচর; আকাশচারী।

d) হরিণের চামড়া = অজিন।

e) কণ্ঠ পর্যন্ত = = আকণ্ঠ।

03. বিপরীত শব্দ লিখুন :

a) আদি = অন্তিম।

b) অজ্ঞ = বিজ্ঞ/ প্রাজ্ঞ/ জ্ঞানী।

c) গৃহী = সন্ন্যাসী।

d) অনুকূল = প্রতিকূল।

e) আবির্ভাব = তিরোভাব/তিরোধান।

04. সন্ধি বিচ্ছেদ করুন :

a) গবেষণা = গো+ এষণা।

b) ছাত্র = ছাত্র + অ।

c) সংকল্প = সম্ + কল্প।

d) জনৈক = জন্ + এক।

e) সংবাদ = সম্ + বাদ।

05. বানান গুলো শুদ্ধ করে লিখুন :

a) শ্রদ্ধাঞ্জলী = শ্রদ্ধাঞ্জলি।

b) ব্যাতিত = ব্যতিত।

c) ইতিমধ্যে = ইতোমধ্যে

d) পিপিলীকা = পিপীলিকা।

e) সমিচীন = সমীচীন।

06. **How many pilers of SMART Bangladesh? Write the name of Pillers.**

Solution: There will be four pillars to build 'Smart Bangladesh'. Such as Smart Citizen, Smart Economy, Smart Government, and Smart Society.

07. নিম্নের বাক্যসমূহের ইংরেজী অনুবাদ লিখুন :

a) সিলেট সুরমা নদীর তীরে অবস্থিত। → Sylhet is situated on the bank of the river Surma.

b) সুমন ক্রিকেট খেলে। → Sumon plays cricket.

c) পাখিটি আকাশে ওড়ে। → The bird flies in the sky. www.prebd.com

d) পৃথিবী সূর্যের চারদিকে ঘুরে। → The Earth moves round the sun.

e) আমি সাতদিন যাবত জ্বরে ভুগছি। → I have been suffering from fever for seven days.

08. **Fill in the blanks with suitable word :**

a) Do not shout ____ me. (at) বাক্যের অর্থঃ আমার সাথে চিৎকার করোনা।

b) I am good _____ English. (at) বাক্যের অর্থঃ আমি ইংরেজিতে ভালো।

c) My birthday is _____ November. (in) বাক্যের অর্থঃ নভেম্বর মাসে আমার জন্মদিন।

d) He died ____ cholera. (of) বাক্যের অর্থঃ তিনি কলেরায় মারা গিয়েছেন।

e) God took pity ____ him. (on) বাক্যের অর্থঃ সৃষ্টিকর্তা তার উপর করুণা করেছিলেন।

09. **Make sentence with followings :**

a) Put up with (সহ্য করা)ঃ I will not put up with you misdeeds.

b) Prior to (পূর্বে)ঃ Prior to discovery of insulin, it was not possible to treat the diabetes.

c) Black and white (লিখিতভাবে)ঃ Inform your allegation to the higher authority in black and white.

d) Cats and dogs (মুষলধারে)ঃ It is raining cats and dogs.

e) At once (হঠাৎ)ঃ Go out of the room at once.

10. **Write correct spelling :**

a) Lesure → Leisure

b) Kindergarden → Kindergarten

c) Mispel → Misspell

d) Marsal → Marshall

e) Aworness → Awarness

Recent Publication

11. নিম্নের প্রশ্নসমূহের সংক্ষিপ্ত উত্তর লিখুন :

a) এশিয়ার দীর্ঘতম নদী কোনটি? → ইয়াংসিকিয়াং।

b) খেতাবপ্রাপ্ত দুইজন নারী মুক্তিযোদ্ধা নাম লিখুন। → মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখার জন্য দুইজন মহিলাকে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়। তাঁরা হলেন - মুক্তিযোদ্ধা তারামন বিবি ও মুক্তিযোদ্ধা সেতারা বানু। মুক্তিযোদ্ধা তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন।

c) UNCHR- এর সদর দপ্তর কোথায়? → সুইজারল্যান্ডের জেনেভায়।

d) বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দানকারী প্রথম দেশ কোনটি? → ভুটান বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে সর্বপ্রথম স্বীকৃতি দেয়।

e) পদ্মা সেতুর প্রস্থ কত? → পদ্মা বহুমুখী সেতুর প্রস্থ ১৮.১০ মি. এবং দৈর্ঘ্য ৬.১৫ কি.মি. ।

f) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস কবে? → ১০ই জানুয়ারি।

g) রূপপুর পারমাণবিক প্রকল্প কোথায় অবস্থিত? → পাবনার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত।

h) ভুটানের রাজধানীর নাম কি? → থিম্পু ভুটানের রাজধানী।

i) পৃথিবীর গভীরতম হ্রদ কোনটি? → বৈকাল হ্রদ পৃথিবীর গভীরতম হ্রদ। এটি রাশিয়ার সাইবেরিয়ার দক্ষিণভাগে অবস্থিত একটি সুপেয় পানির হ্রদ। হ্রদটির আয়তন প্রায় ৩১,৫০০ বর্গকিলোমিটার। এর সর্বাধিক গভীরতা ১,৬৩৭ মিটার। এর সর্বাধিক দৈর্ঘ্য ৬৩৬ কিঃমিঃ এবং প্রস্থ ৭৯ কিঃমিঃ। উল্লেখ্য, ১৯৯৬ সালে এটিকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থান ঘোষণা করে।www.prebd.com

j) ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়? → ১৯২১ সালের ১ জুলাই ৩টি অনুষদ, ১২টি বিভাগ, ৬০ জন শিক্ষক, ৮৪৭ জন ছাত্রছাত্রী ও তিনটি আবাসিক হল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

k) বাংলাদেশে জাতীয় সংসদে আসন কতটি? → বাংলাদেশের জাতীয় সংসদের সর্বমোট আসন সংখ্যা ৩৫০ জন।

l) ইউরোপীয় ইউনিয়নে বর্তমান সদস্য রাষ্ট্র কতটি? → ইউরোপীয় ইউনিয়নের বর্তমান সদস্য দেশ ২৭টি।

m) ICDDRB- এর পূর্ণরূপ কি? → ICDDRB এর পূর্ণরূপ হলো International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh 38(আন্তর্জাতিক উদারময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ)।

n) বাংলাদেশের একমাত্র সরকারী ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কোনটি? → এসেনশিয়াল ড্রাগস বাংলাদেশের একমাত্র সরকারী ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান।

o) কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? → ভিটামিন 'এ' এর অভাবে রাতকানা রোগ হয়।

12. একটি চৌবাচ্চার $\frac{৩}{৫}$ ভাগ পূরণ হতে ৭ ঘন্টা সময় লাগে। চৌবাচ্চার বাকি অংশ পূরণ হতে কত সময় লাগবে?

Solution: চৌবাচ্চাটির বাকি অংশ

$= \left(১ - \frac{৩}{৫}\right)$ অংশ $= \frac{২}{৫}$ অংশ

চৌবাচ্চাটির $\frac{৩}{৫}$ ভাগ পূরণ হতে সময় লাগে ৭ ঘণ্টা

∴ চৌবাচ্চাটির $\frac{২}{৫}$ ভাগ পূরণ হতে সময় লাগে

$= \frac{৭ \times ৫ \times ২}{৩ \times ৫} = \frac{১৪}{৩}$ ঘণ্টা

= ৪ ঘণ্টা ৪০ মিনিট

13. উৎপাদকে বিশ্লেষণ করুন : $x^2 + 13x + 36$

Solution: দেয়া আছে, $x^2 + 13x + 36$

$= x^2 + 9x + 4x + 36$

$= x(x + 9) + 4(x + 9)$

$= (x + 9)(x + 4)$

14. একটি ত্রিভুজাকৃতির জমির ভূমি ৭৫ ফুট উচ্চতা ৪৪ ফুট প্রতি বর্গফুট ২৩.৫০ টাকা হারে ঘাস লাগাতে কত টাকা খরচ হবে?

Solution: ত্রিভুজাকৃতির জমির ক্ষেত্রফল

$= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ৭৫ \times ৪৪$

= ১৬৫০ বর্গ মিটার

১ বর্গমিটারে ঘাস লাগাতে খরচ হবে = ২৩.৫০ টাকা

∴ ২৩.৫০ বর্গমিটারে ঘাস লাগাতে খরচ হবে

= ১৬৫০ × ২৩.৫০ = ৩৮৭৭৫ টাকা।

Recent Publication

কারিগরি শিক্ষা অধিদপ্তর

পদের নামঃ ক্যাশ সরকার, অফিস সহায়ক

তারিখঃ ১০.০৫.২০২৪; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৭০

01. **I saw ___ one eyed man.**

a) an b) the

c) a d) none of them ***ans.* C**

Solution: 'O' দিয়ে গঠিত শব্দের পূর্বে 'an' বসে তবে শুধু 'one' এর পূর্বে 'a' বসে। যেমনঃ An open field, an orange, an opera, a one taka note, a one eyed man ইত্যাদি।

বাক্যের অর্থঃ আমি এক চোখের লোক দেখলাম।

02. **It has been raining ___ Sunday last.**

a) from b) for

c) on d) since ***ans.* D**

Solution: অতীতে কোন কাজ শুরু হয়ে এখনও চলছে এরূপ বুঝালে তার Present perfect continuous tense হয়। গঠনঃ Subject + have/has + been + V (ing) + object + since + point in time বা Subject + have/has + been + V (ing) + object + for + period. যেমনঃ It has been raining since 5 am. এখানে Since ব্যবহৃত হয়েছে তার কারণ বলা হয়েছে কখন থেকে বৃষ্টি হচ্ছে, কতক্ষণ ধরে হচ্ছে তা বলা হয়নি।

বাক্যের অর্থঃ গত রবিবার থেকে বৃষ্টি হচ্ছে।

03. **Speak শব্দটির noun কোনটি?**

a) speaking b) spoken

c) speech d) speaker ***ans.* C**

04. **Choose the correct spelled word.**

a) Entrepreneur b) Entarpreneur

c) Entrepraneur d) Enterprenuer ***ans.* A**

Solution: Entrepreneur অর্থ উদ্যোক্তা; শিল্প/বাণিজ্য সংগঠক।

05. তার ঠান্ডা লেগেছে এর ইংরেজি অনুবাদ হলো-

a) He got cold

b) He has caught cold

c) He was caught cold

d) He suffers cold ***ans.* B**

06. এখানে এতো গরম যে কাজ করা যায়না এর ইংরেজি অনুবাদ হলো-

a) It is very hot to work here.

b) It is too hot to work here.

c) It is very hot to work here.

d) It is too much hot to work here. ***ans.* B**

07. **Doctor শব্দটি কোন noun?**

a) Proper b) Collective

c) Material d) Common ***ans.* D**

08. **কোনটি Adjective?**

a) Navy b) Ocean

c) Seashore d) Marine ***ans.* D**

09. **He is ____ M. A. (article)?**

a) the b) a

c) an d) for ***ans.* C**

Solution: Abbreviation (শব্দের সংক্ষিপ্তরূপ) এর প্রথম অক্ষর Consonant হলেও তা উচ্চারণ করার সময় যদি Vowel sound আসে তাহলে তার আগে '*a*' না বসে 'an' বসে। যেমনঃ

Papia is an M.A. (M 'এম' উচ্চারণের প্রথমে 'এ')

Faidh opened an S.B. Account (S 'এস')

কিন্তু প্রথম Consonant টির উচ্চারণের সময় যদি Vowel sound না আসে তাহলে তার আগে '*a*' বসে। অর্থাৎ She is a B.A./ B.Sc./ B.Com.

বাক্যের অর্থঃ সে M. A. পাস।

10. **He plays football. এখানে plays কোন ধরণের verb?**

a) Principal verb b) Auxiliary verb

c) Nonfinite verb d) Participle ***ans.* A**

11. **Which is the correct sentence?**

a) He deals in rice.

b) He deals with rice.

c) He deals by rice.

d) He deals of rice. ***ans.* A**

Solution: Deal in something অর্থ কোনো কিছুর ব্যবসা করা। Deal in অর্থ ব্যবসা করা।

বাক্যের অর্থঃ সে চাউলের ব্যবসা করে।

12. **Feminine gender of 'Tiger' is-**

a) Tygris b) Tigerly

c) Tigress d) Tygrees ***ans.* C**

Solution: কিছু কিছু Masculine form এর শেষে Syllable (tor, ter, rer, ror, gro, ger) এর Vowel বাদ দিয়ে এবং শেষে 'ess' যোগ করে Feminine form গঠন করা হয়। যেমনঃ

Tiger – Tigress	Actor – Actress	Traitor - Traitress

Recent Publication

13. **I have never seen ____ a helicopter before.**

a) any larger b) as large
c) such a large d) so large **ans. C**

Solution: এরকম বড় প্লেন অর্থে Such a large helicopter বসবে। তাই সঠিক উত্তর হবে অপশন *c*).
বাক্যের অর্থঃ আমি আগে এতো বড় হেলিকপ্টার কখনো দেখিনি।

14. **My father gave me ___ one taka note.**

a) a b) an
c) the d) no article **ans. A**

Solution: 'O' দিয়ে গঠিত শব্দের পূর্বে 'an' বসে তবে শুধু 'one' এর পূর্বে 'a' বসে। যেমনঃ An open field, an orange, an opera, a one taka note, a one eyed man ইত্যাদি।
বাক্যের অর্থঃ বাবা আমাকে একটি এক টাকার নোট দিলেন।

15. **Sixty miles ___ a long distance.**

a) are b) had
c) do d) is **ans. D**

Solution: বাক্যে Time, money, length, weight, distance এর ক্ষেত্রে এককের সমষ্টি দেখতে Plural এর মতো মনে হলেও উক্ত সমষ্টিকে একটা Unit হিসেবে গণ্য করা হয়। এই কারণে সংশ্লিষ্ট Verb টি Singular verb গ্রহণ করে।
বাক্যের অর্থঃ ষাট মাইল একটা বিশাল দূরত্ব।

16. **What does CV stand for-** www.prebd.com

a) Curriculum Vital
b) Curriculum Vitae
c) Curriculum Value
d) Curriculum Voyage **ans. B**

Solution: CV এর পূর্ণরূপ হলো Curriculum Vitae. যার অর্থ জীবন-বৃত্তান্ত। এর সমার্থক শব্দ হলো Resume.

17. **You must always go to-**

a) Work in time b) Work at time
c) Work on time d) Work right time
ans. C

Solution: Work একটি Uncountable noun. তাই এর সাথে 's' যুক্ত হবে না।

18. **What kind of noun is Sylhet?**

a) Common b) Collective
c) Material d) Proper **ans. D**

19. **She is good ___ mathematics (use article)**

a) in b) on
c) at d) of **ans. C**

Solution: Good at something অর্থ কোন কিছুতে দক্ষ।
বাক্যের অর্থঃ সে অঙ্কে দক্ষ।

20. **I am not bad ___ tennis.**

a) by b) to
c) off d) at **ans. D**

Solution: Bad at something অর্থ কোনো কিছুতে অদক্ষ। আবার, Good at something অর্থ কোনো কিছুতে ভালো বা দক্ষ।
বাক্যের অর্থঃ আমি টেনিসে খারাপ না।

21. **একটি খাতা ৩০ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৬০ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হতো, খাতাটির ক্রয়মূল্য কত?**

a) ৪০ b) ৩০
c) ৬০ d) ৫০ **ans. A**

Solution: ধরি, ক্রয়মূল্য = x টাকা
প্রশ্নমতে, ২ $(x - ৩০) = ৬০ - x$
$\Rightarrow$ $২x - ৬০ = ৬০ - x$
$\Rightarrow$ $৩x = ১২০$
$\therefore$ $x = ৪০$

22. **এক হালি ডিমের দাম ৪৮ টাকা হলে ৯টি ডিমের দাম কত হবে?**

a) ১০৮ b) ১২০
c) ৯৮ d) ১২১ **ans. A**

Solution: আমরা জানি, ১ হালি = ৪টি
প্রশ্নমতে, ৪টি ডিমের দাম ৪৮ টাকা
$\therefore$ ১টি ডিমের দাম $\frac{৪৮}{৪}$ টাকা
$\therefore$ ৯টি ডিমের দাম $\frac{৪৮ \times ৯}{৪} = ১০৮$ টাকা

23. **একটি বাক্সের দৈর্ঘ্য ২ মি., প্রস্থ ১.৫ মি. এবং উচ্চতা ১ মি., বাক্সটির আয়তন কত?**

a) ২ ঘনমিটার b) ৩ ঘনমিটার
c) ৪ ঘনমিটার d) ২.৫ ঘনমিটার **ans. B**

Solution: আমরা জানি, বক্সের আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা = ২ × ১.৫ × ১ = ৩ ঘনমিটার।

Recent Publication

24. ১ মিটারে কত ইঞ্চি?

a) ৩৭.৩৯ ইঞ্চি b) ৩৯.৫৭ ইঞ্চি

c) ৩৯.৩৭ ইঞ্চি d) ৩৬.৩৭ ইঞ্চি **ans. C**

Solution: ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি (প্রায়)।

১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি (প্রায়)	১ গজ = ০.৯১৪৪ মিটার (প্রায়)
১ কিঃমিঃ = ০.৬২ মাইল (প্রায়)	১ মাইল = ১.৬১ কিঃমিঃ (প্রায়)

25. ১০০০ এর ১২% কত?

a) ১০৮ b) ১২০

c) ১১২ d) ১১০ **ans. B**

Solution: ১০০০ এর ১২% = ১০০০ এর $\frac{১২}{১০০}$ = ১২০

26. কোনটি মৌলিক সংখ্যা?

a) ২ b) ১২

c) ৯ d) ১৬ **ans. A**

Solution: এখানে,

সীমা	মৌলিক সংখ্যা	মোট মৌলিক সংখ্যা	সর্বমোট
১-১০	২,৩,৫,৭	৪টি	৪টি (১-১০)
১১-২০	১১,১৩,১৭,১৯	৪টি	৮টি (১-২০)
২১-৩০	২৩,২৯	২টি	১০টি(১-৩০)
৩১-৪০	৩১,৩৭	২টি	১২টি (১-৪০)
৪১-৫০	৪১,৪৩,৪৭	৩টি	১৫টি (১-৫০)
৫১-৬০	৫৩,৫৯	২টি	১৭টি(১-৬০)
৬১-৭০	৬১,৬৭	২টি	১৯টি(১-৭০)
৭১-৮০	৭১,৭৩,৭৯	৩টি	২২টি (১-৮০)
৮১-৯০	৮৩,৮৯	২টি	২৪টি (১-৯০)
৯১-১০০	৯৭	১টি	২৫টি(১-১০০)

27. ত্রিভুজের তিন কোণের সমষ্টি

a) ১ সমকোণ b) ২ সমকোণ

c) ৩ সমকোণ d) ৪ সমকোণ **ans. B**

Solution: ত্রিভুজের ৩ কোণের সমষ্টি = 180°. আর, 180° দুই সমকোণের সমান যেহেতু এক সমকোণ সমান 90°

28. ক্রয় মূল্য ও বিক্রয় মূল্যের অনুপাত ৫ : ৭ হলে লাভের পরিমাণ শতকরা কত?

a) ২০% b) ১৫%

c) ১৮% d) ৪০% **ans. D**

Solution: ধরি, ক্রয়মূল্য = ১০০

তাহলে ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = ৫ ঃ ৭ = ১০০ ঃ ১৪০

তাহলে লাভ হয় = ১৪০ - ১০০ = ৪০

∴ শতকরা লাভ হয় = $\frac{৪০}{১০০} \times ১০০ = ৪০\%$

29. $x + y = 7$, এবং $xy = 6$ হলে $x^2 + y^2$ এর মান কত?

a) 37 b) 34

c) 30 d) 70 **ans. A**

Solution: Given that,

$x + y = 7, xy = 6$

∴ $x^2 + y^2 = (x + y)^2 - 2xy$

⇒ $(7)^2 - 2 \times 6$

⇒ $49 - 12 = 37$

ans: নির্ণেয় মান 37.

30. একটি দ্রব্যের বিক্রয়মূল্য ক্রয়মূল্যের পার্থক্য হলো ১২০ টাকা, ২০% হারে লাভে দ্রব্যটির বিক্রয় মূল্য কত?

a) ৬০০ টাকা b) ৭০০ টাকা

c) ৭২০ টাকা d) ৭৪০ টাকা **ans. C**

31. ত্রিভুজের যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের অন্তর এর তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা www.prebd.com

a) বৃহত্তর b) ক্ষুদ্রতর

c) সমান d) কোনটিই নয় **ans. B**

32. ৪৫০ টাকার ৫% কত?

a) ২২ b) ২২.৫০

c) ২২.৬০ d) ২৩ **ans. B**

Solution: ৪৫০ এর ৫% = ৪৫০ এর $\frac{৫}{১০০}$ = ২২.৫০

33. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ৫ যোগ করলে যোগফল ১৭ হবে?

a) ১০ b) ৬

c) ৫ d) ৮ **ans. B**

Solution: ধরি, সংখ্যাটি = x

প্রশ্নমতে, $২x + ৫ = ১৭$

⇒ $২x = ১৭ - ৫$

⇒ $২x = ১২$

∴ $x = \frac{১২}{২} = ৬$

34. পিতা পুত্রের বয়সের অনুপাত ৫ : ৩, পিতার বয়স ৪২ বছর হলে পুত্রের বয়স কত?

a) ১২ b) ১৩

c) ১৫ d) ২১ **ans.**

35. সামন্তরিকের চারকোণের সমষ্টি কত?

a) ২ সমকোণ b) ৩ সমকোণ

c) ৪ সমকোণ d) ৫ সমকোণ **ans. C**

36. বৃত্তের ব্যাস বৃদ্ধি পেয়ে চার গুণ হলে ক্ষেত্রফল বৃদ্ধি পেয়ে হবে-

a) চার গুণ b) আট গুণ

c) ষোল গুণ d) বিশ গুণ **ans. C**

Recent Publication

Solution: ধরি, বৃত্তের ব্যাস $= x$

$\therefore$ বৃত্তের ব্যাসার্ধ $\frac{x}{২}$

$\therefore$ Old ক্ষেত্রফল $= \left(\frac{x}{২}\right)^2 \pi = \frac{\pi \times x^2}{৪}$

এখন ব্যাস ৪ গুণ করা হলে ব্যাস হবে $৪x$

$\therefore$ ব্যাসার্ধ $= \frac{৪x}{২}$

$\therefore$ New ক্ষেত্রফল

$= \pi \times \left(\frac{৪x}{২}\right)^2 = \pi \times \frac{১৬x^2}{৪} = ১৬ \times \left(\pi \times \frac{x^2}{৪}\right)$

$\therefore$ অর্থাৎ ক্ষেত্রফল বাড়ে ১৬ গুণ।

37. ধানে চাল ও তুষের অনুপাত ৪ : ১ হলে, এতে শতকরা কী পরিমাণ তুষ আছে?

a) ২৫% b) ২০%
c) ১০% d) ১৫% **ans. B**

Solution: অনুপাতের যোগফল $= ৪ + ১ = ৫$

$\therefore$ তুষ আছে $= ৫$ এর $\frac{১}{৫} = ১$ একক।

$\therefore$ শতকরা পরিমাণ $= \left(\frac{১}{৫} \times ১০০\right)\% = ২০\%$

38. একটি চাকা ঘন্টায় ১০০০ বার ঘুরলে ৭২ সেকেন্ডে চাকাটি কতবার ঘুরবে? www.prebd.com

a) ৩০ বার b) ৪০ বার
c) ২০ বার d) ১০ বার **ans. C**

Solution: ১ ঘন্টা $= ৬০ \times ৬০ = ৩৬০০$ সেকেন্ড

প্রশ্নমতে, ৩৬০০ সেকেন্ডে ঘোরে ১০০০ বার

$\therefore$ ১ সেকেন্ডে ঘোরে $\frac{১০০০}{৩৬০০}$ বার

$\therefore$ ৭২ সেকেন্ডে ঘোরে $\frac{৭২ \times ১০০০}{৩৬০০}$ বার

$= ২০$ বার

39. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এর পরিসীমা কত?

a) ৮০ মিটার b) ৬০ মিটার
c) ৪০ মিটার d) ৫০ মিটার **ans. A**

Solution: বর্গক্ষেত্রের একবাহুর দৈর্ঘ্য a মিটার হলে

প্রশ্নমতে, $a^2 = ৪০০$

$\therefore$ $a = \sqrt{৪০০} = \sqrt{২০^২} = ২০$ মিটার।

অতএব, নির্ণেয় বর্গক্ষেত্রের পরিসীমা

$= ৪a = ৪ \times ২০ = ৮০$ মিটার।

40. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের যোগফল ২১৬, বড়টি কত?

a) ৯০ b) ১২৬
c) ৬৩ d) ৪৯ **ans. B**

Solution: অনুপাতদ্বয়ের যোগফল $(৫ + ৭) = ১২$

$\therefore$ বড় সংখ্যাটি ২১৬ এর $\frac{৭}{১২} = ১২৬$

41. ধানগাছ কোন জাতীয় উদ্ভিদ?

a) ছত্রাক b) ঘাস
c) মস d) শৈবাল **ans. B**

Solution: ধান গাছ বা বাঁশ গাছ হলো 'ঘাস' জাতীয় উদ্ভিদ।

42. বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোথায়?

a) ফরিদপুর b) চাঁদপুর
c) চট্টগ্রাম d) নারায়ণগঞ্জ **ans. A**

Solution: বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট ফরিদপুর জেলার হাড়োকান্দিতে অবস্থিত। উল্লেখ্য, বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর প্রথম ঢাকায় ছিলো। এটি পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে।

43. ম্যানগ্রোভ বনাঞ্চল বলতে কি বুঝায়?

a) কেওড়া বন b) উপকূলীয় বন
c) শাল বন d) মানবসৃষ্ট বন **ans. B**

Solution: লোনা পানি বা কাদার মধ্যে জেগে থাকা খুঁটির মতো এক ধরনের শ্বাস গ্রহণকারী শিকড়বিশিষ্ট গাছকে ম্যনগ্রোভ বলে। বাংলাদেশে ম্যানগ্রোভ বনাঞ্চল দুই ধরনের রয়েছেঃ ১. প্রাকৃতকি বন (সুন্দরবন) এবং উপকূলীয় বনায়ন।

44. সুন্দরবন সংলগ্ন জেলা কয়টি?

a) ৩ টি b) ৫ টি
c) ৪ টি d) ৬ টি **ans. B**

Solution: বাংলাদেশের ৫ টি জেলায় সুন্দরবন অবস্থিত। এগুলো হলোঃ খুলনা, বাগেরহাট, পটুয়াখালি, বরগুনা, সাতক্ষীরা।

45. ভাওয়াল জাতীয় উদ্যানের প্রধান বৃক্ষ প্রজাতি কি?

a) চাপালিশ b) গর্জন
c) শাল d) বৈলাম **ans. C**

Solution: ভাওয়াল জাতীয় উদ্যানের প্রধান বৃক্ষ শাল। উল্লেখ্য, ভাওয়াল জাতীয় উদ্যান বাংলাদেশের একটি অন্যতম গুরুত্বপূর্ণ জাতীয় উদ্যান। এই উদ্যানটি গাজীপুর জেলার গাজীপুর সদর ও শ্রীপুর উপজেলায় অবস্থিত। বাংলাদেশ সরকার ১৯৭৪ সালে বাংলাদেশ বন্যপ্রাণী সংরক্ষণ আইন (১৯৭৪) অনুযায়ী ৫,০২২ হেক্টর জায়গা জুড়ে পৃথিবীর অন্যান্য উন্নত দেশের আদলে অভয়ারণ্যের ছাঁচে ভাওয়াল শালবনে এই উদ্যান গড়ে তোলে। ১৯৮২ সালের আগে এটি আনুষ্ঠানিকভাবে জাতীয় উদ্যান হিসেবে ঘোষিত হয়নি।

46. বাংলাদেশের প্রথম কয়লা নির্ভর বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?

a) কাপ্তাই b) পায়রা
c) সীতাকুণ্ড d) বড়পুকুরিয়া **ans. D**

Recent Publication

Solution: বাংলাদেশের সবচেয়ে বড় কয়লাখনি হলো দিনাজপুরের পার্বতীপুরে অবস্থিত বড় পুকুরিয়া কয়লাখনি। ১৯৮৫ সালে এটি আবিষ্কৃত হয়। এখানে বিটুমিনাস কয়লা পাওয়া যায়। এর থেকে প্রাপ্ত কয়লা দিয়ে বড় পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন করা হয়।

47. কোনটি বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র?

a) বাখরাবাদ b) হরিপুর
c) তিতাস d) হবিগঞ্জ **ans. C**

Solution: বাংলাদেশের বৃহত্তম গ্যাস ক্ষেত্র হলো তিতাস। আর দৈনিক সবচেয়ে বেশি গ্যাস উত্তোলন করা হয় বাখরাবাদ গ্যাসক্ষেত্র থেকে।

গ্যাসক্ষেত্র	তিতাস	বিয়ানীবাজার	বাখরাবাদ	সাঙ্গু
আবিষ্কার	১৯৬২	১৯৮১	১৯৬৯	১৯৯৬
জেলা	ব্রাহ্মণবাড়িয়া	সিলেট	কুমিল্লা	চট্টগ্রাম

48. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?

a) হীরক b) প্রাকৃতিক গ্যাস
c) কয়লা d) পেট্রোল **ans. B**

Solution: বাংলাদেশের প্রধান খনিজ সম্পদের মধ্যে রয়েছেঃ প্রাকৃতিক গ্যাস, কয়লা, চুনাপাথর, কাচবালি, চীনামাটি, শক্ত পাথর, খনিজ লবণ ইত্যাদি।

49. বাংলাদেশের বর্তমানে মানুষের গড় আয়ু কত?

a) ৭০.১ বছর b) ৭২.৩ বছর
c) ৭৫.১ বছর d) ৬৯.৫ বছর **ans. B**

50. ঢাকা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?

a) ১৯২১ সালে b) ১৯৪০ সালে
c) ১৯৪৭ সালে d) ১৯৭১ সালে **ans. A**

Solution: ১৯২০ সালে ভারতীয় বিধান পরিষদে ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুসারে ১৯২১ সালের ১ জুলাই ৩টি অনুষদ, ১২টি বিভাগ, ৬০ জন শিক্ষক, ৮৪৭ জন ছাত্রছাত্রী ও তিনটি আবাসিক হল (সলিমুল্লাহ, জগন্নাথ, শহীদুল্লা হল) নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, নবাব সলিমুল্লাহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য জমি দান করেন।

51. বাংলা ভাষার রীতি কয়টি?

a) ৩ টি b) ২ টি
c) ৪ টি d) ৫ টি **ans. B**

Solution: বাংলা ভাষার রীতি দুটি। এগুলো হলোঃ চলিত এবং সাধু রীতি।

52. নীচের কোন বানানটি শুদ্ধ?

a) মনীষী b) মনিষি
c) মনীষি d) মনিষী **ans. A**

Solution: এ রকম আরো কিছু বানান হলঃ কৃষিজীবী, বুদ্ধিজীবী, ক্ষীণজীবী ইত্যাদি।

53. 'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) অতি + অন্ত b) অতী + অন্ত
c) অতৎ + অন্ত d) অত + অন্ত **ans. A**

Solution: ('ই + অ' = য্ + অ) অতি + অন্ত = অত্যন্ত, আদি + অন্ত = আদ্যন্ত, যদি + অপি = যদ্যপি, প্রতি + অহ = প্রত্যহ, অতি + অধিক = অত্যধিক, গতি + অন্তর = গত্যন্তর ইত্যাদি।

54. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?

a) সিংহাসন b) ভাই-বোন
c) কানাকানি d) গাছপাকা **ans. B**

Solution: সংযোজক অব্যয়ের লোপ পেয়ে এবং উভয় পদের (পূর্বপদ ও পরপদ) অর্থেরই প্রাধান্য বজায় রেখে যে সমাস হয় তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমনঃ
উভয় পদের অর্থ প্রধানঃ ভাই ও বোন = ভাইবোন, পাপ ও পুণ্য = পাপপুণ্য ইত্যাদি।

55. 'হাতি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

a) জম্বু b) কাস্মা
c) গজ d) নেত্রবারি **ans. C**

Solution: 'হাতি' শব্দের সমার্থক শব্দ হলোঃ গজ, হস্তী, করী, দ্বিপ, নগ, মাতঙ্গ।www.prebd.com

56. 'কপোল' শব্দটির অর্থ কী?

a) গলা b) কপাল
c) গাল d) ঠোঁট **ans. C**

Solution: 'কপোল' অর্থ গণ্ড; গাল। 'কপোল' এর প্রতিশব্দ হলো গাল, গণ্ড। আর কপাল এর প্রতিশব্দ হলো ললাট, ভাল, অদৃষ্ট, ভাগ্য, নিয়তি, বরাত, নসিব।

57. 'নদীতে মাছ আছে' এখানে 'নদীতে' কোন কারক?

a) কর্ম b) করণ
c) অপাদান d) অধিকরণ **ans. D**

Solution: ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধার (স্থান) কে অধিকরণ কারক বলে।

58. 'যা বলা হয়নি' এক কথায় প্রকাশ কী হবে?

a) অবহিত b) অনুক্ত
c) অব্যক্ত d) অনুরোধ **ans. B**

Solution: যা প্রকাশ করা হয় নি = অব্যক্ত।
যা বলার যোগ্য নয় = অকথ্য।

59. "Quarterly" শব্দের অর্থ কি?

a) ত্রৈমাসিক b) সাপ্তাহিক
c) পাক্ষিক d) বার্ষিক **ans. A**

Solution: Quarterly অর্থ ত্রৈমাসিক। Weekly অর্থ সাপ্তাহিক। Yearly অর্থ বার্ষিক। Fortnightly অর্থ পাক্ষিক।

60. অগ্নিবীণা কাব্যগ্রন্থের রচয়িতার নাম কী?

a) রবীন্দ্রনাথ ঠাকুর
b) হুমায়ুন আহমেদ
c) জসীমউদ্‌দীন
d) কাজী নজরুল ইসলাম **ans. D**

Recent Publication

61. 'গৌরব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কি?

a) গৌর + অব b) গুরু + অব
c) গুরু + ঞ d) গুরু + ষ্ণ ***ans.* D**

Solution: যে সব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। যেমনঃ শীতল (শীত + ল), গৌরব (গুরু + ষ্ণ), নেয়ে (না + ইয়া) ইত্যাদি।

62. 'রাজপুত্র' কোন সমাস?

a) ষষ্ঠী তৎপুরুষ b) বহুব্রীহি
c) কর্মধারায় d) দ্বন্দ্ব ***ans.* A**

Solution: তৎপুরুষ সমাসে 'রাজা' স্থলে 'রাজ', পিতা, মাতা, ভ্রাতা স্থলে যথাক্রমে 'পিতৃ', 'মাতৃ', 'ভ্রাতৃ' হয়। যেমনঃ গজনীর রাজা = গজনীরাজ; রাজার পুত্র = রাজপুত্র; পিতার ধন = পিতৃধন; মাতার সেবা = মাতৃসেবা; ভ্রাতার স্নেহ = ভ্রাতৃস্নেহ।

63. বাংলা গীতিকবিতার জনক কে?

a) রবীন্দ্রনাথ ঠাকুর
b) মানিক বন্দ্যোপাধ্যায়
c) দ্বিজেন্দ্রলাল রায়
d) বিহারীলাল চক্রবর্তী ***ans.* D**

Solution: কবি বিহারীলাল চক্রবর্তী বাংলা সাহিত্যে গীতিকবিতার প্রবর্তক। তাঁর কবিতায় গীতি কবিতার বৈশিষ্ট্য প্রথম প্রকাশ পায়। এই বৈশিষ্ট্য সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুর মন্তব্য করেছেন, 'যে প্রত্যুষে অধিক লোক জাগে নাই এবং সাহিত্যকুঞ্জে বিচিত্র কলগীতি কুজিত হইয়া উঠে নাই'। সেই উষাললাকে কেবল একটি 'ভোরের পাখি' সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়াছিল।

64. কবি আলাওল কোন রাজ্যসভায় কবি ছিলেন?

a) মিথিলা b) কৃষ্ণনগর
c) রোসাঙ্গ d) ত্রিপুরা ***ans.* C**

Solution: কবি আলাওল 'রোসাঙ্গ' রাজসভার কবি ছিলেন। আরাকানকে বাংলা সাহিত্যে 'রোসাং' বা 'রোসাঙ্গ' নামে অভিহিত করা হয়েছে। আর আলাওল রচিত প্রথম ও শ্রেষ্ঠ কাব্য 'পদ্মাবতী'।www.prebd.com

65. প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী?

a) ছন্দের যাদুকর b) যাযাবর
c) টেকচাঁদ ঠাকুর d) বীরবল ***ans.* D**

Solution: নিচে আরো কিছু বিখ্যাত সাহিত্যিকদের প্রকৃত নাম ও ছদ্মনাম দেওয়া হলোঃ

প্রকৃত নাম	ছদ্ম নাম
কালী প্রসন্ন সিংহ	হুতোম পেঁচা
মালাধর বসু	গুণরাজ খান
বাহরাম খান	দৌলত উজির
ঈশ্বরচন্দ্র গুপ্ত/ ঈশ্বরগুপ্ত	যুগ সন্ধিক্ষণের কবি
আব্দুল করিম	সাহিত্য বিশারদ
বিহারীলাল চক্রবর্তী	ভোরের পাখি
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
বিমল ঘোষ	মৌমাছি
ড. মনিরুজ্জামান	হায়াৎ মাহমুদ
রবীন্দ্রনাথ ঠাকুর	ভানুসিংহ ঠাকুর
প্রমথ চৌধুরী	বীরবল
মীর মশাররফ হোসেন	গাজী মিয়াঁ
জসীম উদ্‌দীন	তুজাম্বর আলি
সমরেশ বসু	কালকূট
কাজেম আল কোরেশী	কায়কোবাদ
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর
নীহার রঞ্জন	বান ভট্ট
শেখ আজিজুর রহমান	শওকত ওসমান
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ
সুনীল গঙ্গোপাধ্যায়	নীল লোহিত
অচিন্ত্যকুমার সেনগুপ্ত	নীহারিকা দেবী
রাজশেখর বসু	পরশুরাম

66. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?

a) জেঠী b) পাদানী
c) রজকী d) কুলটা ***ans.* D**

Solution: নিত্য স্ত্রীবাচক কয়েকটি শব্দঃ কুলটা, সতীন, ডাইনি, বাইজী, শাঁকচুন্নি, শাঁখিনী, এয়ো, দাই, অর্ধাঙ্গিনী, কলঙ্কিনী, সপত্নী, অন্তঃসত্ত্বা, অসূর্যম্পশা, অরক্ষণীয়া, রূপসী, সজনী, ধনি, সৎমা, বিধবা, সধবা ইত্যাদি।

67. 'মহাকীর্তি' এর ব্যাসবাক্য কোনটি?

a) মহতী যে কীর্তি b) মহা যে কীর্তি
c) মহান যে কীর্তি d) মহান কীর্তি যার ***ans.* A**

Solution: যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসের আরো কিছু উদাহরণ হলোঃ মহাকীর্তি = মহতী যে কীর্তি; মহাজন = মহৎ যে জন; নীলোৎপল = নীল যে উৎপল; মহারাজ = মহান যে রাজা; নরাধম = অধম যে নর; মহাবীর = মহান যে বীর।

68. 'নৈসর্গিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

a) দিবাকালীন b) রাত্রিকালীন
c) প্রাকৃতিক d) কৃত্রিম ***ans.* D**

Solution: 'নৈসর্গিক' এর বিপরীতার্থক শব্দ 'কৃত্রিম/ অনৈসর্গিক'।

69. কোন বানানটি সঠিক?

a) স্বায়ত্তশাসন b) স্বায়ত্ত্বশাসন
c) সায়ত্ত্বশাসন d) সায়ত্তশাসন ***ans.* A**

70. কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?

a) সতীন b) সম্রাট
c) রাজা d) কবিরাজ ***ans.* D**

Solution: আরো কিছু নিত্য পুরুষবাচক শব্দ হলোঃ কবিরাজ, যোদ্ধা, সেনাপতি, দলপতি, ঢাকী, কৃতদার, রাষ্ট্রপতি, বিচারপতি, বামন, কাপুরুষ, জামাতা, মোল্লা ইত্যাদি।

Recent Publication

প্রশ্ন সমাধান // ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

পদ: অফিস সহায়ক **পরীক্ষার তারিখ: ১০/০৫/২০২৪**

সময়: ৬০ মিনিট **মান: ৭০**

১। 'মে দিবস' এর উপর ৫টি বাক্য লিখুন।

২। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) লেজে গোবরে = বিশৃঙ্খলা
খ) অকাল কুষ্মাণ্ড = অপদার্থ
গ) ছ-কড়া ন-কড়া = সস্তা দর
ঘ) কংস মামা = নির্মম আত্মীয়
ঙ) সাপের পাঁচ পা দেখা = অহংকার

৩। এক কথায় প্রকাশ করুন:

ক) যা নিবারণ করা কষ্টকর = দুর্নিবার
খ) অনায়াসে যা লাভ করা যায় = অনায়াসলভ্য
গ) নৌকা চলাচলের যোগ্য = নাব্য
ঘ) যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি
ঙ) একই সময়ে বর্তমান = সমসাময়িক

৪। বিপরীত শব্দ লিখুন:

ক) অগ্র = পশ্চাৎ
খ) পদস্থ = নিম্নস্থ
গ) সংশয় = প্রত্যয়
ঘ) তিমির = আলো
ঙ) উৎকৃষ্ট = নিকৃষ্ট

৫। Write five sentences on "My Family"

৬। Translate into English:

ক) তিনি সৎ লোক ছিলেন।
⇨ He was an honest man.
খ) তিন ঘন্টা যাবৎ বৃষ্টি হচ্ছে।
⇨ It has been raining for three hours.
গ) মেয়েটি হাসতে হাসতে ঘরে ঢুকল।
⇨ The girl entered the room laughing.
ঘ) সূর্য পূর্ব দিকে উঠে।
⇨ The sun rises in the east
ঙ) আজ শুক্রবার।www.prebd.com
⇨ Today is Frida.

৭। Fill in the blanks:

a) Bangladesh is …….. land of rivers.
Answer: a
b) I am not bad …… football.
Answer: at
c) Don't tell…… lie.
Answer: a
d) I agreed…… what you say.
Answer: with
e) Open ……. page 50.
Answer: at

৮। Change Gender:

a) Dog = Bitch
b) Lad = lass
c) Nephew = Niece
d) Milkman = Milkmaid
e) Gentleman = Lady

৯। একটি কলম ১২ টাকায় কিনে ১৬ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

সমাধান লাভ = ১৬ - ১২ = ৪ টাকা

১২ টাকায় লাভ হয় ৪ টাকা

১ " " " $\frac{৪}{১২}$ "

১০০ " " " $\frac{৪\times১০০}{১২}$ "

= ৩৩.৩৩ টাকা

উত্তর: ৩৩.৩৩%

১০। ১৪ জন লোক একটি কাজ ১৫ দিনে শেষ করতে পারে। ঐ কাজটি ১০ দিনে করতে হলে কতজন লোক নিয়োগ করতে হবে?

সমাধান

১৫ দিনে করতে পারে ১৪ জন

১ " " " ১৪ × ১৫ "

১০ " " " $\frac{১৪\times১৫}{১০}$ "

= ২১ জন

উত্তর: ২১ জন

১১। $\mathbf{a+\frac{1}{a}=2}$ হলে $\mathbf{a^4+\frac{1}{a^4}=?}$

সমাধান দেওয়া আছে, $a+\frac{1}{a}=2$

প্রদত্ত রাশি $a^4+\frac{1}{a^4}$

$=(a^2)^2+\left(\frac{1}{a^2}\right)^2$

$=\left(a^2+\frac{1}{a^2}\right)^2-2.a^2.\frac{1}{a^2}$

$=\left\{\left(a+\frac{1}{a}\right)^2-2.a.\frac{1}{a}\right\}^2-2$

$=(2^2-2)^2-2$ [মান বসিয়ে]

$=2^2-2$

$=4-2$

$=2$

১২। উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^4 - 6x^2 + 1$

সমাধান $x^4 - 6x^2 + 1$

$= (x^2)^2 - 2x^2.1 + 1 - 4x^2$

$= (x^2 - 1)^2 - (2x)^2$

$= (x^2 - 1 + 2x)\ (x^2 - 1 - 2x)$

সাধারণ জ্ঞান

১৩। নিচের প্রশ্নগুলো উত্তর দিন:

ক) LPG এর পূর্ণরূপ লিখুন।

উত্তর: Liquid Petroleum Gas

খ) জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস প্রতি বছর কত তারিখে পালন করা হয়?

উত্তর: ৯ আগস্ট

গ) মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন?

উত্তর: শেখ মুজিবুর রহমান

ঘ) পদ্মা সেতু কত তারিখে উদ্বোধন করা হয়?

উত্তর: ২৫ জুন ২০২২

ঙ) জাপানের পার্লামেন্ট এর নাম কী?

উত্তর: ডায়েট

চ) মিশর এর মুদ্রার নাম কী?

উত্তর: পাউন্ড

ছ) 'সিনহুয়া' কোন দেশের সংবাদ সংস্থা?

উত্তর: চীন

জ) 'বাকল্যান্ড বাঁধ' কোন নদীর উপর অবস্থিত?

উত্তর: বুড়িগঙ্গা

ঝ) হোয়াইট হল কোথায় অবস্থিত?

উত্তর: যুক্তরাজ্য

ঞ) মুক্তিযুদ্ধে সর্বপ্রথম শত্রুমুক্ত জেলা কোনটি?

উত্তর: যশোর

কর্নফুলী গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কোম্পানি

পদের নাম: টেকনিশিয়ান

সময়: ৬০ মিনিট | পরীক্ষার তারিখ: ১০.০৫.২০২৪ | পূর্ণমান: ১০০

১. বাংলা গদ্যের জনক কে?
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. উইলিয়াম কেরি
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উ. ক
পৃষ্ঠা: ১২৫ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

২. 'ফুলে ফুলে ঘর ভরেছে।'- বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ
পৃষ্ঠা: ৫৪৮ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৩. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প্রতি+আবর্তন খ. প্রত্যয়+বর্তন
গ. প্রতি+বর্তন ঘ. প্রত্যা+আবর্তন উ. ক
পৃষ্ঠা: ৩৭৭ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৪. 'মুখচন্দ্র' কোন সমাস?
ক. উপমিত কর্মধারয় খ. উপমান কর্মধারয়
গ. মধ্যপদলোপী কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় উ. ক
পৃষ্ঠা: ৪১৫ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৫. 'চাচা কাহিনী' গ্রন্থের লেখক কে?
ক. শওকত ওসমান খ. সৈয়দ মুজতবা আলী
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. সৈয়দ শামসুল হক উ. খ
পৃষ্ঠা: ২২৭ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৬. বাংলা সাহিত্যে কোন শতকে গদ্যের সূচনা হয়?
ক. অষ্টাদশ খ. উনিশ
গ. ষোড়শ ঘ. সপ্তদশ উ. খ
পৃষ্ঠা: ৫০ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৭. বাঙালি রচিত বাংলা অক্ষরে মুদ্রিত প্রথম গ্রন্থ কোনটি?
ক. রাজা প্রতাপাদিত্য চরিত্র
খ. হুতোম প্যাঁচার নকশা
গ. বুড়ো শালিকের ঘারে রোঁ
ঘ. বেহুলা প্যাঁচালী উ. ক
পৃষ্ঠা: ৫২ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৮. 'বই পড়া' প্রবন্ধটি কার?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মোতাহের হোসেন চৌধুরী
গ. হায়াৎ মাহমুদ ঘ. প্রমথ চৌধুরী উ. ঘ
পৃষ্ঠা: ১৭৬ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

৯. উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ কয় ভাগে বিভক্ত?
ক. ২ ভাগে খ. ৩ ভাগে
গ. ৫ ভাগে ঘ. ৪ ভাগে উ. গ
পৃষ্ঠা: ৪৬৪ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১০. 'গাছ পাথর' বাগধারাটির অর্থ কি?
ক. বাড়াবাড়ি খ. প্রাচীন বস্তু
গ. হিসাব-নিকাশ ঘ. অসম্ভব বস্তু উ. গ
পৃষ্ঠা: ৬০৮ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১১. 'দ্বীপ' এর ব্যাসবাক্য-
ক. চারদিকে জল যার খ. দুদিকে আবদ্ধ জল যার
গ. দুদিকে অপ যার ঘ. দ্বীপের মতো উ. গ
পৃষ্ঠা: ৪২৯ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১২. 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?
ক. চলিত রীতি খ. সাধুরীতি
গ. মিশ্ররীতি ঘ. আঞ্চলিক রীতি উ. খ
পৃষ্ঠা: ৩১৪ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১৩. বর্তমান কাল কোনটি?
ক. আমি পড়ি খ. রানু যাবে
গ. সুমি গিয়েছিস ঘ. সে পড়েছিল উ. ক
পৃষ্ঠা: ৫৩৬ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১৪. 'ঠাকুরমার ঝুলি' কী জাতীয় রচনার সংকলন?
ক. রূপকথা খ. ছোট গল্প
গ. গ্রাম্য কবিতা ঘ. উপন্যাস উ. ক
পৃষ্ঠা: ৩৮ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১৫. উপরোধ শব্দের অর্থ কী?
ক. প্রতিরোধ খ. উপস্থাপন
গ. অনুরোধ ঘ. উপযোগী উ. গ
পৃষ্ঠা: ৫০৫ (অগ্রদূত বাংলা; ১৩তম সংস্করণ)

১৬. 'বিজুরি' শব্দের প্রতিশব্দ কি?
ক. চপলা খ. মেঘ
গ. গগণ ঘ. ছায়া উ. ক

১৭. The synonym for 'patient' is-
ক. Sad খ. Calm
গ. Impatient ঘ. Futful উ. খ
পৃষ্ঠা: ৭৩৫ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

১৮. The antonym of 'noble' is-
ক. Grand খ. Dignified
গ. Elevated ঘ. Mean উ. ঘ
পৃষ্ঠা: ৭৩৭ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

বিসিএস ও ব্যাংকসহ সকল চাকরির পরীক্ষায় বাংলায় শতভাগ কমনের জন্য পড়ুন- 'অগ্রদূত বাংলা'

১৯. A place where everything is perfect

ক. Cosmos খ. Platoon
গ. Utopia ঘ. Utilatarian উ. গ

পৃষ্ঠা: ৮০৭ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২০. If I had money, I ... it now.

ক. will purchase খ. would purchase
গ. would have purchased
ঘ. have purchased উ. খ

পৃষ্ঠা: ৫১৫ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২১. Choose the correct sentence.

ক. The rich are not always happy.
খ. Rich are not always happy.
গ. The rich is not always happy.
ঘ. Rich is not a always happy. উ. ক

পৃষ্ঠা: ৫২৬ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২২. The phrase 'by and by' means-

ক. Suddenly খ. in course of time
গ. soon ঘ. as it would be উ. গ

পৃষ্ঠা: ৬৩৫ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৩. Verb of 'Number' is- www.prebd.com

ক. Enumerate খ. Number
গ. Numeric ঘ. Numerical উ. খ

পৃষ্ঠা: ৩২৩ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৪. The prefix 'pre' can be added to-

ক. hot খ. heat
গ. hat ঘ. hit উ. খ

পৃষ্ঠা: ৮৬২ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৫. An ordinance is-

ক. A law খ. A book
গ. A newspaper ঘ. A script উ. ক

পৃষ্ঠা: ৭৩৫ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৬. Try hard lest you .... fail.

ক. May খ. Might
গ. Would ঘ. Should উ. ঘ

পৃষ্ঠা: ১২৮ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৭. One of the boys... absent yesterday.

ক. was খ. is
গ. were ঘ. are উ. ক

পৃষ্ঠা: ৪০৪ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৮. Shakespeare is known mostly for his-

ক. Poetry খ. Novels
গ. Plays ঘ. Autobiography উ. গ

পৃষ্ঠা: ৯০৪ (অগ্রদূত Competitive English; ২য় সংস্করণ)

২৯. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

ক. ১৬ খ. ১৮
গ. ২০ ঘ. ২৪ উ. খ

পৃষ্ঠা: ৫৬৮ এর ৩৯ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩০. ১২ ও ৯৬ এর মধ্যে (এই দুটি সংখ্যাসহ) কয়টি সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য?

ক. ২১ খ. ২৩
গ. ২৬ ঘ. ২২ উ. ঘ

পৃষ্ঠা: ৩৩ এর ১৯৩ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩১. ৬, ৮, ১০ এর গাণিতিক গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

ক. ৫ খ. ৮
গ. ৬ ঘ. ১০ উ. খ

পৃষ্ঠা: ৪৩৮ এর ১১ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩২. ক ও খ দুটি সংখ্যা। ক এর $\frac{১}{২}$ এবং খ এর $\frac{১}{৩}$ অংশ যোগ করলে ৪৫ হয়। খ এর অর্ধেক এবং ক এর $\frac{১}{৫}$ যোগ করলে ৪০ হয়। ক ও খ এর মান কত?

ক. ক = ৫০, খ = ৬০ খ. ক = ৬০, খ = ৫০
গ. ক = ৪০, খ = ৪৮ ঘ. ক = ৬০, খ = ৪৮ উ.

[Note: প্রশ্নে সঠিক উত্তর নাই। প্রশ্নের ২য় অংশে ক এর $\frac{১}{৫}$ এর স্থলে ক এর $\frac{২}{৫}$ হলে সঠিক উত্তর হতো অপশন (ক)]

৩৩. প্রতিটি ৩৬০০ টাকা দরে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?

ক. লাভ লোকসান কিছুই হয় নি
খ. ৯০০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৫০০ টাকা উ. গ

পৃষ্ঠা: ২৩৭এর ১৫৮ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

বিসিএস ও ব্যাংকসহ সকল চাকরির পরীক্ষায়
গণিতে শতভাগ কমনের জন্য পড়ুন
'অগ্রদূত Basic Math'

৩৪. সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘণ্টায় সম্পূর্ণ ভর্তি করা হয়। দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি পূর্ণ করতে ৩ ঘণ্টা সময় লাগে। দুটি পাইপ একসাথে ব্যবহার করে চৌবাচ্চাটি $\frac{২}{৩}$ অংশ পূর্ণ করতে কত সময় লাগবে?

ক. $\frac{২}{৫}$ ঘণ্টা খ. $\frac{৩}{৪}$ ঘণ্টা

গ. $\frac{৫}{৪}$ ঘণ্টা ঘ. $\frac{১}{২}$ ঘণ্টা উ. গ

পৃষ্ঠা: ৪২১ এর ৩২৩ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩৫. একটি কম্পিউটার বিজ্ঞান পরীক্ষায় ৩০% পরীক্ষার্থী পাশ করেছে। যারা পাশ করতে পারেনি তাদের ১২ জন কম্পিউটার বিজ্ঞান কোর্সে অংশগ্রহণ করেছে এবং ৩০ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেনি। কয়জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?

ক. ৬০ খ. ৮০

গ. ১০০ ঘ. ১২০ উ. ক

পৃষ্ঠা: ১৫০ এর ১৪৪ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩৬. ৫৬ ফুট ব্যাসের একটি বৃত্তাকার ক্ষেত্রকে একই ক্ষেত্রফলের একটি বর্গক্ষেত্র করলে, বর্গক্ষেত্রের যে কোন একদিকের বাহুর দৈর্ঘ্য কত হবে?www.prebd.com

ক. ২৮ ফুট খ. ৩৬.৮ ফুট

গ. ৪৯.৬ ফুট ঘ. ৪৬ ফুট উ. গ

পৃষ্ঠা: ৮৩৮ এর ২৯৫ নম্বরের অনুরূপ (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩৭. একটি বাড়ি ৪০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়ালে থেকে ৯ ফুট দূরে রাখা আছে। উপরের মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

ক. ৪৮ খ. ৪১

গ. ৪৪ ঘ. ৪৩ উ. খ

পৃষ্ঠা: ৮৭৮ এর ৮৭ নম্বরের অনুরূপ (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩৮. যদি $x + 5y = 16$ এবং $x = -3y$ হয়, তাহলে, $y = ?$

ক. -24 খ. -2

গ. 8 ঘ. 2 উ. গ

পৃষ্ঠা: ৫৩৮এর ১ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৩৯. তিনটি মেশিন একটি কাজ যথাক্রমে ৪, ৫, ৬ ঘণ্টায় করতে পারে। দুইটি মেশিন সর্বোচ্চ ক্ষমতায় কাজ করে এক ঘণ্টায় কতটুকু কাজ করতে পারে?

ক. $\frac{১১}{১৩}$ খ. $\frac{৯}{২০}$ গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১১}{১৫}$ উ. খ

পৃষ্ঠা: ৩৭৮ এর ১২৩ নম্বর (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৪০. ঢাকা থেকে টাঙ্গাইলের দূরত্ব ৪৫ মাইল। করিম ঘণ্টায় ৩ মাইল বেগে হাঁটে এবং রহিম ঘণ্টায় ৪ মাইল বেগে হাঁটে। করিম ঢাকা থেকে রওয়ানার এক ঘণ্টা পর রহিম টাঙ্গাইল থেকে ঢাকা রওয়ানা হয়েছে। রহিম কত মাইল হাঁটার পর করিমের সাথে দেখা হবে?

ক. ২১ খ. ২২

গ. ২৩ ঘ. ২৪ উ. ঘ

পৃষ্ঠা: ৪০৪ এর ২৪২ নম্বরের অনুরূপ (অগ্রদূত Basic Math, January-2024 Edition)

৪১. কোন মুঘল সুবেদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ?

ক. ইসলাম খান খ. রাজা মানসিংহ

গ. মীর জুমলা ঘ. শায়েস্তা খান উ. ঘ

পৃষ্ঠা: ৪৯ (অগ্রদূত বাংলাদেশ বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৪২. বাগেরহাটে খান জাহান আলী প্রতিষ্ঠিত মসজিদটি কত গম্বুজ বিশিষ্ট?

ক. আশি খ. একাশি

গ. ষাট ঘ. চৌষট্টি উ. খ

পৃষ্ঠা: ৪৭০ (অগ্রদূত বাংলাদেশ বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৪৩. কমনওয়েলথ সচিবালয় ভবনের নাম কি?

ক. বুশ হাউজ খ. মার্লবরো হাউজ

গ. ওরিয়েন্ট হাউজ ঘ. অপেরা হাউজ উ. খ

পৃষ্ঠা: ২৬৪ (অগ্রদূত আন্তর্জাতিক বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৪৪. ফিফা বিশ্বকাপ ফুটবল প্রথম কখন অনুষ্ঠিত হয়?

ক. ১৯৩০ খ. ১৯৩১

গ. ১৯২৯ ঘ. ১৯৩৩ উ. ক

পৃষ্ঠা: ৩৬৩ (অগ্রদূত আন্তর্জাতিক বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৪৫. ধলেশ্বরী নদীর শাখানদী কোনটি?

ক. বংশী খ. শীতলক্ষ্যা

গ. ধরলা ঘ. বুড়িগঙ্গা উ. ঘ

পৃষ্ঠা: ২০৩ (অগ্রদূত বাংলাদেশ বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৪৬. ওন কোন দেশের মুদ্রার নাম?

ক. ম্যাকাউ খ. দক্ষিণ কোরিয়া

গ. লাওস ঘ. ভিয়েতনাম উ. খ

পৃষ্ঠা: ২৯৮ (অগ্রদূত আন্তর্জাতিক বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৪৭. ইউনেস্কো ৭ই মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য ঘোষণা করে কবে?

ক. ৩০ মে, ২০১৮ খ. ৭ই মার্চ, ২০১৭

গ. ৩০ অক্টোবর, ২০১৭ ঘ. ৩০ মার্চ, ২০২১ উ. গ

পৃষ্ঠা: ১২১ (অগ্রদূত বাংলাদেশ বিষয়াবলি; ৭ম সংস্করণ)

বিসিএস ও ব্যাংকসহ সকল চাকরির পরীক্ষায় বাংলাদেশ বিষয়াবলিতে শতভাগ কমনের জন্য পড়ুন

'অগ্রদূত বাংলাদেশ বিষয়াবলি'

৪৮.Zoom কোন দেশের তৈরিকৃত অডিও-ভিডিও যোগাযোগ প্লাটফর্ম?
ক. চীন খ. কানাডা
গ. যুক্তরাষ্ট্র ঘ. যুক্তরাজ্য উ. গ
পৃষ্ঠা: ১৬২ (অগ্রদূত কম্পিউটার ও তথ্য প্রযুক্তি)

৪৯. কোনটি নবায়নযোগ্য সম্পদ?
ক. চুনাপাথর খ. সমুদ্রের স্রোত
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. কয়লা উ. খ
পৃষ্ঠা: ৩৬ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৫০. বাংলাদেশের জলসীমায় উৎপত্তি ও সমাপ্তি নদীর নাম কি?
ক. কর্ণফুলী খ. হালদা
গ. মহানন্দা ঘ. গোমতী উ. খ
পৃষ্ঠা: ২০২ (অগ্রদূত বাংলাদেশ বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৫১. COP- ২৮ জলবায়ু সম্মেলনের আয়োজক দেশ কোনটি?
ক. বাহরাইন খ. যুক্তরাষ্ট্র
গ. সংযুক্ত আরব আমিরাত ঘ. যুক্তরাজ্য উ. গ
পৃষ্ঠা: ২৩১ (অগ্রদূত আন্তর্জাতিক বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৫২. জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়েছিল?
ক. ১৯৭৯ সালে খ. ১৯৮২ সালে
গ. ১৯৮৩ সালে ঘ. ১৯৯৮ সালে উ. খ
পৃষ্ঠা: ২৫৭ (অগ্রদূত আন্তর্জাতিক বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৬৯.তাপ মাপা হয় কি দ্বারা?
ক. থার্মোমিটার খ. ব্যারোমিটার
গ. ক্যালরিমিটার ঘ. ম্যানোমিটার উ. গ
পৃষ্ঠা: ১৫ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৭০.কোন বস্তুর একক ভরের তাপমাত্রা এক ডিগ্রী বৃদ্ধি করতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে কি বলে?
ক. তাপধারণ ক্ষমতা খ. আপেক্ষিক তাপ
গ. পানিসম ঘ. এনট্রপি উ. খ

৭১.পেট্রোল ইঞ্জিনের Thermodynamic cycle এর নাম কি? www.prebd.com
ক. অটো সাইকেল খ. জুল সাইকেল
গ. রংয়াংকিন সাইকেল ঘ. স্টাররিং সাইকেল উ. ক

৭২. ডিজেল ইঞ্জিনের Suction Stroke প্রবেশ করে-
ক. Air & Fuel খ. Only Air
গ. Only Fuel ঘ. None of these উ. খ

৭৩.কার্বুরেটর কোন ইঞ্জিনের ব্যবহার করা হয়?
ক. পেট্রোল খ. ডিজেল
গ. গ্যাস ঘ. স্টীম উ. ক
পৃষ্ঠা: ৪০৪ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৭৪. রেফ্রিজারেশন কোন সাইকেল অনুসারে কাজ করে?
ক. রিভার্স কার্নোট সাইকেল
খ. কার্নোট সাইকেল
গ. জুল সাইকেল
ঘ. এরিসন সাইকেল উ. গ

৭৫.ভরসংখ্যা বলতে নিউক্লিয়াসে অবস্থিত কিসের সংখ্যা বুঝায়?
ক. ইলেকট্রন ও প্রোটন
খ. প্রোটন ও নিউট্রন
গ. নিউট্রন ও ইলেকটন
ঘ. ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন উ. খ
পৃষ্ঠা: ১২৪ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৭৬. পরমাণুর সবচেয়ে হালকা কণিকা?
ক. নিউট্রন খ. ইলেকট্রন
গ. প্রোটন ঘ. সবগুলোর ওজন সমান উ. খ
পৃষ্ঠা: ১২৩ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৭৭. বিদ্যুৎ প্রবাহ মাপার যন্ত্রের নাম কি?
ক. ব্যারোমিটার খ. ম্যানোমিটার
গ. অ্যামিটার ঘ. ফেদোমিটার উ. গ
পৃষ্ঠা: ১৮ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৭৮. সৌর জগতে সূর্য থেকে সবচেয়ে দূরের গ্রহ কোনটি?
ক. মঙ্গল খ. শনি
গ. নেপচুন ঘ. ইউরেনাস উ. গ
পৃষ্ঠা: ৪০৭ (অগ্রদূত আন্তর্জাতিক বিষয়াবলি; ৭ম সংস্করণ)

৭৯. স্টেইনলেস স্টীল নিম্নের কোনটির অ্যালয়-
ক. আয়রন, ক্রোমিয়াম এবং নিকেল
খ. আয়রন ও নিকেল
গ. আয়রন, নিকেল ও মলিবডেনাম
ঘ. আয়রন, ক্রোনিয়াম ও মলিবডেনাম উ. ক
পৃষ্ঠা: ১৪৭ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

৮০. ট্রানজিস্টর মূলত কি হিসাবে ব্যবহৃত হয়?
ক. অ্যামপ্লিফায়ার খ. রেক্টিফায়ার
গ. অসিলেটর ঘ. ভোল্টেজ রেগুলেটর উ. ক
পৃষ্ঠা: ৮৯ (অগ্রদূত বিজ্ঞান; ২য় সংস্করণ)

বিসিএস ও ব্যাংকসহ সকল চাকরির পরীক্ষায় বিজ্ঞানে শতভাগ কমনের জন্য পড়ুন
'অগ্রদূত বিজ্ঞান

মে, ২০২৩ থেকে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত ৮৭টি প্রশ্নের ব্যাখ্যাসহ নির্ভুল সমাধানের জন্য পড়ুন-
'অগ্রদূত Recent Job Solution'

প্রশ্ন সমাধান // মুগদা মেডিকেল কলেজ

মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)

সময়: ৯০ মিনিট; পূর্ণমান: ৮০ পরীক্ষার তারিখ: ১১/০৫/২০২৪

১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) মহর্ষি = মহা + ঋষি [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৬

খ) একোন = এক + ঊন [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৯

গ) পতঞ্জলি = পতৎ + অঞ্জলি [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৮

ঘ) ষোড়শ = ষট্ + দশ [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৮

ঙ) তস্কর = তৎ + কর [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৮

২। এক কথায় প্রকাশ করুন:

ক) আকাশে চরে যে = খেচর [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৬১

খ) বীণার ঝংকার = নিক্বণ [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৭০

গ) চোখের কোণ = অপাঙ্গ [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৯০

ঘ) বাঘের চামড়া = কৃত্তি [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৭৯

ঙ) হাতির ডাক = বৃংহতি [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-৯৪

৩। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) তামার বিষ = অর্থের কু প্রভাব [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১০১

খ) কাক ভূষণ্ডি = সম্পূর্ণ ভেজা [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১০৪

গ) ক অক্ষর গো মাংস = সম্পূর্ণ মূর্খ [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১০৪

ঘ) তুষের আগুন = দীর্ঘস্থায়ী যন্ত্রণা [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১০৯

ঙ) তীর্থের কাক = প্রতীক্ষারত [সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১০৮

৪। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	
সরল	বক্র	[সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১৭৪
তাপ	শৈত্য	[সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১৭২
অগ্র	পশ্চাৎ	[সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১৬৯
অন্তর	বাহির	[সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১৬৯
সম্মুখ	পশ্চাৎ	[সেল্ফ প্রিপারেশন বাংলা; পৃষ্ঠা-১৭৩

৫। Fill in the gaps with appropriate articles or prepositions:

a) Every cloud has ..... silver lining. [সেল্ফ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-16

Answer: a

b) We need to abide..... the rules. [সেল্ফ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-27

Answer: by

c) He is..... Nazrul I see. [সেল্ফ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-13

Answer: a

d) He is a man..... principle.

Answer: of

e) The man died..... overeating. [সেল্ফ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-61

Answer: from

৬। **Translate into English:**

ক) আয় বুঝে ব্যয় করো। [সেক্ষ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-২৯১

➪ Cut your coat according to your cloth

খ) বাচ্চাটি নাচতে নাচতে আমার কাছে আসলো। [সেক্ষ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-৩৫২

➪ The baby came to me dancing

গ) আমি জানি লোকটি কোথায় বাস করেন। [সেক্ষ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-৩০১

➪ I know where the man lives.

ঘ) ট্রেন ছাড়ার পূর্বে আমরা স্টেশন পৌছেছিলাম। [সেক্ষ প্রিপারেশন ইংরেজি; পৃষ্ঠা-৩০১

➪ We had reached the station before the train left.

ঙ) ছেলেটি কখন আসবে?

➪ When will the boy come?

৭। নিচের **phrases/idioms** এর বাংলা অর্থসহ ইংরেজিতে বাক্য রচনা করুন:

Blue blood	অভিজাত বংশীয়	He is proud of his blue blood. [Page-202
Apple of discord	বিবাদের বিষয়	The land is the apple of discord between the two brothers. [Page-196
Nip in the bud	অঙ্কুরে বিনাশ	All his hopes were nipped in the bud. [Page-225
Dead against	ঘোর বিরোধী	He is dead against me. [Page-209
Kith and kin	আত্মীয় স্বজন	He has no kith and kin. [Page-221

৮। **Rewrite the following sentences: 111/rule**

a) He is yet (return).

Answer: has yet to return

b) We found him (watch) TV.

Answer: watching www.prebd.com

c) The more you read, the more you (learn)

Answer: learn/will learn

d) While (walk) along the road, I saw him.

Answer: walking

e) There is no mother but (love) her child.

Answer: loves

৯। একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ৭২ বর্গমিটার। দৈর্ঘ্যের চেয়ে প্রস্থ ১ মিটার কম হলে দৈর্ঘ্য বের করুন।

সমাধান মনে করি, আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ক মিটার

প্রস্থ = ক - ১

প্রশ্নমতে, ক (ক -১) = ৭২

বা, $ক^২$ - ক - ৭২ =০

বা, $ক^২$ - ৯ক + ৮ক - ৭২ = ০

বা, ক(ক - ৯) + ৮ (ক - ৯) = ০

বা, (ক - ৯) (ক + ৮) = ০

এখানে,

ক - ৯ = ০ অথবা, ক + ৮ = ০

∴ ক = ৯ ∴ ক = - ৮ (যা গ্রহণযোগ্য নয়)

সুতরাং দৈর্ঘ্য = ৯ মিটার

১০। একজন লোকের ১৯৯১টি মুরগী আছে। ৩৫টি ব্যতীত তার সকল মুরগী মারা যায়। বর্তমানে তার কতটি মুরগী জীবিত আছে?

উত্তর: ৩৫টি

১১। ক একটি কাজ ৬ দিনে করতে পারে। খ একই কাজের অর্ধেক ৬ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে?

সমাধান মনে করি, ক ৬ দিনে করে ১ বা সম্পূর্ণ অংশ

খ ১/২ অংশ কাজ করে ৬ দিনে

খ ১ " " " ২ × ৬ "

= ১২ দিনে

ক ও খ একত্রে ১ দিনে করে $= \left(\frac{১}{৬} + \frac{১}{১২}\right)$ অংশ

$= \frac{২ + ১}{১২}$ অংশ

$= \frac{১}{৪}$ অংশ

তারা একত্রে $\frac{১}{৪}$ অংশ করে ১ দিনে

∴ ,, ,, ১ (সম্পূর্ণ) ,, ,, ৪ দিনে

উত্তর: ৪ দিন

১২। একটি ট্রেনের দৈর্ঘ্য ৬৫০ মিটার। একটি সেতুর দৈর্ঘ্য ট্রেনটির দৈর্ঘ্যের দুই গুণ। ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে ট্রেনটি কত সময়ে সেতুটি পার হতে পারবে? ৩০ ৫

সমাধান ট্রেনের দৈর্ঘ্য ৬৫০ মিটার। সেতুর দৈর্ঘ্য ১৩০০ মিটার।

ট্রেনটি তার নিজের দৈর্ঘ্য ও সেতুটির দৈর্ঘ্য অতিক্রম করবে।

সুতরাং, ট্রেনটি মোট অতিক্রম করবে (৬৫০ + ১৩০০) মিটার বা ১৯৫০ মিটার

১ ঘণ্টা = ৩৬০০ সেকেন্ড

৬০ কি.মি. = ৬০০০০ মিটার

ট্রেনটি ৬০০০০ মিটার যায় ৩৬০০ সেকেন্ডে

" ১ " " $\frac{৩৬০০}{৬০০০০}$ "

∴ " ১৯৫০ " " $\frac{৩৬০০ \times ১৯৫০}{৬০০০০}$ "

= ১১৭ সেকেন্ড

উত্তর: ১১৭ সেকেন্ড।

১৩। $a + b = 6$, $a - b = 2$ হলে $4ab$ এবং $a^2 - b^2$ এর মান কত?

সমাধান

$4ab = (a + b)^2 - (a - b)^2 = 6^2 - 2^2 = 32$

$a^2 - b^2 = (a + b)(a - b) = 6 \times 2 = 12$

১৪। পূর্ণরূপ লিখুন: a) AIDS b) HBSAG c) FNAC

১৫। ২টি Anticoagulant এর নাম লিখুন।

১৬। Sterilization এর ২টি পদ্ধতি লিখুন।

সাধারণ জ্ঞান

১৭। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

ক)	মুজিবনগর সরকার কবে গঠিত হয়?	১০ এপ্রিল ১৯৭১
খ)	'কারাগারের রোজনামচা' বইয়ের লেখক কে?	শেখ মুজিবুর রহমান
গ)	বঙ্গবন্ধু কোন সালে প্রথম কারাবরণ করেন?	১৯৩৮ সালে
ঘ)	বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?	তাজউদ্দীন আহমেদ
ঙ)	'অপরাজেয় বাংলা' এর ভাস্কর কে?	সৈয়দ আব্দুল্লাহ খালিদ
চ)	NATO এর পূর্ণরূপ কী?	North Atlantic Treaty Organization
ছ)	বাংলাদেশে কয়টি প্রশাসনিক বিভাগ আছে?	৩টি www.prebd.com
জ)	অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?	মাইকেল মধুসূদন দত্ত
ঝ)	এসএম সুলতান কোন জেলার বাসিন্দা?	নড়াইল
ঞ)	পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?	৬.১৫ কি.মি
ট)	সিলেট শহর কোন নদীর তীরে অবস্থিত?	সুরমা
ঠ)	ডায়াবেটিস কোন হরমোনের অভাবে হয়?	ইনসুলিন
ড)	পেনিসিলিন কে আবিষ্কার করেন?	আলেকজান্ডার ফ্লেমিং
ঢ)	WHO এর সদর দপ্তর কোথায়?	জেনেভা, সুইজারল্যান্ড
ণ)	কোন মশার কামড়ে ডেঙ্গু হয়?	এডিস

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

অগ্রদূত Confirm Job ডাইজেস্ট
থেকে ১০০% কমন।

পদের নাম: ডাটা এন্ট্রি অপারেটর

সময়: ৯০ মিনিট | পরীক্ষার তারিখ: ১১.০৫.২০২৪ | পূর্ণমান: ৯০

১. এক কথায় প্রকাশ করুন: ০৫

ক. আনন্দজনক ধ্বনি- নন্দিঘোষ।
খ. যে নারী বীর- বীরাঙ্গনা।
গ. অসম্ভব ঘটনা ঘটাতে সক্ষম (যে নারী)- অঘটনঘটনপটিয়সী
ঘ. আশীর্বাদ বা অভয়দানের ভাবযুক্ত হাতের ভঙ্গি/মুদ্রা- বরাভয়
ঙ. কী করতে হবে তা বুঝতে না পারা- কিংকর্তব্যবিমূঢ়।

২. নিচের বাগধারাগুলো ব্যবহার করে বাক্য রচনা করুন: ০৫

ক. আকাশ ধরা (বৃষ্টি বন্ধ হওয়া): আকাশ ধরলেই আমরা পুনরায় কাজ শুরু করবো।
খ. আমি-আমি করা (আত্মপ্রশংসা): এতো আমি আমি না করে প্রকৃত ঘটনা খুলে বলো।
গ. ঊনো বর্ষা দুনো শীত (যে বছর বৃষ্টি কম হয়, সে বছর শীত বেশি পড়ে): এবার বর্ষায় বৃষ্টি কম হয়েছে তাই শীত সম্পর্কে আগাম বার্তা হচ্ছে- ঊনো বর্ষায় দুনো শীত পড়বে।
ঘ. গর্দভরাগিণী (কর্কশ সুর): তার গর্দভরাগিণী কণ্ঠের গানে মোহিত হওয়া অসম্ভব।
ঙ. ব্যাঙের লাথি (নগণ্য লোকের দ্বারা অপমান): ব্যাঙের লাথি খেয়েও সাধ মেটেনি, আবার কথা বলো।

৩. তথ্য প্রযুক্তি শিক্ষার অন্তরায়সমূহ লিখুন। ০৫

৪. নিম্নের শব্দগুলোর চারটি করে সমার্থক শব্দ লিখন: ০৫

ক. ইচ্ছা = অভিপ্রায়, অভিলাষ, আগ্রহ, আশা, কামনা।
খ. অন্ন = ভাত, আহার্যদ্রব্য, খাদ্য, খাদ্যদ্রব্য।
গ. যুদ্ধ = রণ, সমর, বিগ্রহ, সংঘাত।
ঘ. দেহ = গাত্র, গা, কায়া, তনু, শরীর।
ঙ. বৃক্ষ = গাছ, পাদপ, তরু, বিটপী।

৫. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন: ০২

ক. RAM ও ROM এর মধ্যে পার্থক্য লিখুন।

RAM	ROM
Random Access Memory	Read Only Memory
ভোলাটাইল মেমোরি	নন-ভোলাটাইল মেমোরি
তথ্য লেখা ও পড়া উভয় প্রকার কাজই র‍্যামে সম্পাদন করা যায়।	সাধারণত সংরক্ষিত তথ্য শুধু পড়া যায়, লেখা যায় না।
বিদ্যুৎ সরবরাহ বন্ধ করলে র‍্যামে সংরক্ষিত সকল তথ্য মুছে যায়।	বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে রমে সংরক্ষিত তথ্য মুছে যায় না।
র‍্যামের তথ্য বা প্রোগ্রামকে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করে পুনরায় সংরক্ষণ করা যায়।	সাধারণত নতুন কিছু সংযোজন সংশোধন বা পরিবর্তন করা যায় না।

খ. **বাইনারি সংখ্যা $(101101)_2$ কে দশমিক সংখ্যায় রূপান্তর করুন।** ০২

উ. $(101101)_2 = (?)_{10}$

101101

$1 \times 2^0 = 1$
$0 \times 2^1 = 0$
$1 \times 2^2 = 4$
$1 \times 2^3 = 8$
$0 \times 2^4 = 16$
$1 \times 2^5 = 32$

61

$\therefore \quad (101101)_2 = (61)_{10}$

গ. **টিকা লিখুন:** ০৮

i. **ফার্মওয়্যার:** সাধারণত কম্পিউটার সিস্টেম তৈরি করার সময় কম্পিউটারের মেমোরিতে যে সকল প্রোগ্রাম স্থায়ীভাবে সংরক্ষণ করে দেয়া হয়, তাকে ফার্মওয়্যার বলে। এ সকল প্রোগ্রাম কম্পিউটার ব্যবহারকারী পরিবর্তন করতে পারে না। এটি বিশেষ ধরনের সফটওয়্যার যা সুনির্দিষ্ট কাজে হার্ডওয়্যারের সাথে যোগাযোগ করে হার্ডওয়্যারকে পরিচালনা করে। ফার্মওয়্যার ও সফটওয়্যারের মধ্যে পার্থক্য হলো ব্যবহারকারী সফটওয়্যার মুছতে পারে কিন্তু ফার্মওয়্যার মুছতে পারে না। ফার্মওয়্যার পড়া যায় কিন্তু পরিবর্তন করা যায় না।

ii. **কম্পাইলার:** কম্পাইলার হলো এমন একটি অনুবাদক যা সোর্স প্রোগ্রামকে একসাথে সম্পূর্ণরূপে মেশিনের ভাষায় অনুবাদ করে একটি অবজেক্ট প্রোগ্রাম তৈরি করে। ভিন্ন ভিন্ন উচ্চতর ভাষার প্রোগ্রামের জন্য ভিন্ন ভিন্ন কম্পাইলার ব্যবহৃত হয়। কারণ কোন নির্দিষ্ট কম্পাইলার একটি মাত্র উচ্চতর ভাষার প্রোগ্রামকে কম্পাইল করতে পারে। যেমন- যে কম্পাইলার COBOL প্রোগ্রামকে কম্পাইল করত পারে সেই কম্পাইলার বেসিক প্রোগ্রামকে কম্পাইল করতে পারে

না। কম্পাইলার অনুবাদ করা ছাড়াও উৎস প্রোগ্রামের গুণাগুণও বিচার করতে পারে।

iii. **কৃত্রিম বুদ্ধিমত্তা:** কৃত্রিম বুদ্ধিমত্তা হচ্ছে বিজ্ঞান এবং প্রযুক্তির সমন্বয়। মানুষ যেভাবে চিন্তা করে তেমনি কৃত্রিম উপায়ে কম্পিউটারে সেভাবে চিন্তা ভাবনার রূপদান করাকে কৃত্রিম বুদ্ধিমত্তা বলে। ১৯৫৬ সালে যুক্তরাষ্ট্রের MIT এর John McCarthy সর্বপ্রথম আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স শব্দটির সাথে পরিচয় করিয়ে দেন। তবে কৃত্রিম বুদ্ধিমত্তার জনক হলেন ব্রিটিশ বিজ্ঞানী ও গণিতবিদ অ্যালান টুরিং (Alan Mathison Turing)। কৃত্রিম বুদ্ধিমত্তায় Java, CLISP, MATLAB, PROLOG, C/C++ ইত্যাদি প্রোগ্রামিং ভাষা ব্যবহার করা হয়। Natural Language Processing (NLP) কৃত্রিম বুদ্ধিমত্তার একটি শাখা যা কম্পিউটারগুলোকে মানুষের ভাষা বোঝার, ব্যাখ্যা ও পরিচালনা করতে সহায়তা করে।

iv. **ওয়াই-ফাই (Wifi):** বৈদ্যুতিক যন্ত্রপাতিগুলোকে তারবিহীন উপায়ে সংযুক্ত করার একটি কৌশল হলো ওয়াই-ফাই। ২১ সেপ্টেম্বর, ১৯৯৮ সালে ভিক্টর ভিক হেইয়েস ওয়াইফাই আবিষ্কার করেন। এটি হলো জনপ্রিয় একটি ওয়্যারলেস নেটওয়ার্কিং প্রযুক্তি যা তারবিহীন উচ্চগতির ইন্টারনেট ও নেটওয়ার্ক সংযোগ সমূহ সরবরাহের জন্য বেতার তরঙ্গকে ব্যবহার করে থাকে। Wi-Fi এর পূর্ণরূপ হলো Wireless Fidelity এবং এর স্ট্যান্ডার্ড হলো IEE802.11।

ঘ. ক্যাশ মেমরি (Cache Memory) কী? এর কাজ লিখুন।

উ. ক্যাশ মেমরি এক ধরনের বিশেষ উচ্চগতির মেমোরিব্যবস্থা। কাজের গতি বৃদ্ধির জন্য প্রসেসর এবং প্রধান মেমোরির মাঝে স্থাপিত অতি উচ্চ গতির ও কম ধারণক্ষমতা সম্পন্ন মেমোরিকে ক্যাশ মেমোরি বলে। কম্পিউটারে ডেটা স্থানান্তরের গতি বৃদ্ধি তথা মাইক্রোপ্রসেসরের প্রক্রিয়াকরণের গতি বৃদ্ধির জন্য ক্যাশ মেমোরি ব্যবহৃত হয়। সিপিইউয়ের কোন নির্দেশ প্রয়োজন হলে প্রথমে ক্যাশ মেমোরি পরীক্ষা করে, সেখানে না পেলে পরে প্রধান মেমোরিতে খোঁজ করে। তাই যেসব নির্দেশ ও ডেটা সবচেয়ে বেশি প্রয়োজন তাদেরকে ক্যাশ মেমোরিতে রাখা হয়।

ঙ. পূর্ণরূপ লিখুন: www.prebd.com ০২

i. GSM-Global System for Mobile Communication.
ii. GIS- Geographic Information System.
iii. GPS- Global Positioning System.
iv. LAN- Local Area Network.

চ. হ্যাকিং কী? কাদের হোয়াইট হ্যাট হ্যাকার বলা হয়? ০২

